# বার্ষিক মানবাধিকার প্রতিবেদন ২০২৫

**প্রকাশক: অধিকার**

প্রকাশকাল: ৪ ফেব্রুয়ারি ২০২৬

# মুখবন্ধ

মানবাধিকার সংগঠন *অধিকার* ১৯৯৪ সালে প্রতিষ্ঠিত হবার পর থেকেই রাষ্ট্র কর্তৃক সংঘটিত মানবাধিকার লঙ্ঘনের ঘটনাগুলো তুলে ধরে জনগণকে সচেতন করার পাশাপাশি আন্তর্জাতিকভাবে স্বীকৃত নাগরিক ও রাজনৈতিক অধিকার এর বিষয়ে প্রচারাভিযান চালানো এবং রাষ্ট্রকে মানবাধিকার লঙ্ঘন থেকে বিরত রাখার জন্য চেষ্টা চালিয়ে যাচ্ছে। *অধিকার* মানবাধিকার লঙ্ঘনের শিকার সকল ব্যক্তির পাশে দাঁড়ায় এবং তাঁদের নিরাপত্তা নিশ্চিত করা ও ন্যায় বিচার প্রতিষ্ঠার জন্য কাজ করে ।

২০২৪ সালের জুলাই গণঅভ্যুত্থানের পর অন্তর্বর্তী সরকারের সময়েও দেশে মানবাধিকার লঙ্ঘনের ঘটনা ঘটেছে। *অধিকার* ২০২৫ সালের বার্ষিক প্রতিবেদনে মানবাধিকার লঙ্ঘনের ঘটনাগুলো তুলে ধরেছে এবং রাষ্ট্রকে এর থেকে বিরত থাকতে সতর্ক করেছে।

*অধিকার* এর সঙ্গে সংশ্লিষ্ট মানবাধিকার কর্মীদের পাঠানো প্রতিবেদন এবং বিভিন্ন সংবাদমাধ্যমে প্রকাশিত তথ্য-উপাত্তের ওপর ভিত্তি করে এই প্রতিবেদনটি তৈরি করা হয়েছে।

# সূচীপত্র


মানবাধিকার লঙ্ঘনের পরিসংখ্যান: জানুয়ারি-ডিসেম্বর ২০২৫ ........ ১
প্রতিবেদনের বিন্যাস ........ ২
প্রতিবেদনের সারসংক্ষেপ ........ ৩
১. সরকার ও মানবাধিকার ........ ৮
ক. রাষ্ট্রীয় প্রতিষ্ঠান এবং সংস্কার ........ ৮
*দুর্নীতি দমন কমিশন* ........ ৮
*জাতীয় মানবাধিকার কমিশন* ........ ৯
*বিচার বিভাগ* ........ ১০
খ . আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল ........ ১০
গ. মানবাধিকার এবং তার লঙ্ঘন ........ ১১
*বিচারবহির্ভুত হত্যাকাণ্ড* ........ ১১
*আইন প্রয়োগকারী সংস্থার সদস্য কর্তৃক নির্যাতন* ........ ১৩
*আইন প্রয়োগকারী সংস্থার মর্যাদাহানিকর আচরণ ও জবাবদিহিতার অভাব* ........ ১৩
*আইন প্রয়োগকারী সংস্থার হেফাজতে মৃত্যু* ........ ১৪
*গুম* ........ ১৫
*মৃত্যুদণ্ডের বিধান ও মানবাধিকার* ........ ১৭
*কারাগারে মানবাধিকার পরিস্থিতি* ........ ১৭
২. জনগণের অধিকারের ওপর আক্রমণ ........ ১৯
ক. হয়রানিমূলক ও মিথ্যা মামলা এবং জুলাই হত্যাকাণ্ডের মামলা প্রত্যাহারের সুপারিশ ........ ২০
*মিথ্যা ও হয়রানিমূলক মামলা* ........ ২০
*আদালত প্রাঙ্গনে অভিযুক্তদের ওপর হামলা* ........ ২১
খ. সভা-সমাবেশে হামলা ........ ২১
গ. মতপ্রকাশের স্বাধীনতা লঙ্ঘন ........ ২৫
*সংবাদ মাধ্যমের স্বাধীনতা* ........ ২৬
ঘ. গণপিটুনী দিয়ে হত্যা ........ ২৯
ঙ. রাজনৈতিক দুর্বৃত্তায়ন ও সহিংসতা ........ ৩০
*রাজনৈতিক দলগুলোর মধ্যে অভ্যন্তরীণ কোন্দল* ........ ৩৬
৩. নারীর প্রতি সহিংসতা ........ ৩৯
ক. ধর্ষণ ........ ৩৯
খ. নারীদের উত্যক্তকরণ/যৌন হয়রানি ........ ৪২
গ. যৌতুক সহিংসতা ........ ৪৩
৪. তৈরি পোশাক শিল্পের শ্রমিকদের অবস্থা ........ ৪৪
৫. ধর্মীয় সংখ্যালঘু ও ক্ষুদ্র জাতিগোষ্ঠি ........ ৪৭
৬. বাংলাদেশ-ভারত ........ ৪৮
ক. ভারত সরকারের আগ্রাসী নীতি এবং বাংলাদেশ-ভারত সীমান্তে মানবাধিকার লঙ্ঘন ........ ৪৮
খ. জোরপূর্বক বাস্তুচ্যুতি ........ ৫১
গ. অন্যান্য উদ্বেগজনক বিষয়াবলী ........ ৫১
৭. সুপারিশসমূহ: ........ ৫৩
৮. সংযুক্তি ........ ৫৪
ক. অন্তর্বতী সরকারের আমলে মানবাধিকার লংঘনের পরিসংখ্যান ........ ৫৪
খ. আওয়ামীলীগ সরকারের আমলে মানবাধিকার লংঘনের পরিসংখ্যান ........ ৫৫

# মানবাধিকার লঙ্ঘনের পরিসংখ্যান: জানুয়ারি-ডিসেম্বর ২০২৫

মানবাধিকার লঙ্ঘনের পরিসংখ্যান : জানুয়ারি - ডিসেম্বর ২০২৫*

| মানবাধিকার লঙ্ঘনের ধরন | | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল | মে | জুন | জুলাই | আগস্ট | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| বিচারবহির্ভূত হত্যাকাণ্ড | নির্যাতনে মৃত্যু | ১ | ০ | ১ | ০ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ২ | ১ | ১১ |
| | গুলিতে নিহত | ১ | ৩ | ০ | ১ | ২ | ২ | ৫ | ০ | ১ | ১ | ০ | ০ | ১৬ |
| | পিটিয়ে হত্যা | ৩ | ০ | ০ | ০ | ১ | ০ | ০ | ২ | ০ | ০ | ০ | ০ | ৬ |
| | **মোট** | **৫** | **৩** | **১** | **১** | **৪** | **৩** | **৬** | **৩** | **২** | **২** | **২** | **১** | **৩৩** |
| কারাগারে মৃত্যু | | ৬ | ৬ | ৭ | ১২ | ৫ | ৫ | ১১ | ১১ | ৫ | ১১ | ১৪ | ৯ | ১০২ |
| মৃত্যুদণ্ডাদেশ | | ৭ | ১১ | ৬ | ১৪ | ৪২ | ৬ | ৪৬ | ৩১ | ৫ | ২৯ | ২৩ | ৩ | ২২৩ |
| বিএসএফ কর্তৃক মানবাধিকার লঙ্ঘন | বাংলাদেশী নিহত | ২ | ৩ | ১ | ৫ | ৩ | ১ | ৬ | ৪ | ০ | ০ | ৩ | ৪ | ৩২ |
| | বাংলাদেশী আহত | ৩ | ৫ | ১ | ১ | ৪ | ০ | ৪ | ৮ | ২ | ০ | ৪ | ২ | ৩৪ |
| | পুশ ইন | ০ | ০ | ০ | ০ | ১১৩৬ | ৬৫৩ | ৩১৫ | ১৩৮ | ৯১ | ১১ | ০ | ৮১ | ২৪২৫ |
| | **মোট** | **৫** | **৮** | **২** | **৬** | **১১৪৩** | **৬৫৪** | **৩২৫** | **১৫০** | **৯৩** | **১১** | **৭** | **৮৭** | **২৪৯১** |
| সাংবাদিকদের ওপর আক্রমণ | আহত | ৭ | ২০ | ২০ | ৫ | ২৩ | ২ | ৬ | ১৬ | ১২ | ১৬ | ১৯ | ১ | ১৪৭ |
| | নিহত | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ১ | ০ | ১ | ০ | ০ | ২ |
| | লাঞ্ছিত | ৪ | ১ | ৫ | ৩ | ৩ | ১০ | ১ | ০ | ১০ | ১৩ | ২ | ৩২ | ৮৪ |
| | আক্রমণ | ০ | ১ | ০ | ০ | ০ | ১ | ০ | ০ | ০ | ০ | ০ | ৫ | ৭ |
| | হুমকি | ০ | ৩ | ২ | ৯ | ২ | ০ | ৩ | ২ | ৪ | ৫ | ৫ | ১ | ৩৬ |
| | মামলা | ০ | ০ | ৩ | ৫ | ০ | ২ | ৫ | ৭ | ৮ | ১ | ১২ | ১ | ৪৪ |
| | **মোট** | **১১** | **২৫** | **৩০** | **২২** | **২৮** | **১৫** | **১৫** | **২৬** | **৩৪** | **৩৬** | **৩৮** | **৪০** | **৩২০** |
| রাজনৈতিক সহিংসতা | নিহত | ১৪ | ১৩ | ৪৪ | ৩১ | ২২ | ২১ | ১৯ | ১২ | ১৫ | ১৮ | ১৮ | ১১ | ২৩৮ |
| | আহত | ৪৭০ | ৬৩২ | ৯০০ | ৭৬৭ | ৪২৫ | ৪৮৯ | ৫৭৯ | ৬৫৮ | ৩০০ | ৪৮০ | ৭২০ | ২৮৪ | ৬৭০৪ |
| | **মোট** | **৪৮৪** | **৬৪৫** | **৯৪৪** | **৭৯৮** | **৪৪৭** | **৫১০** | **৫৯৮** | **৬৭০** | **৩১৫** | **৪৯৮** | **৭৩৮** | **২৯৫** | **৬৯৪২** |
| নির্বাচনী সহিংসতা** | নিহত | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ২ | ২ |
| | আহত | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ২৫ | ২৫ |
| | **মোট** | **০** | **০** | **০** | **০** | **০** | **০** | **০** | **০** | **০** | **০** | **০** | **২৭** | **২৭** |
| নারীর ওপর যৌতুক সহিংসতা | নিহত | ১ | ৫ | ২ | ৩ | ৩ | ৭ | ২ | ২ | ২ | ৪ | ৪ | ২ | ৩৭ |
| | শারিরীক সহিংসতা | ১ | ১ | ৪ | ৩ | ১ | ৬ | ৩ | ২ | ০ | ৫ | ১ | ০ | ২৭ |
| | আত্মহত্যা | ০ | ০ | ১ | ০ | ০ | ০ | ০ | ০ | ১ | ০ | ১ | ০ | ৩ |
| | **মোট** | **২** | **৬** | **৭** | **৬** | **৪** | **১৩** | **৫** | **৪** | **৩** | **৯** | **৬** | **২** | **৬৭** |
| ধর্ষণ | মেয়ে শিশু (১৮ বছরের নিচে) | ২৪ | ৩৯ | ১০১ | ৫৩ | ২৮ | ৩০ | ৪৪ | ৪১ | ৩৫ | ৭০ | ২৪ | ১৯ | ৫০৮ |
| | প্রাপ্ত বয়স্ক নারী | ৬ | ১২ | ৪৫ | ৩১ | ২৬ | ৩৪ | ২৬ | ৩৪ | ২৬ | ৩৭ | ১৭ | ৮ | ৩০২ |
| | বয়স জানা যায়নি | ১৮ | ১৪ | ২১ | ৮ | ৭ | ৭ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৭৫ |
| | **মোট** | **৪৮** | **৬৫** | **১৬৭** | **৯২** | **৬১** | **৭১** | **৭০** | **৭৫** | **৬১** | **১০৭** | **৪১** | **২৭** | **৮৮৫** |
| স্টকিং | | ০ | ৪ | ১০ | ৭ | ৭ | ২ | ৫ | ১ | ২ | ৩ | ১ | ১ | ৪৩ |
| গণপিটুনীতে মৃত্যু | | ৬ | ১৩ | ১৪ | ৭ | ৮ | ৪ | ১১ | ১৫ | ১৯ | ৮ | ১৩ | ৭ | ১২৫ |

* অধিকার ডকুমেন্টেশন

**১১ ডিসেম্বর ২০২৫ এ নির্বাচনী তফসিল ঘোষনার পর থেকেই রাজনৈতিক সহিংসতার ঘটনাগুলো নির্বাচনি সহিংসতা হিসেবে চিহ্নিত করা হয়েছে।

# প্রতিবেদনের বিন্যাস

২০২৫ সালে *অধিকার* এর বার্ষিক মানবাধিকার প্রতিবেদনটিকে কয়েকটি অংশে বিন্যাস করা হয়েছে। প্রথম অংশে নাগরিক ও রাজনৈতিক অধিকার সংক্রান্ত সেসব বিষয়ে আলোকপাত করা হয়েছে যেসব বিষয়ে সুরক্ষার দায়িত্ব নির্বাহী বিভাগ, বিচার বিভাগ ও আইনসভা (যা বর্তমানে ভেঙ্গে যাওয়া অবস্থায় রয়েছে) - রাষ্ট্রের এ তিনটি প্রধান অঙ্গপ্রতিষ্ঠানের ওপর ন্যস্ত। এইসব অধিকারের মধ্যে রয়েছে ন্যায্য বিচারপ্রাপ্তির অধিকার, জীবনের অধিকার, মর্যাদার অধিকার এবং নির্যাতন ও অবমাননাকর আচরণ থেকে মুক্ত থাকার অধিকার।

প্রতিবেদনটির দ্বিতীয় অংশে এমন সব ঘটনার বিবরণ তুলে ধরা হয়েছে, যেখানে অধিকার ভোগের পথে বাধার সৃষ্টি হয়েছে অথবা এমন সব হামলা সংঘটিত হয়েছে, যেখানে রাষ্ট্রীয় কর্তৃপক্ষের সরাসরি কোন সম্পৃক্ততা ছিল না। এই ধরনের ঘটনার উদাহরণ হিসেবে উচ্ছৃঙ্খল জনতা কর্তৃক সংঘটিত সহিংসতা, রাজনৈতিক সহিংসতা, প্রতিদ্বন্দ্বী গোষ্ঠী কর্তৃক জনসমাবেশ ও সভায় হামলা এবং সাংবাদিকদের ওপর আক্রমণের বিষয়গুলো তুলে ধরা হয়েছে।

তৃতীয় অংশে নারীদের ওপর সহিংসতার বিষয়ে আলোকপাত করা হয়েছে। পরবর্তী দুটি আলাদা অংশে শ্রমজীবী মানুষ এবং সংখ্যালঘু সম্প্রদায়ের নাগরিকদের অধিকার-সংক্রান্ত বিষয়গুলো নিয়ে আলোচনা করা হয়েছে। সুপারিশসমূহ উপস্থাপনের আগে প্রতিবেদনটিতে বাংলাদেশ-ভারত সীমান্ত সংক্রান্ত একটি অতি সংবেদনশীল অধ্যায় সংযুক্ত করা হয়েছে।

# প্রতিবেদনের সারসংক্ষেপ

১. ২০২৫ সাল ছিল অত্যন্ত গুরুত্বপূর্ণ বছর। ২০২৪ সালে জুলাই অগাস্টের গণঅভ্যুত্থানের পর শেখ হাসিনা ভারতে পালিয়ে গেলে ৮ অগাস্ট অন্তর্বর্তী সরকার গঠিত হয়। এই সরকারের অন্যতম দায়িত্ব হলো বিচার ও সংস্কারের সঙ্গে নিরপেক্ষ ও সুষ্ঠু জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত করা। ২০২৫ সালের ১১ ডিসেম্বর নির্বাচন কমিশন ২০২৬ সালের ১২ ফেব্রুয়ারী গণভোট ও ত্রয়োদশ জাতীয় সংসদের নির্বাচনের তফসিল ঘোষণা করে। কর্তৃত্ববাদী শেখ হাসিনার সরকারের আমলে প্রতিটি নির্বাচন ছিল বিতর্কিত ও প্রহসনমূলক। ফলে বাংলাদেশের জনগণের জন্য এই নির্বাচনটি হচ্ছে বহুল প্রতীক্ষিত নির্বাচন। কিন্তু নির্বাচনের তফসিল ঘোষনার এক দিন পরেই নির্বাচনে প্রার্থী শরিফ ওসমান হাদিকে গুলি করে হত্যাকারীরা ভারতে পালিয়ে যায় বলে অভিযোগ রয়েছে (ওসমান হাদী ১৮ ডিসেম্বর সিঙ্গাপুরে চিকিৎসাধীন অবস্থায় মারা যান)। উল্লেখ্য যে বাংলাদেশে নির্বিচারে হত্যার দায়ে সাজাপ্রাপ্ত শেখ হাসিনাসহ তার সরকারের অন্যান্য অভিযুক্তরা ভারতে পালিয়ে যেয়ে সেখান থেকে বাংলাদেশের বিরুদ্ধে বিভিন্ন ধরনের অপতৎপরতা চালাচ্ছে এবং বাংলাদেশে অবস্থানকারী তাদের সমর্থক ও অনুসারীদের উসকানী দিচ্ছে। এই বিষয়ে ভারত সরকারের দেয়া বক্তব্যের ধরণ থেকে এমন ধারণার সৃষ্টি হয় যে, হাসিনাকে এইভাবে কাজ করার সুযোগ দেয়ার ক্ষেত্রে ভারতীয় কর্তৃপক্ষের সম্মতি রয়েছে। অন্য দিকে ২০২৫ সালে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ এর হত্যা, নির্যাতন ও নিপীড়ন সমস্ত সীমা অতিক্রম করেছে এবং ভারত থেকে অবৈধভাবে ২৫০০ এর বেশী মুসলমান ও বাংলা ভাষী মানুষকে বাংলাদেশের মধ্যে পুশইন করেছে যাঁদের মধ্যে অনেকেই রয়েছেন ভারতীয় নাগরিক ও রোহিঙ্গা শরনার্থী।

২. বাংলাদেশের রাজনৈতিক প্রেক্ষাপটে সবসময়ই দুর্বৃত্তায়ন, সহিংসতা, চাঁদাবাজি ও অভ্যন্তরিন কোন্দল বিরাজমান ছিল। ২০২৪ সালের গণঅভ্যুত্থানের পর আশা করা হয়েছিল যে, এই রাজনৈতিক অপসংস্কৃতির পরিবর্তন ঘটবে। কিন্তু দুঃখজনকভাবে তার কোন পরিবর্তনই দেখা যায়নি। ফলে ২০২৫ সাল জুড়েই এই ধরনের ভয়াবহ অপসংস্কৃতির ফলে অনেকগুলো হতাহতের ঘটনা ঘটে।

৩. এই সময়ে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)[১] ও এর অঙ্গ সংগঠন[২], জামায়াতে ইসলামী[৩] এবং বৈষম্যবিরোধী ছাত্র সমন্বয়কদের[৪] বিরুদ্ধে চাঁদাবাজির অভিযোগ পাওয়া যায়। বিএনপি'র নেতা-কর্মীদের সঙ্গে জামায়াতে ইসলামী[৫], এনসিপি[৬], বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন[৭], বিজেপি[৮] গণঅধিকার পরিষদ[৯] ও

---

[১] যুগান্তর ১২ জানুয়ারি ২০২৫; https://epaper.jugantor.com/storage/2025-01-12/12/link_img_second_ed_1736650948_5.jpg

[২] সমকাল ১০ জানুয়ারি ২০২৫; https://samakal.com/whole-country/article/274670/

[৩] আমার দেশ ১৩ মার্চ ২০২৫; https://eamardesh.com/2025-03-13

[৪] সমন্বয়ক পরিচয়ে সাবেক এমপির বাসায় চাঁদাবাজির অভিযোগ, যুগান্তর ২৭ জুলাই ২০২৫; https://www.jugantor.com/todays-paper/983003,o; খুলনায় চাঁদাবাজির অভেযোগে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক দুই নেতা গ্রেপ্তার, মানবজমিন ১৫ অক্টোবর ২০২৫; https://mzamin.com/news.php?news=184715

[৫] মানবজমিন ৭ জানুয়ারি ২০২৫; https://mzamin.com/news.php?news=143019 বিএনপি-জামায়াত পাল্টাপাল্টি হামলা, আহত ৭, সমকাল ২৫ মে ২০২৫; https://samakal.com/index.php/whole-country/article/297389/ নোয়াখালীতে জামায়াত বিএনপি'র রক্ষক্ষয়ী সংঘর্ষ, আহত ৪২, মানবজমিন ২০ অক্টোবর ২০২৫; https://mzamin.com/news.php?news=185579

[৬] রূপনগরে তুচ্ছ ঘটনার জেরে বিএনপি-এনসিপি সংঘর্ষ, সমকাল ১৬ এপ্রিল ২০২৫; https://samakal.com/bangladesh/article/290455/

[৭] বৈষম্যবিরোধী ছাত্র ও বিএনপি কর্মীদের সংঘর্ষ, আহত ১০, যুগান্তর ১৬ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/tp-second-edition/941774

[৮] ভোলায় বিএনপি ও বিজেপি নেতাকর্মীর সংঘর্ষ, আহত ৫০, সমকাল ২ নভেম্বর ২০২৫; https://samakal.com/whole-country/article/323238/

[৯] গলাচিপায় বিএনপি ও গণঅধিকার পরিষদের সংঘর্ষে আহত ৩১, আমার দেশ ৮ নভেম্বর ২০২৫; https://www.dailyamardesh.com/bangladesh/barisal/amdesuugam1c2

আওয়ামী লীগের নেতা-কর্মীদের[১০] এবং গণঅধিকার পরিষদের নেতা-কর্মীদের সঙ্গে জাতীয় পার্টির[১১], ছাত্রদলের নেতাকর্মীদের সঙ্গে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতা-কর্মীদের সংঘর্ষের ঘটনা ঘটেছে।[১২]

৪. ২০২৫ সালে পার্বত্য চট্টগ্রামের পরিস্থিতি ছিল উদ্বেগজনক। গত ২৭ জুলাই খাগড়াছড়ি জেলার দীঘিনালায় ক্ষুদ্র জাতিগোষ্ঠির দুই রাজনৈতিক সংগঠন জেএসএস ও ইউপিডিএফর মধ্যে সংঘর্ষে ৪ জন নিহত হন।[১৩] গত ২৩ সেপ্টেম্বর খাগড়াছড়ি সদরে এক মারমা কিশোরীর ধর্ষণের শিকার হওয়ার অভিযোগকে কেন্দ্র করে জুম্ম ছাত্র-জনতা ব্যানারে সমাবেশ থেকে নিরাপত্তা বাহিনীর গাড়িবহরে হামলা চালানো হয়।[১৪]

৫. ২০২৫ সালে আইন প্রয়োগকারী সংস্থা ও নিরাপত্তা বাহিনীর সদস্যদের বিরুদ্ধে নির্যাতন ও বিচারবহির্ভূত হত্যার অভিযোগ পাওয়া গেছে। নির্যাতনের বিষয়ে দীর্ঘদিন ধরে দায়মুক্তির সংস্কৃতি চালু থাকা এবং নির্যাতন ও হেফাজতে মৃত্যু (নিবারণ) আইন ২০১৩ এর বাস্তবায়ন না হওয়ার কারণে বিভিন্ন আইন প্রয়োগকারী সংস্থার হেফাজতে নির্যাতন ও অমানবিক আচরণের ঘটনাগুলো ঘটেছে। ২০২৫ সালের ১৭ জুলাই অন্তর্বর্তীকালিন সরকার কনভেনশন এগেইনস্ট টর্চার-এর অপশোনাল প্রোটোকল অনুমোদন করে। এর ফলশ্রুতিতে বন্দি ও আটককৃতদের সুরক্ষা দেবার জন্য জাতীয় প্রতিরোধমূলক ব্যবস্থা হিসেবে জাতীয় মানবাধিকার কমিশন আইনে সংশোধনী এনে এই কমিশনকেই জাতীয় প্রতিরোধমূলক ব্যবস্থা হিসেবে নির্দিষ্ট করা হয়েছে।[১৫]

৬. শেখ হাসিনার সাড়ে ১৫ বছরের শাসনকালে ১ হাজার ৫৬৯ টি গুমের ঘটনার বিষয় নিশ্চিত হয়ে গুম সংক্রান্ত তদন্ত কমিশন এটি তাদের চূড়ান্ত প্রতিবেদনে উল্লেখ করেছে। এরমধ্যে ২৫১ জন এখনো নিখোঁজ রয়েছেন। এর বাইরে জোরপূর্বক গুম হয়ে যাওয়া আরও ৩৬ জনের মরদেহ উদ্ধার করা হয়েছে।[১৬] অর্ন্তবর্তী সরকারের শাসনামলে গুমের কোন ঘটনা ঘটার খবর জানা যায়নি। গত ১ ডিসেম্বর গুমের অপরাধে জড়িত ব্যক্তিদের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড রেখে 'গুম প্রতিরোধ ও প্রতিকার অধ্যাদেশ ২০২৫' জারি করেন রাষ্ট্রপতি।[১৭]

৭. ২০২৫ সালে সংবাদপত্র অফিসে হামলা, ভাঙচুর ও সাংবাদিককে হত্যাসহ বিভিন্ন ধরনের সহিংসতার ঘটনা ঘটেছে।

৮. ২০২৫ সালে রাজনৈতিক দল ও বিভিন্ন দাবি-দাওয়া নিয়ে আন্দোলনকারী বিভিন্ন সংগঠনের শান্তিপূর্ণ সভা-সমাবেশ ও মিছিলে পুলিশ বাধা দিয়েছে, ছাত্র-জনতার ব্যানারে, শাহবাগবিরোধী ঐক্যের ব্যানারে[১৮] এবং বিএনপির নেতা-কর্মীরা অন্য রাজনৈতিক দলের ওপর এই সময়কালে হামলা করেছে। কার্যক্রম নিষিদ্ধ

---

[১০] সমকাল ২২ মার্চ ২০২৫; https://samakal.com/bangladesh/article/286687/

[১১] প্রথম আলো ৩০ আগস্ট ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/capital/bzzot2wrpk

[১২] প্রথম আলো ১৯ ফেব্রুয়ারি ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/fisxgu0xa4

[১৩] দীঘিনালায় জেএসএস ও ইউপিডিএফের মধ্যে গোলাগুলি, সমকাল ২৬ জুলাই ২০২৫; https://samakal.com/whole-country/article/307361/

[১৪] খাগড়াছড়িতে নিরাপত্তা বাহিনীর গাড়িতে হামলা, যুগান্তর ২৭ সেপ্টেম্বর ২০২৫; https://www.jugantor.com/tp-lastpage/1008595

[১৫] গ্যাজেট, জাতীয় মানবাধিকার অধ্যাদেশ, http://bdlaws.minlaw.gov.bd/upload/act/2025-12-09-13-18-35-Ordinance-No.-74-of-2025.pdf

[১৬] https://coied.portal.gov.bd/pages/publications/final-report-69662bc77746b8be8ee26287, জোরপূর্বক জবানবন্দি আদায়ে পুলিশের সঙ্গী ম্যাজিস্ট্রেটরাও, আমার দেশ ২৭ অগাস্ট ২০২৫; https://www.dailyamardesh.com/amar-desh-special/amdqdtjk3f5qn

[১৭] গুমের জড়িতদের মৃত্যুদণ্ডও হতে পারে, প্রথম আলো ২ ডিসেম্বর ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/4k2w1fiwwx

[১৮] রাবিতে বাম ছাত্র জোটের মিছিলে হামলা, আহত ৫, যুগান্তর ২৮ মে ২০২৫; https://www.jugantor.com/campus/959317; Several injured as leftist, Shibir-linked groups clash at RU after Azharul acquittal; https://www.dhakatribune.com/bangladesh/nation/382441/several-injured-as-leftist-shibir-linked-groups

আওয়ামী লীগের নেতা-কর্মীরা এনসিপির সমাবেশে এবং বিএনপির অন্তর্দলীয় কোন্দলের কারণে নিজ দলীয় নেতা-কর্মীদের মিছিলেও হামলার ঘটনা ঘটেছে।[১৯]

৯. কর্তৃত্ববাদী হাসিনার শাসনামল থেকে এই সময়কালে নাগরিকরা অনেক বেশী মতপ্রকাশের স্বাধীনতা ভোগ করেছেন। ২০২৪ সালে আওয়ামী লীগ সরকারের পতনের পর থেকে অরাষ্ট্রীয় শক্তিগুলোর তৎপরতায় অনলাইনে বিভিন্ন ধরনের মিথ্যা এবং বিভ্রান্তিমূলক তথ্যগুলো আরো ব্যাপকতা লাভ করে। আওয়ামী লীগের নেতা-কর্মী এবং উগ্র ধর্মীয় গোষ্ঠী কর্তৃক এই সময়কালে মিথ্যা ও বিকৃত প্রচারনা চালানো হয়েছে। এই সময়ে অনলাইনে নারীদের বিরুদ্ধেও ব্যাপক মানহানীকর বিকৃত প্রচারনা চালানো হয়েছে।

১০. শেখ হাসিনা সরকারের সাড়ে ১৫ বছরের শাসনামলে সংঘটিত গুম, বিচারবহির্ভূত হত্যাকাণ্ড, বিডিআর হত্যাকাণ্ড, শাপলা চত্বর হত্যাকাণ্ড. নিরাপদ সড়ক আন্দোলনে শিক্ষার্থীদের ওপর দমন অভিযান ও জুলাই হত্যাযজ্ঞসহ অন্যান্য মানবতাবিরোধী অপরাধের ঘটনা ঘটেছে। ২০২৫ সালে মানবতাবিরোধী অপরাধ গুম, জুলাই হত্যাকাণ্ডে হাসিনাসহ তার অনুগত সামরিকবাহিনীর সদস্য, পুলিশ এবং রাজনৈতিক ব্যক্তিদের বিচার প্রক্রিয়া চলমান ছিল। জুলাই গণঅন্দোলন চলাকালে সংঘটিত হত্যাযজ্ঞ ও মানবতাবিরোধী অপরাধের দায়ে শেখ হাসিনা এবং আসাদুজ্জামান খান কামালকে ২০২৫ সালের ১৭ নভেম্বর ফাঁসিতে ঝুলিয়ে মৃত্যুদণ্ড কার্যকর করার আদেশ দেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১। এই সময় অভিযুক্ত সামরিক বাহিনীর কর্মকর্তাদের ক্যান্টমেন্টে অবস্থিত বিশেষ সাব জেলে রাখা হয় এবং শীতাতাপ নিয়ন্ত্রিত এসি ভ্যানে করে ট্রাইব্যুনালে হাজির করা হয়। ভুক্তভোগী পরিবারের সদস্যরা এবং মানবাধিকার কর্মীরা মনে করেন যে, উল্লেখিত অভিযুক্ত সেনা কর্মকর্তাদের বিশেষ সুবিধা দেয়া হচ্ছে, যা অন্য মানবতাবিরোধী অপরাধে অভিযুক্তদের প্রতি বৈষম্যমূলক।

১১. ২০২৫ সালেও কারাগারগুলোতে ধারণক্ষমতার চেয়ে অনেক বেশি বন্দি ছিল। কারাগারগুলোতে দৈনিক খাবারে প্রয়োজনীয় পুষ্টির চেয়ে অনেক কম পেয়েছেন বন্দিরা। এছাড়া চাহিদার থেকে কম এবং নিম্নমানের খাবার দেয়া হয়েছে বন্দিদের। এর ফলে দুর্বলতাসহ নানা রোগে আক্রান্ত হয়েছেন তাঁরা।[২০] এছাড়া কারাগারগুলোতে অনেক মাদকাসক্ত বন্দি রয়েছেন। তাঁদের যথাযথ চিকিৎসা দেবার ব্যবস্থা নেই সাধারণ কারাগারে। মাদকাসক্ত বন্দিদের জন্য বাংলাদেশে কোন বিশেষায়িত কারাগার নেই।[২১]

১২. ২০২৫ সালে উচ্ছৃঙ্খল জনতা কর্তৃক দলবদ্ধভাবে বিশৃংখলা ও সহিংসতা সৃষ্টি করে আইন নিজের হাতে তুলে নেয়ার প্রবণতা লক্ষ্য করা গেছে। এই সময়ে গণপিটুনী দিয়ে মানুষ হত্যার অধিকাংশ ঘটনাই ঘটেছে চোর সন্দেহে। এই সময়ে মানসিক প্রতিবন্ধী ব্যক্তি ও কিশোররাও এই সহিংসতা থেকে রক্ষা পাননি।

১৩. ২০২৪ এর জুলাই গণঅভ্যূত্থানের পর সারা বাংলাদেশে হত্যা ও হত্যাচেষ্টার অনেকগুলো মামলা দায়ের করা হয়। এই মামলা দায়ের ২০২৫ সালেও অব্যাহত ছিল। বেশীর ভাগ মামলার এজাহারে প্রকৃত আসামি এবং আওয়ামী লীগের নেতা-কর্মীদের পাশাপাশি আওয়ামী লীগ আমলে রাজনৈতিক কারণে গায়েবী মামলার শিকার হওয়া ব্যাক্তিদের, বিএনপি'র নেতা-কর্মী, অরাজনৈতিক ব্যক্তি, ব্যবসায়ী, পেশাজীবী, অন্যত্র থাকা মানুষ, মৃত ও প্রবাসীসহ বিভিন্ন পেশার ব্যাক্তিদের হয়রানিমূলকভাবে আসামি করা হয়েছে।[২২] অনেক

---

[১৯] কালিয়াকৈর বিএনপির দুই পক্ষের সংঘষের্র ঘটনায় মামলা, এক নেতা গ্রেপ্তার, প্রথম আলো, ১৬ জুন ২০২৫;
https://www.prothomalo.com/bangladesh/district/w0f2qgcx9l

[২০] ৮৫ হাজার কারাবন্দি ভুগছে পুষ্টি সংকটে, যুগান্তর ২৪ অগাষ্ট ২০২৫; https://www.jugantor.com/tp-lastpage/994107

[২১] হাসপাতালে নেওয়ার পথে ৫ বছরে ২৭৫ বন্দির মৃত্যু, প্রথম আলো ১০ নভেম্বর ২০২৫;
https://www.prothomalo.com/bangladesh/3npkkglvnz

[২২] ঢালাও আসামীর নেপথ্যে বাণিজ্য, বিদ্বেষ, দ্বন্দ্ব, প্রথম আলো ২৭ এপ্রিল ২০২৫;
https://www.prothomalo.com/bangladesh/crime/lqdc4cooo5

ক্ষেত্রেই সম্পত্তি হাতিয়ে নেয়ার উদ্দেশ্যে[২৩], সম্পত্তি নিয়ে বিরোধের জেরে[২৪] পূর্বশত্রুতা, বিরোধ, ব্যবসায়িক দ্বন্দ্ব ও অবৈধ বাণিজ্যের উদ্দেশ্য থেকে এইসব মামলাগুলোর তদন্ত চলা অবস্থায় বাদী ও আইনপ্রয়োগকারী সংস্থার সদস্যরা অর্থ আদায়ের[২৫] জন্য যে কাউকে আসামি করেছেন বলে অভিযোগ রয়েছে। যদিও এগুলো নতুন কিছু নয়, তবে দুঃখজনক যে, এখনও এই সব ঘটনা ঘটে চলেছে। এমনও মামলা রয়েছে যার মধ্যে এজাহারভুক্ত আসামীর সংখ্যা ৭৩৫।[২৬] এ ছাড়াও আওয়ামী লীগ সরকারের সময়ে বিরোধী দলের নেতা-কর্মী ও ভিন্নমতাবলম্বীদের বিরুদ্ধে দায়ের করা হয়রানীমূলক মামলা প্রত্যাহারের তালিকায় ২০২৪ এর জুলাই অভ্যুত্থানের সময় সংঘটিত হত্যাকাণ্ডের মামলাও অন্তর্ভুক্ত করা হয়েছে।[২৭]

১৪. জুলাই গণআন্দোলনের সময় সংঘটিত বিভিন্ন ঘটনায় দায়ের করা মামলায় পতিত হাসিনা সরকারের যে সমস্ত সংসদ সদস্য ও মন্ত্রী গ্রেফতার হয়েছেন তাদের কয়েকজনের ওপর ২০২৫ সালেও আদালত প্রাঙ্গনে ও আদালতের এজলাসে[২৮] বিএনপিপন্থী আইনজীবীসহ বিক্ষুব্ধ জনতা কর্তৃক হামলা হয়েছে।[২৯] এছাড়া জামিনে মুক্ত হওয়ার পরও অনেকে লাঞ্ছিত ও মারধরের শিকার হয়েছেন।[৩০]

১৫. ২০২৫ সালে সারা দেশে নারীর প্রতি সহিংসতার ঘটনা ঘটেছে। এই সময়ে নারীরা ধর্ষণ, যৌন হয়রানী, যৌতুক সহিংসতার শিকার হয়েছেন।

১৬. ২০২৫ সালে তৈরি পোশাক শিল্প শ্রমিকদের অসন্তোষ[৩১] অব্যাহত ছিল। এই সময়ে বেতন বৃদ্ধি, বকেয়া বেতন পরিশোধ ও কারখানা খুলে দেয়াসহ বিভিন্ন দাবিতে এবং শ্রমিক ছাঁটাই[৩২] ও শ্রমিককে মারধর[৩৩] করার প্রতিবাদে শ্রমিকরা বিক্ষোভ-সমাবেশ ও রাস্তা অবরোধ করেন। এই সময়ে কর্তৃপক্ষের অন্যায় ও অমানবিক আচরণের জন্য দুই জন শ্রমিক আত্মহত্যা করেন। বকেয়া বেতন-বোনাসের দাবিতে কর্মসূচী পালনের সময় অসুস্থ হয়ে এক গার্মেন্টস্ শ্রমিকের মৃত্যু হয়।[৩৪]

১৭. ২০২৫ সালে দেশের বিভিন্ন জায়গায় ধর্মীয় সংখ্যালঘু, ধর্মীয় ব্যাপারে ভিন্নমতাবলম্বী এবং ক্ষুদ্র জাতিগোষ্ঠির মানবাধিকার লঙ্ঘিত হয়েছে। এই সময়ে তাঁদের কার্যক্রমে বাধা, হুমকি এবং হামলা ও ভাঙচুরের ঘটনা ঘটেছে। কিছু কিছু ক্ষেত্রে ধর্মীয় উগ্রবাদী ও রাজনৈতিকভাবে প্রভাবশালী ব্যক্তিরা জুলুম করেছে।

---

[২৩] বৈষম্যবিরোধী ছাত্র হত্যা মামলায় জেল খাটছেন ৬৭ বছর বয়সী নারী, মানবজমিন ২৪ অগাস্ট ২০২৫; https://mzamin.com/news.php?news=176902

[২৪] সাভারে ব্যবসায়ীকে বৈষম্যবিরোধী হত্যা মামলায় ফাঁসানোর অভিযোগ, আমার দেশ ২৬ অগাস্ট ২০২৫; https://images.dailyamardesh.com/cropped-images/image_sl3_row2_date_26-08-2025_edition_2_page2_975396_954709_updated_watermarked_3ffed38a-2f1c-4e81-935e-81cfe4b66837.jpg

[২৫] ধামরাইয়ে টাকার বিনিময়ে ব্যবসায়ীকে ফাঁসালেন ওসি, যুগান্তর ৭ অগাস্ট ২০২৫; https://www.jugantor.com/tp-second-edition/987295

[২৬] বাতিঘরের দীপঙ্করকে জিজ্ঞাসাবাদ পুলিশের, মানবজমিন, ২৯ জুন ২০২৫; https://mzamin.com/news.php?news=168107

[২৭] জুলাই শহীদ শিহাব হত্যা মামলা প্রত্যাহারে মন্ত্রণালয়ে সুপারিশ, মানবজমিন ৩ অক্টোবর ২০২৫; https://mzamin.com/news.php?news=182905

[২৮] নারায়নগঞ্জের আদালতে সাবেক আইনমন্ত্রী আনিসুলহককে কিলঘুষি, প্রথম আলো, ২৮ এপ্রিল ২০২; https://www.prothomalo.com/bangladesh/district/d15xsei4pm# ; Ex-law minister Anisul Huq assaulted at Narayanganj court, https://en.prothomalo.com/bangladesh/local-news/drqphgpyo8

[২৯] আদালত প্রাঙ্গণে মমতাজ ও শম্ভুর ওপর ডিম নিক্ষেপ, সমকাল ২৩ মে ২০২৫; https://www.jugantor.com/tp-city/957177

[৩০] জামিনে মুক্তির পর সাবেক এমপিকে হেনস্তা-মারধর, সমকাল ৯ এপ্রিল ২০২৫; https://samakal.com/whole-country/article/289225/

[৩১] মানবজমিন ৬ জানুয়ারি ২০২৫; https://mzamin.com/news.php?news=142849

[৩২] শ্রমিক ছাঁটাইয়ের প্রতিবাদে মহাসড়ক অবরোধ, প্রথম আলো ২৪ এপ্রিল ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/d682e27qk7, গাজীপুরে শ্রমিক ছাঁটাইয়ের প্রতিবাদে বিক্ষোভ, যুগান্তর ১৫ সেপ্টেম্বর ২০২৫; https://epaper.jugantor.com/storage/2025-09-15/12/link_img_second_ed_1757895994_8.jpg

[৩৩] শ্রমিক বিক্ষোভে মহাসড়ক অবরোধ, বাংলাদেশ জার্নাল, ২৬ এপ্রিল ২০২৫; https://www.bd-journal.com/bangladesh/287883/

[৩৪] মানবজমিন ২৪ মার্চ ২০২৫; https://mzamin.com/news.php?news=153807

১৮.শেখ হাসিনা সরকারের আমলে সকল রাষ্ট্রীয় প্রতিষ্ঠান নিয়ন্ত্রণ করে অকার্যকর করে ফেলা হয়। হাসিনা সরকারের পতনের পর গঠিত অর্ন্তবর্তী সরকার রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোকে কার্যকর করার লক্ষ্যে **১১টি**[৩৫] কমিশন গঠন করে[৩৬] এবং কমিশনের সুপারিশগুলো নিয়ে রাজনৈতিক দলগুলোর সঙ্গে বৈঠক করে ঐক্যমত্যের ভিত্তিতে একটি জাতীয় সনদ তৈরি করে। জুলাই গণঅভ্যুত্থানের চেতনাকে ধারণ করে এই সনদ তৈরি হওয়ায় এটাকে জুলাই সনদ হিসেবে আখ্যায়িত করা হয়।[৩৭]

১৯. অর্ন্তবর্তী সরকার রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলো যেমন দুর্নীতি দমন কমিশন, জাতীয় মানবাধিকার কমিশন, বিচার বিভাগ স্বাধীনভাবে যাতে কাজ করতে পারে তার জন্য সংস্কারের সুপারিশগুলো গ্রহন করে অধ্যাদেশ জারী করে। তবে সংস্কার কমিশনের বেশ কিছু সুপারিশ সরকার গ্রহণ করেনি। যেমন দুর্নীতি সংস্কার কমিশনের গুরুত্বপূর্ণ কিছু সুপারিশ বাদ দেয়ার ফলে সংস্কারের মাধ্যমে দুদককে রাজনৈতিক হস্তক্ষেপের বাইরে রাখা সম্পূর্নভাবে সম্ভব হয়নি। জাতীয় মানবাধিকার কমিশন অধ্যাদেশ-২০২৫ এ সরকারী নিয়ন্ত্রণ বহাল রাখার জন্য কমিশন গঠনে নিয়োগ প্রক্রিয়ার জন্য বাছাই কমিটিতে মন্ত্রিপরিষদ সচিবকে অন্তর্ভুক্ত করা হয়েছে। যা একটি স্বাধীন মানবাধিকার কমিশন গঠনের আকাঙ্খার সঙ্গে সাংঘার্ষিক।

২০.স্বাধীন বিচার বিভাগের জন্য সুপ্রিম কোর্টের অধীনে পৃথক সচিবালয় প্রতিষ্ঠা একটি যুগান্তকারী পদক্ষেপ। তবে অন্তবর্তীকালীন সরকারের এই অধ্যাদেশগুলো ভবিষ্যতে নির্বাচিত সরকারের সময়ে ৩০ দিনের মধ্যে জাতীয় সংসদে গৃহীত হতে হবে।

২১. সুষ্ঠু ও অবাধ নির্বাচন করার জন্য উপযোগী পদ্ধতি তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা ২০১১ সালে সংসদে একক সংখ্যাগরিষ্টতার জোরে এবং বিচার বিভাগকে ব্যবহার করে হাসিনা সরকার বাতিল করে দিয়ে ১৫ বছর দেশে কর্তৃত্ববাদী শাসন ব্যবস্থা কায়েম করেছিল। ২০২৫ সালের ২০ নভেম্বর সুপ্রিম কোর্টের আপিল বিভাগ সেই তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা পুনর্বহালের রায় দিয়েছেন। ফলে ত্রয়োদশ জাতীয় নির্বাচনের পরবর্তী নির্বাচনগুলো তত্ত্বাবধায়ক সরকারের অধীনে অনুষ্ঠিত হবে।

২২.বিকল্প সাজা দেয়ার বিধান থাকা সত্ত্বেও নিম্ন আদালতের সর্বোচ্চ শাস্তি দেয়ার প্রবণতা আগের মতোই রয়েছে। ২০২৫ সালে নিম্ন আদালত ব্যাপক সংখ্যক অভিযুক্তকে মৃত্যুদণ্ড দিয়েছে। ফলে আপিল শুনানীর ধীরগতির কারণে মৃত্যুদণ্ডপ্রাপ্ত বন্দিরা বছরের পর বছর কনডেমড্ সেলে মৃত্যুর প্রহর গুণছেন। *অধিকার* মনে করে মৃত্যুদণ্ড অপরাধ হ্রাস বা কমানোর ক্ষেত্রে কোন কার্যকরী পন্থা নয়।

---

[৩৫] নির্বাচন ব্যবস্থা সংস্কার কমিশন, পুলিশ সংস্কার কমিশন, বিচার বিভাগ সংস্কার কমিশন, দুর্নীতি দমন সংস্কার কমিশন, জন প্রশাসন সংস্কার কমিশন, সংবিধান সংস্কার কমিশন, স্বাস্থ্য সংস্কার কমিশন, গণমাধ্যম সংস্কার কমিশন, শ্রম সংস্কার কমিশন, স্থানীয় সরকার সংস্কার কমিশন ও নারী বিষয়ক সংস্কার কমিশন।

[৩৬] প্রথম আলো, ১১ সেপ্টেম্বর ২০২৪; https://en.prothomalo.com/bangladesh/68csnenzkx, ডেইলী স্টার ১৯ নভেম্বর ২০২৪; https://www.thedailystar.net/news/bangladesh/news/govt-forms-five-new-reform-commissions-3755736

[৩৭] প্রথম আলো ১০ মার্চ ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/lco4522jjb

# ১. সরকার ও মানবাধিকার

এই অংশে মানবাধিকার ও সরকারের দায়িত্বের ওপর গুরুত্ব আরোপ করা হয়েছে, যেখানে নাগরিক ও রাজনৈতিক অধিকার সংক্রান্ত বিষয়গুলো তুলে ধরা হয়েছে। এইসব অধিকারের মধ্যে রয়েছে ন্যাযবিচার পাওয়ার অধিকার, জীবনের অধিকার, মর্যাদার অধিকার, এবং নির্যাতন ও নিষ্ঠুর, অমানবিক বা অবমাননাকর আচরণ বা দণ্ড থেকে মুক্ত থাকার অধিকার।

## ক. রাষ্ট্রীয় প্রতিষ্ঠান এবং সংস্কার

১. শেখ হাসিনা তার শাসনামলে দেশের সমস্ত রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোকে পরিকল্পিতভাবে দলীয়করণের মাধ্যমে তার সরকারের আজ্ঞাবহ প্রতিষ্ঠানে রূপান্তরিত করেছিল। বিভিন্ন গুরুত্বপূর্ণ রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোর মধ্যে বিচার বিভাগ, নির্বাচন কমিশন, দুর্নীতি দমন কমিশন ও জাতীয় মানবাধিকার কমিশনকে কর্তৃত্ববাদী সরকার ক্ষমতায় টিকে থাকার জন্য ব্যবহার করেছে। গণঅভ্যুত্থানে আওয়ামী লীগ সরকারের পতনের পর অর্ন্তবর্তী সরকার রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলো সংস্কার ও কার্যকর করার লক্ষ্যে ১১টি[৩৮] কমিশন গঠন করে এবং সংশ্লিষ্ট সংস্কার কমিশনগুলো তাদের চূড়ান্ত প্রতিবেদন অন্তর্বর্তী সরকারের কাছে জমা দেয়।[৩৯] কমিশনগুলোর সুপারিশ নিয়ে ব্যাপক সমালোচনা রয়েছে। উদাহরণস্বরূপ বলা যায়, র‌্যাবের বিরুদ্ধে ব্যাপক গুম-খুনের ব্যাপারে প্রাথমিকভাবে প্রমাণ থাকা সত্ত্বেও পুলিশ সংস্কার কমিশন র‌্যাব বিলুপ্তির সুপারিশ করেনি। অথচ মানবাধিকার কর্মীরা বহু বছর ধরে র‌্যাবের বিলুপ্তির দাবী জানিয়ে আসছিলো।

২. বিভিন্ন গুরুত্বপূর্ণ রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলো বিগত কর্তৃত্ববাদী সরকারের সময়ে অকার্যকর হয়ে পড়েছিল। অর্ন্তবর্তী সরকার রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোকে স্বাধীনভাবে কাজ করার জন্য অধ্যাদেশ জারীর মাধ্যমে সংস্কার করার চেষ্টা করলেও এই বিষয়ে অনেক কাজ বাকী থেকে গেছে এবং ত্রুটিও রয়েছে।

### *দুর্নীতি দমন কমিশন*

৩. অন্তর্বর্তী সরকার দুর্নীতি প্রতিরোধে কঠোর ব্যবস্থা নেয়ার জন্য দুর্নীতি দমন কমিশনের নতুন চেয়ারম্যান ও কমিশনার নিয়োগ দেয় এবং দুর্নীতি দমন কমিশন (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা পরিষদে অনুমোদন হওয়ার পর গত ২৩ ডিসেম্বর প্রজ্ঞাপন জারি করা হয়। সংস্কার কমিশনের গুরুত্বপূর্ণ কিছু সুপারিশ এতে বাদ দেয়া হয়েছে। ফলে সংস্কারের মাধ্যমে দুদককে রাজনৈতিক হস্তক্ষেপের বাইরে রাখা সম্ভব হয়নি। কমিশনার নিয়োগ প্রক্রিয়ায় স্বচ্ছতা ও কমিশনের দায়িত্ব পালনের ক্ষেত্রে জবাবদিহিতা নিশ্চিত করতে সংস্কার কমিশন 'বাছাই ও পর্যলোচনা কমিটি' রাখার কথা বললেও অধ্যাদেশের ৭ ধারায় শুধু বাছাই কমিটির বিধান রাখা হয়েছে। এছাড়া দুদক বাছাই কমিটিতে সদস্য হিসেবে সংসদে বিরোধীদলের প্রতিনিধি মনোনয়নের এখতিয়ার বিরোধীদলের নেতার কাছে দেয়ার সুপারিশ

---

[৩৮] নির্বাচন ব্যবস্থা সংস্কার কমিশন, পুলিশ সংস্কার কমিশন, বিচার বিভাগ সংস্কার কমিশন, দুর্নীতি দমন সংস্কার কমিশন, জন প্রশাসন সংস্কার কমিশন, সংবিধান সংস্কার কমিশন, স্বাস্থ্য সংস্কার কমিশন, গণমাধ্যম সংস্কার কমিশন, শ্রম সংস্কার কমিশন, স্থানীয় সরকার সংস্কার কমিশন ও নারী বিষয়ক সংস্কার কমিশন।

[৩৯] প্রথম আলো, ১১ সেপ্টেম্বর ২০২৪; https://en.prothomalo.com/bangladesh/68csnenzkx, ডেইলী স্টার ১৯ নভেম্বর ২০২৪; https://www.thedailystar.net/news/bangladesh/news/govt-forms-five-new-reform-commissions-3755736

থাকলেও তা ধারা ৭ (১) (ঙ) তে স্পিকারের হাতে দেয়া হয়েছে। উল্লেখ্য, বাংলাদেশে জাতীয় সংসদে স্পিকার বরাবরই সরকারিদলের নেতা হয়ে থাকেন।

৪. পতিত হাসিনা সরকারের সময়ে ক্ষমতাসীনদলের নেতাকর্মী ও সরকার সমর্থক বিভিন্ন শ্রেণী-পেশার ব্যক্তি এবং সরকারি কর্মকর্তা[৪০]-কর্মচারীদের[৪১] বিরুদ্ধে ব্যাপক দুর্নীতির অভিযোগ ছিল। ফলে কর্তৃত্ববাদী হাসিনা সরকারের এই সমস্ত অপকর্ম ও অনিয়মের বিরুদ্ধে ছাত্র-জনতা জেগে ওঠে এবং গণঅভ্যুত্থানে হাসিনা সরকারের পতন হয়। কিন্তু অন্তর্বর্তী সরকারের সময়ে স্থানীয় সরকার উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূইঁয়ার সহকারী একান্ত সচিব (এপিএস) মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন এবং স্বাস্থ্য উপদেষ্টা নূরজাহান বেগমের ব্যক্তিগত সহকারী (পিও) তুহিন ফারাবী, তাদের স্বজন ও আমলাদের বিরুদ্ধেও বিভিন্ন সময়ে দুর্নীতির অভিযোগ ওঠে। দুদকের গোয়েন্দা ইউনিটের তদন্তে অভিযোগগুলোর প্রাথমিক সত্যতা পেয়ে অনুসন্ধান শুরু করলেও কোনো ব্যবস্থা নেয়নি দুর্নীতি দমন কমিশন।[৪২] সরকার দুর্নীতি দমন কমিশনের নতুন চেয়ারম্যান ও কমিশনার নিয়োগ দিলেও পতিত হাসিনা সরকারের আমলে সুবিধাভোগী প্রেষণে নিয়োগ পাওয়া কর্মকর্তারা স্বপদে বহাল বলে অভিযোগ পাওয়া গেছে। এমনকি প্রেষণে নিয়োগ পাওয়া বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তার বিরুদ্ধে টাকা আত্মসাৎ করার অভিযোগে দায়ের করা মামলা থাকলেও তাকে পরিচালক পদে নিয়োগ দেয়া হয়।[৪৩] প্রশাসন ক্যাডারের কর্মকর্তাদের চাকরি জীবনে মামলা তদন্তের অভিজ্ঞতা না থাকলেও তারা দুদকে প্রেষণে বছরের পর বছর চাকরি করছেন বলে অভিযোগ পাওয়া গেছে। যদিও দুদকের বিধিমালার ২২ নং বিধিতে বলা আছে, প্রেষণে নিয়োগ পাওয়া কর্মকর্তা-কর্মচারীরা অনাধিক তিন বছর থাকতে পারবেন। এছাড়া প্রশাসনের একাংশ ব্যাপকভাবে দুর্নীতির সঙ্গে জড়িত হওয়ায় তাদের রক্ষা করার জন্য প্রশাসনের কর্মকর্তাদের দুদকে প্রেষণে পাঠানো হয় বলেও অভিযোগ পাওয়া গেছে।[৪৪]

## *জাতীয় মানবাধিকার কমিশন*

৫. আওয়ামীলীগ সরকারের সময়ে অকার্যকর হয়ে পড়া জাতীয় মানবাধিকার কমিশন পূর্ণগঠন করার লক্ষ্যে অর্ন্তবর্তী সরকার ৯ নভেম্বর জাতীয় মানবাধিকার কমিশন অধ্যাদেশ, ২০২৫ গেজেট প্রকাশ করে। এই অধ্যাদেশ নিয়ে মানবাধিকার সংগঠনগুলো আশান্বিত হয়েছিল যে, এই অধ্যাদেশ অনুযায়ী আমলাতন্ত্রের হাত থেকে মুক্ত হয়ে জনপ্রত্যাশা ও আন্তর্জাতিক মানের সঙ্গে সামঞ্জস্য রেখে কমিশন গঠিত হওয়ার সুযোগ তৈরী করেছে। এরপর ৮ ডিসেম্বর আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ জাতীয় মানবাধিকার কমিশন (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ এর বিজ্ঞপ্তি জারি করে। কিন্তু এই অধ্যাদেশে সরকারি নিয়ন্ত্রণ বহাল রাখার জন্য কমিশন গঠনে নিয়োগ প্রক্রিয়ার জন্য বাছাই কমিটিতে মন্ত্রিপরিষদ সচিবকে অন্তর্ভুক্ত করা হয়েছে যা, স্বাধীন মানবাধিকার কমিশন গঠনের প্রক্রিয়ার সঙ্গে সাংঘর্ষিক। এর ফলে ভবিষ্যতে যে দলই ক্ষমতায় আসুক না কেন তাদের দ্বারা কমিশন এর নিয়োগ প্রক্রিয়া নিয়ন্ত্রিত হবার সম্ভবনা থেকেই যাচ্ছে।

---

[৪০] সমকাল, ৩১ জানুয়ারি ২০২৩; https://samakal.com/bangladesh/article/2301154142/
[৪১] সমকাল, ২ মার্চ ২০২৩; https://samakal.com/whole-country/article/2303159844/
[৪২] উপদেষ্টাদের এপিএস-পিও'র দুর্নীতির ফাইল 'ডিপ ফ্রিজে', যুগান্তর ২৮ অক্টোবর ২০২৫; https://www.jugantor.com/tp-firstpage/1021391
[৪৩] ইনকিলাব, ১৭ ফেব্রুয়ারি ২০২৫; https://dailyinqilab.com/national/news/733544
[৪৪] যুগান্তর ১৯ ফেব্রুয়ারি ২০২৫; https://www.jugantor.com/tp-firstpage/918610

## *বিচার বিভাগ*

৬. ২০০৯ সালে শেখ হাসিনা ক্ষমতায় আসার পর পরই বিচার বিভাগকে নিয়ন্ত্রণ করতে শুরু করে এবং এক সময় তা অকার্যকর হয়ে পড়ে। সেসময় সুপ্রিম কোর্টের হাইকোর্ট ও আপিল বিভাগে নিয়োগ দেয়া হয় আওয়ামী লীগের সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তিদের। এমনকি নিম্ন আদালতও বাদ পড়েনি। এই সময় বিরোধীদলের নেতা-কর্মী এবং ভিন্নমতাবলম্বীরা বিচারিক হয়রানী ও নিপীড়নের শিকার হন। হাসিনা সরকার তার রাজনৈতিক পরিকল্পনা বাস্তবায়নে বিচার বিভাগকে ব্যবহার করে। গণভ্যুত্থানে শেখ হাসিনা সরকারের পতনের পর অর্ন্তবর্তী সরকার রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোকে কার্যকর করার লক্ষ্যে যে ১১টি কমিশন গঠন করে[৪৫] তার মধ্যে বিচার বিভাগ সংস্কার কমিশনও ছিল অন্যতম। ২০২৫ সালের ৮ ফেব্রুয়ারি বিচার বিভাগ সংস্কার কমিশন ২৩টি সুপারিশসহ প্রতিবেদন অন্তর্বর্তী সরকারের কাছে জমা দেয়।[৪৬] গত ৩০ নভেম্বর বিচার বিভাগের পূর্ণ স্বাধীনতা নিশ্চিত করতে সুপ্রিম কোর্টের জন্য একটি পৃথক সচিবালয় প্রতিষ্ঠার জন্য 'সুপ্রিম কোর্ট সচিবালয় অধ্যাদেশ, ২০২৫ জারি করে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়। এতে বলা হয়েছে ৭ ধারা বাদে বাকি সব ধারা অবিলম্বে কার্যকর হবে। অধ্যাদেশে বলা হয়েছে সুপ্রিম কোর্ট সচিবালয় স্থাপন সম্পন্ন এবং এটির কার্যক্রম পূর্ণরূপে চালু হওয়া সাপেক্ষে সরকার সুপ্রিম কোর্টের সঙ্গে পরামর্শ করে এই অধ্যাদেশের ধারা ৭ এর বিধানবলি গেজেটে প্রজ্ঞাপন দিয়ে কার্যকর করবে। অধ্যাদেশের ৭ ধারায় বলা হয়েছে, সুপ্রিম কোর্ট অধস্তন আদালতের বিচারকেদের নিয়ন্ত্রণ ও শৃঙ্খলা বিধান সংক্রান্ত কাজে রাষ্ট্রপতির পক্ষে প্রয়োজনীয় সকল প্রশাসনিক দায়িত্ব পালন করবে।[৪৭]

## খ . আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল

৭. ২০২৪ সালের জুলাই অন্দোলনের সময় ১৪০০ এর অধিক ছাত্র-জনতা কর্তৃত্ববাদী সরকারের অনুগত আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের দ্বারা নির্বিচারে হত্যার শিকার হন এবং প্রায় কয়েক হাজার গুরুতর আহত হন।[৪৮] ২০২৫ সালেও আহত আন্দোলনকারী মৃত্যুবরণ করেছেন।[৪৯]

৮. ২০২৫ সালের ২ সেপ্টেম্বর সাবেক পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) চৌধুরী আবদুল্লাহ আল-মামুন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ এ রাজসাক্ষী হিসেবে সাক্ষ্য দেন।[৫০] তিনি তাঁর সাক্ষ্যে বলেন, তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের নির্দেশে এই গণহত্যা সংঘটিত হয়েছিল। তিনি আদালতে আরো জানান, 'র‍্যাব কর্তৃক কোনো ব্যক্তিকে উঠিয়ে আনা, গুম করার নির্দেশনা বা ক্রসফায়ারে হত্যার নির্দেশনাগুলো সরাসরি প্রধানমন্ত্রীর দপ্তর থেকে আসতো।[৫১]

৯. শেখ হাসিনার শাসনামলে গুম ও বিচারবহির্ভূত হত্যাকাণ্ডসহ মানবতাবিরোধী অপরাধের অভিযোগে তিন মামলায় ১৫ জন সেনা কর্মকর্তাকে এসি প্রিজন ভ্যানে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে আনা নেয়া করা হয়

---

[৪৫] প্রথম আলো, ১১ সেপ্টেম্বর ২০২৪; https://en.prothomalo.com/bangladesh/68csnenzkx, ডেইলী স্টার ১৯ নভেম্বর ২০২৪; https://www.thedailystar.net/news/bangladesh/news/govt-forms-five-new-reform-commissions-3755736

[৪৬] প্রথম আলো ১০ মার্চ ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/lco4522jjb

[৪৭] সুপ্রিম কোর্ট সচিবালয় অধ্যাদেশ, ২০২৫; http://bdlaws.minlaw.gov.bd/act-1585.html

[৪৮] Bangladesh: UN report finds brutal, systematic repression of protests, calls for justice for serious rights violations | United Nations in Bangladesh https://share.google/s6Tfr9cFzzDhwW3nF

[৪৯] চোখ হারানো জুলাই যোদ্ধা সালাউদ্দিন আর নেই, যুগান্তর ২৮ অক্টোবর ২০২৫; https://www.jugantor.com/tp-lastpage/1021398

[৫০] প্রথম আলো, ১০ জুলাই ২০২৫; https://en.prothomalo.com/bangladesh/5lrhswxsur

[৫১] জুলাই হত্যার দায় স্বীকার মামুনের, মানবজমিন ৩ সেপ্টেম্বর ২০২৫; https://mzamin.com/news.php?news=178463

এবং হাজিরা শেষে তাদের সেনানিবাসে স্থাপিত সাব-জেলে নিয়ে যাওয়া হয়।[৫২] *অধিকার* মনে করে যে, উল্লেখিত অভিযুক্ত সেনা কর্মকর্তাদের অধিকতর সুবিধা দেয়া হয়েছে, যা অন্য বন্দিদের প্রতি বৈষম্যমূলক।

১০. গত ১৭ নভেম্বর জুলাই গণঅন্দোলন চলাকালে সংঘটিত গণহত্যা ও মানবতাবিরোধী অপরাধের দায়ে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালকে মৃত্যুদণ্ডের আদেশ দেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১। এই মামলার অপর আসামী সাবেক আইজিপি চৌধুরী আবদুল্লাহ আল মামুনকে রাজসাক্ষী হওয়ায় লঘুদণ্ড হিসেবে পাঁচ বছরের কারাদণ্ড দেয়া হয়। মৃত্যুদণ্ডের পাশাপশি উসকানি, হত্যা করার আদেশ, নিষ্ঠুরতা প্রতিরোধে নিষ্ক্রিয়তা এবং দুর্বৃত্তদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ না করার অভিযোগে শেখ হাসিনা এবং আসাদুজ্জামান খান কামালকে আমৃত্যু কারাদণ্ড দেন আদালত। একই সঙ্গে এই দুইজনের বাংলাদেশে থাকা সম্পদ জব্দ করার নির্দেশ দিয়েছেন আদালত। এই সব সম্পদ জুলাই আন্দোলনে শহীদ ও আহতদের ক্ষতিপূরণ হিসেবে দেয়ার নির্দেশ দেয়া হয়। এই মামলায় শেখ হাসিনাসহ তিন আসামীর বিরুদ্ধে মানবতাবিরোধী অপরাধের পাঁচটি অভিযোগ আনা হয়েছিল।[৫৩]

## গ. মানবাধিকার এবং তার লঙ্ঘন

### *বিচারবহির্ভুত হত্যাকাণ্ড*

১১. ২০২৫ সালে দেশের আইন শৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রণ করার জন্য সরকার ‘যৌথবাহিনী’ মাঠে নামালেও আইন শৃংখলা পরিস্থিতির বিশেষ কোনো উন্নতি হয়নি। এই সময়ে আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের বিরুদ্ধে নির্যাতন ও বিচারবহির্ভূত হত্যার অভিযোগ পাওয়া যায়।


- গত ১৩ জানুয়ারি নোয়াখালীর সোনাইমুড়িতে আব্দুর রহমান ও হাবিবুর রহমান[৫৪] নামের দুই ব্যক্তিকে আটকের পর যৌথবাহিনী নির্যাতন করে। পরবর্তীতে নির্যাতনে কারণে আব্দুর রহমান নিহত হন বলে তাঁর পরিবার অভিযোগ করে।
- গত ২৫ জানুয়ারি শরীয়তপুরের জাজিরায় মাদকবিরোধী অভিযানে মিলন ব্যাপারী[৫৫] ডিবি পুলিশের নির্যাতনে নিহত হন।
- গত ২১ এপ্রিল বরিশালের উজিরপুরে যৌথবাহিনীর অভিযানে কলেজ ছাত্র সিয়াম মোল্লা[৫৬] গুলিবিদ্ধ হয়ে নিহত হন।
- গত ২৩ জুন সুনামগঞ্জে যৌথবাহিনীর অভিযানে আবু সাঈদ[৫৭] গুলিতে নিহত; ১৯ জুন কুমিল্লার মুরাদনগরে বিএনপি কর্মী শেখ জুয়েল[৫৮] পুলিশের নির্যাতনে নিহত হন।
- গত ২১ জুলাই ২০২৫ ঢাকার মিরপুরে যৌথবাহিনীর অভিযানে যুবদল কর্মী আসিফ শিকদার[৫৯] নির্যাতনে নিহত হন।

---

[৫২] প্রথম আলো, ২২ অক্টোবর ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/4x3foqlhbx
[৫৩] পলাতক ফ্যাসিস্ট হাসিনার মৃত্যুদণ্ড, যুগান্তর, ১৮ নভেম্বর ২০২৫; https://www.jugantor.com/tp-firstpage/1030279
[৫৪] প্রথম আলো ১৪ জানুয়ারি ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/8azlq9ert7
[৫৫] সমকাল ২৭ জানুয়ারি ২০২৫; https://samakal.com/whole-country/article/277490/
[৫৬] যৌথ বাহিনীর মাদকবিরোধী অভিযানে গুলিতে যুবক নিহত, সমকাল ২১ এপ্রিল ২০২৫; https://samakal.com/barisal/article/291550/
[৫৭] সুনামগঞ্জে যৌথ বাহিনী-সন্ত্রাসী গোলাগুলি, মানবজমিন, ২৪ জুন ২০২৫; https://mzamin.com/news.php?news=167321
[৫৮] ‘পুলিশ হেফাজতে’ ব্যবসীর মৃত্যু, কর্মী দাবি বিএনপি-আ. লীগের, সমকাল ২১ জুন ২০২৫; https://samakal.com/whole-country/article/301288/, Businessman dies in police custody, family alleges torture; https://bdnews24.com/bangladesh/ca5f75fab464

- গত ২ অগাস্ট ২০২৫ ঢাকার খিলগাঁওয়ে নজরুল ইসলাম মোল্লা নামে নির্যাতনের শিকার এক আটককৃত ব্যক্তি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান[৬০] বলে অভিযোগ রয়েছে।
- গত ৭ মে বাগেরহাট জেলার মোড়েলগঞ্জে পরোয়ানাভুক্ত আসামীকে গ্রেফতারের সময় আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের বিরুদ্ধে শাফায়াত নামে এক ব্যক্তিকে পিটিয়ে হত্যা করার অভিযোগ পাওয়া গেছে।[৬১]
- গত ২ সেপ্টেম্বর নীলফামারীর উত্তরা এক্সপোর্ট প্রসেসিং জোনে (ইপিজেড) কারখানা বন্ধ ও শ্রমিক ছাঁটাইয়ের বিরুদ্ধে শ্রমিকরা বিক্ষোভ করে এবং নীলফামারী-সৈয়দপুর সড়ক অবরোধ করে। এই সময় আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের সঙ্গে শ্রমিকদের সংঘর্ষের সময় গুলিবিদ্ধ হয়ে হাবিবুর রহমান নামে এক শ্রমিক নিহত হন।[৬২]
- পল্লবী থানা যুবদলের সদস্য সচিব গোলাম কিবরিয়া হত্যার ঘটনায় গোয়েন্দা পুলিশ ২০ নভেম্বর ঢাকার কালশী থেকে মোক্তার হোসেন নামে এক ব্যক্তিকে গ্রেফতার করে। ২১ নভেম্বর মোক্তার হোসেন ডিবি হেফাজতে মারা যান। গোয়েন্দা পুলিশ দাবী করে, গণপিটুনীর কারণে মোক্তারের মৃত্যু হয়েছে। মোক্তারের স্ত্রী মুক্তা শিকদার অভিযোগ করেন, তাঁর স্বামীকে নির্যাতন করে হত্যা করেছে পুলিশ। মোক্তারের ছেলে মৃদুল জানায়, পল্লবী থানার কনফারেন্স রুমে তাঁর বাবার ওপর নির্যাতন করা হয়েছে।[৬৩]

১২. ***অধিকার* এর তথ্য অনুযায়ী ২০২৫ সালের জানুয়ারি-ডিসেম্বর পর্যন্ত ৩৩ জন বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের শিকার হয়েছেন বলে অভিযোগ রয়েছে। এঁদের মধ্যে ১০ জন পুলিশ, ১ জন সেনাবাহিনী, ১ জন বিমানবাহিনী, ১ জন র‍্যাব, ৪ জন ডিবি পুলিশ, ১ জন বিজিবি, ২ জন কোস্টগার্ড এবং ১৩ জন যৌথবাহিনী কর্তৃক বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের শিকার হয়েছেন বলে অভিযোগ রয়েছে। নিহতদের মধ্যে ১১ জনকে নির্যাতনে, ১৬ জনকে গুলিতে এবং ৬ জন পিটিয়ে হত্যা করা হয়েছে বলে জানা গেছে।**




[৫৯] গ্রেফতারের পর যুবদল নেতার মৃত্যু, পরিবারের দাবি হত্যা, যুগান্তর ২২ জুলাই ২০২৫; https://www.jugantor.com/tp-lastpage/980825
[৬০] 'আইনশৃঙ্খলা বাহিনী' ধরার পর মৃত্যু, নির্যাতনের অভিযোগ, সমকাল ৩ অগাস্ট ২০২৫; https://epaper.samakal.com/nogor-edition/2025-08-03/16/755
[৬১] মোড়েলগঞ্জে আসামি গ্রেফতারকালে পিটিয়ে হত্যার অভিযোগ, যুগান্তর ৭ মে ২০২৫; https://www.jugantor.com/tp-lastpage/950601
[৬২] ডেইলি স্টার, ২ সেপ্টেম্বর ২০২৫; https://www.thedailystar.net/news/bangladesh/crime-justice/news/nilphamari-epz-one-killed-workers-clash-law-enforcers-3976811
[৬৩] গণপিটুনিতে নয় ডিবির নির্যাতনেই মোক্তারের মৃত্যু, যুগান্তর ২৩ নভেম্বর ২০২৫; https://www.jugantor.com/tp-lastpage/1032324

## আইন প্রয়োগকারী সংস্থার সদস্য কর্তৃক নির্যাতন

১৩. নির্যাতনের বিষয়ে দীর্ঘদিন ধরে দায়মুক্তির সংস্কৃতি চালু থাকা এবং এটি বন্ধে নির্যাতন ও হেফাজতে মৃত্যু (নিবারণ) আইন ২০১৩ এর বাস্তবায়ন না হওয়ার কারণেই বিভিন্ন আইন প্রয়োগকারী ও গোয়েন্দা সংস্থার হেফাজতে নির্যাতন ও অমানবিক আচরণের ঘটনাগুলো ঘটেই চলেছে। উপদেষ্টা পরিষদ ২০২৫ সালের ১০ জুলাই নির্যাতন ও অন্যান্য নিষ্ঠুর, অমানবিক আচরণ বা শাস্তির বিরুদ্ধে জাতিসংঘের ঐচ্ছিক প্রটোকল (অপক্যাট) সংযুক্তি সংক্রান্ত প্রস্তাবটি অনুমোদন করে। জাতিসংঘের চুক্তি ডাটাবেস অনুযায়ী, সংযুক্তির তারিখ ২০২৫ সালের ১৭ জুলাই নিশ্চিত করা হয়েছে এবং এটি বাংলাদেশে ২০২৫ সালের ১৬ আগস্ট থেকে কার্যকর হয়েছে।[৬৪]

- গত ১৩ মার্চ চাঁদপুর জেলার ফরিদগঞ্জ থানা হেফাজতে শাওন কাবি রিজা নামে এক ছাত্রদল নেতাকে এসআই খোকনের নেতৃত্বে তিনজন কনস্টেবল চোঁখ বেঁধে নির্যাতন করে।[৬৫]
- গত ২৫ জুন সুনামগঞ্জের ব্যবসায়ী নাসির মিয়াকে ব্যবসা সংক্রান্ত দ্বন্দ্বে গোয়েন্দা পুলিশ (ডিবি) তুলে নিয়ে যেয়ে ঢাকার ডিবি অফিসে নিয়ে নির্যাতন চালিয়ে তাঁর কাছ থেকে ৫ লাখ ৭৪ হাজার টাকা হাতিয়ে নেয়ার পরে মুচলেকায় জোরপূর্বক স্বাক্ষর রেখে ছেড়ে দেয় বলে অভিযোগ রয়েছে।[৬৬]

## আইন প্রয়োগকারী সংস্থার মর্যাদাহানিকর আচরণ ও জবাবদিহিতার অভাব

১৪. নির্যাতন ছাড়াও এই সময়ে আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের বিরুদ্ধে বিভিন্ন ধরনের দূর্বৃত্তানের[৬৭] অভিযোগ রয়েছে। ব্যবসায়ীকে তুলে নিয়ে টাকা আদায়[৬৮], মামলা বাণিজ্য[৬৯], মামলার বাদীকে থানায় নিয়ে মারধর[৭০], আদালতগুলোর গারদখানায় বন্দি আসামীদের স্বজনদের কাছ থেকে ঘুষ গ্রহণ[৭১], ঢাকার আদালতে ডিএমপির প্রসিকিউশন বিভাগের কর্মকর্তা-কর্মচারী কয়েকজনের বিরুদ্ধে ঘুষ গ্রহণ, বদলি বাণিজ্য ও কোর্ট হাজতে বন্দিদের অবৈধ সুযোগ সুবিধা দেয়ার অভিযোগ রয়েছে।[৭২] এই সময়ে আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের বিরুদ্ধে মাদক ব্যবসায় জড়িত থাকা[৭৩], মিথ্যা মাদক মামলা দেয়া[৭৪], মাদকসহ আটকের পর ছেড়ে দেয়া[৭৫], ধর্ষণচেষ্টা ও চাঁদাবাজি[৭৬], ঘুষ গ্রহণ[৭৭], স্বর্ণালঙ্কার ও টাকা লুট[৭৮],

[৬৪] https://tbinternet.ohchr.org/_layouts/15/TreatyBodyExternal/Treaty.aspx?Treaty=CAT-OP&Lang=en
[৬৫] মানবজমিন ১৬ মার্চ ২০২৫; https://mzamin.com/news.php?news=152586
[৬৬] বিএনপি কর্মীকে আওয়ামী লীগ তকমা দিয়ে ডিবি অফিসে নির্যাতন, মানবজমিন ৩০ জুন, ২০২৫; https://mzamin.com/news.php?news=168283#gsc.tab=0
[৬৭] কথিত আসামীকে তুলে নিতে গভীর রাতে পুলিশি অভিযান, যুগান্তর ১১ নভেম্বর ২০২৫; https://www.jugantor.com/tp-city/1027236
[৬৮] ব্যবসায়িকে তুলে নিয়ে টাকা আদায়ের অভিযোগ ডিবি'র বিরুদ্ধে মানবজমিন ১০ এপ্রিল ২০২৫; https://mzamin.com/news.php?news=155911
[৬৯] যুগান্তর ৯ মার্চ ২০২৫; https://www.jugantor.com/country-news/926771
[৭০] যুগান্তর ১৪ মার্চ ২০২৫; https://www.jugantor.com/index.php/country-news/929026
[৭১] যুগান্তর ২ মার্চ ২০২৫; https://www.jugantor.com/law-justice/923368
[৭২] পুলিশ কর্মকর্তার নেতৃত্বে ঘুষের গোপন মিশন, যুগান্তর ২৯ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/national/947563
[৭৩] আশুগঞ্জ থানার ওসির নেতৃত্বে মাদক ব্যবসা, যুগান্তর ২৫ মে ২০২৫; https://www.jugantor.com/tp-city/958002
[৭৪] মিথ্যা মাদক মামলা দেওয়ার অভিযোগে ভৈরব থানার এসআই ক্লোজড, সমকাল ৫ এপ্রিল ২০২৫; https://samakal.com/whole-country/article/288680/
[৭৫] মাদকসহ আটকের পর ছেড়ে দেওয়া হলো কারবারিকে, যুগান্তর ২৬ অগাস্ট ২০২৫; https://www.jugantor.com/country-news/995196
[৭৬] গৃহবধূকে ধর্ষণচেষ্টা ও চাঁদাবাজির অভিযোগ পাংশা থানার ওসি, এএসআইসহ ৩ জনের বিরুদ্ধে মামলা, প্রথম আলো ৬ এপ্রিল ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/yamm3c2a2d
[৭৭] বেসামাল নরসিংদীর এসপি, যুগান্তর ৬ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/crime/937473, আখাউরায় এএসআইয়ের বিরুদ্ধে ঘুস নেওয়ার অভিযোগ, যুগান্তর, ৮ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/country-news/938651

যুবককে কুপিয়ে জখম করার পরও থানায় মামলা না নেয়া[৭৯], ঘুষ চাওয়ার অডিও রেকর্ড ফাঁস হওয়ায় ব্যবসায়ীকে হুমকি[৮০], অভিযুক্তের সঙ্গে নামের মিল থাকায় গ্রেফতার করে জেলে পাঠানো[৮১], মামলায় ফাঁসিয়ে দিয়ে টাকা দাবি[৮২], নিহত শিশুর পরিবারের কাছ থেকে ঘুষ আদায়[৮৩] এবং টাকা লুট করাসহ বিভিন্ন অভিযোগ পাওয়া গেছে।[৮৪]

## *আইন প্রয়োগকারী সংস্থার হেফাজতে মৃত্যু*

১৫. **২০২৫ সালে আইন প্রয়োগকারী সংস্থার হেফাজতে ১০ জন অভিযুক্তের মৃত্যু হয়েছে।** হেফাজতে মৃত্যুর পর থানা পুলিশ দাবী করে থাকে যে, অসুস্থ হয়ে অথবা থানা হাজতে ফাঁস লাগিয়ে অভিযুক্তরা আত্মহত্যা করেছেন। পুলিশের বিরুদ্ধে ওঠা অভিযোগের তদন্ত পুলিশকে দিয়েই করানো হয়ে থাকে ফলে তদন্তের নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন থেকে যায়।


- গত ১২ সেপ্টেম্বর গাজীপুরের টঙ্গী থানা হাজতে রনি মিয়া নামে এক নির্মাণ শ্রমিক অসুস্থ হয়ে মারা যান বলে পুলিশ দাবি করেছে।[৮৫]
- গত ২৩ সেপ্টেম্বর ব্রাহ্মণবাড়িয়া জেলার নবীনগর উপজেলায় চোর সন্দেহে মোহাম্মদ আবদুল্লাহ নামে এক যুবককে পিটুনী দিয়ে ছলিমগঞ্জ অস্থায়ী পুলিশ ক্যাম্পে সোর্পদ করা হয়। পুলিশ আবদুল্লাহকে আদালতে না পাঠিয়ে চারদিন ক্যাম্পে তাদের হেফাজতে আটক রাখে। পুলিশ হেফাজতেই হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় আবদুল্লাহ মারা যান। এই ঘটনায় নিহত আবদুল্লাহর বড় ভাই শাকিল মিয়া বাদী হয়ে মামলা দায়ের করলে পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই মহিম উদ্দিনকে পুলিশ গ্রেপ্তার করে।[৮৬]




*পুলিশ হেফাজতে নিহত মো. আব্দুল্লাহ। ছবি: প্রথম আলো ২৯ সেপ্টেম্বর ২০২৫*

---

[৭৮] এএসআইয়ের বিরুদ্ধে টাকাসহ স্বর্ণালঙ্কার লুটের অভিযোগ, যুগান্তর ১৯ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/tp-bangla-face/943101
[৭৯] ফরিদপুরে যুবককে কুপিয়ে জখম, থানায় মামলা না নেওয়ার অভিযোগ পরিবারের, সমকাল ২২ এপ্রিল ২০২৫; https://samakal.com/dhaka/article/291670/%E0%A6%AB
[৮০] তোমার নানাকে বইলো লাখ পাঁচেক টাকা দিতে, যুগান্তর ২১ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/country-news/944263
[৮১] বাবার নামে মিল জেল খাটছেন প্রবাসী সাদ্দাম, মানবজমিন ২৯ জুন ২০২৫; https://mzamin.com/news.php?news=168125
[৮২] মামলায় ফাঁসিয়ে ৪ লাখ টাকা দাবি, যুগান্তর ১৯ অগাস্ট ২০২৫; https://www.jugantor.com/tp-city/992089
[৮৩] নিহত শিশুর পরিবারের কাছ থেকে ঘুষ নিয়ে এসআই প্রত্যাহার, সমকাল ১ সেপ্টেম্বর ২০২৫; https://samakal.com/whole-country/article/313601/
[৮৪] জুয়াড়ির লাখ টাকা লুটের অভিযোগ পুলিশ সদস্যদের বিরুদ্ধে, ইত্তেফাক ১১ জুলাই ২০২৫; https://www.ittefaq.com.bd/741010/
[৮৫] টঙ্গীতে পুলিশ হেফাজতে যুবকের মৃত্যু, যুগান্তর ১২ সেপ্টেম্বর ২০২৫; https://www.jugantor.com/country-news/1001886
[৮৬] পিটুনীতে আহত যুবকের পুলিশ হেফাজতে মৃত্যু, এস আই গ্রেপ্তার, প্রথম আলো ২৯ সেপ্টেম্বর ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/cu73hfztf0




## গুম

১৬.২০২৫ সালে গুমের ঘটনার কোনো সংবাদ পাওয়া যায়নি। গুম সংক্রান্ত অনুসন্ধান কমিশন তাদের চূড়ান্ত প্রতিবেদনে গণঅভ্যুত্থানে ক্ষমতাচ্যুত হওয়ার আগে ১৫ বছরের আওয়ামী লীগের শাসনকালে ১ হাজার ৫৬৯টি গুমের ঘটনার বিষয়ে নিশ্চিত হয়েছেন বলে জানিয়েছেন। এরমধ্যে ২৫১ জন ভুক্তভোগী আর কখনও ফিরে আসেননি। এছাড়া, জোরপূর্বক গুমের পর আরও ৩৬ জনের মরদেহ উদ্ধার করা হয়েছে, যা তথাকথিত "ক্রসফায়ার" এর ঘটনার পর অথবা গুলিবিদ্ধ অবস্থায় নদী থেকে পাওয়া গেছে।[৮৭] গুম থেকে ফেরা দুই শতাধিক ব্যক্তি লিখিত অভিযোগ করেছেন যে, উঠিয়ে নিয়ে গুম করার পর তাঁদের কাছ থেকে জোরপূর্বক স্বীকারোক্তি আদায়ে পুলিশের সঙ্গে ম্যাজিস্ট্রেটরাও যৌথভাবে ভূমিকা রেখেছেন। তাঁদের অধিকাংশই জানান, গুমের সময়কালে নির্যাতনের মাধ্যমে পুলিশের লিখে দেয়া স্বীকারোক্তিমূলক জবানবন্দিতে তাঁদের স্বাক্ষর করতে বাধ্য করা হয়েছিল।[৮৮]

১৭. কমিশনের প্রতিবেদন বিশ্লেষণ করে লিঙ্গভেদে দেখা যায়, ১ হাজার ৫৪৬ জন ভুক্তভোগীর মধ্যে ছিলেন পুরুষ (প্রায় ৯৮.৫ শতাংশ)।[৮৯] এঁদের মধ্যে অনেক শিক্ষার্থীও ছিলেন। যে সমস্ত ভাগ্যবান শিক্ষার্থী বেঁচে ফিরতে পেরেছেন, তাঁদের বিভিন্ন সাজানো মামলায় দীর্ঘদিন কারাগারে বন্দি করে তাঁদের শিক্ষা জীবনকে ধ্বংস করে দেয়া হয়েছে।[৯০] নারী ছিলেন ২৩ জন (প্রায় ১.৫ শতাংশ)। গোপন বন্দিশালায় গুমের শিকার হয়ে নারীরা শারীরিক নির্যাতন ও যৌন নিপীড়নের শিকার হতেন।[৯১] কমিশন বলেছে, গুম হওয়া মোট ব্যক্তিদের মধ্যে রাজনৈতিক পরিচয় ছিল ৯৬ দশমিক ৭ শতাংশের (৯৪৮ জন)। প্রতিবেদন অনুযায়ী গুম হওয়া ব্যক্তিদের মধ্যে বাংলাদেশ জামায়াতে ইসলামীর ৪৭৬ জন (৫০.২%), ইসলামী ছাত্রশিবিরের ২৩৬

[৮৭] http://coied.portal.gov.bd/pages/publications
[৮৮] জোরপূর্বক জবানবন্দি আদায়ে পুলিশের সঙ্গী ম্যাজিস্ট্রেটরাও, আমার দেশ ২৭ অগাস্ট ২০২৫; https://www.dailyamardesh.com/amar-desh-special/amdqdtjk3f5qn
[৮৯] আওয়ামী লীগের শাসনামলে গুম হওয়া অন্তত ২৫১ জন এখনো নিখোঁজ, প্রথম আলো ৫ জানুয়ারি ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/rxamglr3gf
[৯০] পাঁচ বছর পরে মুক্তি পেলেন গুমের শিকার খুবির দুই শিক্ষার্থী, আমার দেশ ৮ জুলাই ২০২৫; https://www.dailyamardesh.com/bangladesh/khulna/amdeosyf0naqq
[৯১] এমন পর্দাই করছে, এখন সব পর্দা ছুটে গেছে, আমার দেশ, ৯ জুলাই ২০২৫; https://www.dailyamardesh.com/national/amdfbpendgvww

(২৪.৯%), বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) ১৪২ (১৫%), জাতীয়তাবাদী ছাত্রদলের ৪৬ (৪.৯%) এবং জাতীয়তাবাদী যুবদলের ১৯ জন ১.৮%)।[৯২]

১৮. এর আগে গুম তদন্ত কমিশন তাদের দ্বিতীয় অন্তর্বর্তী প্রতিবেদনে গুম কিভাবে করা হতো তা বর্ণনা করে বলেছে 'তিন স্তরের পিরামিড'- এর মাধ্যমে গুমের বিষয়টি বাস্তবায়ন করা হতো। এই পিরামিডের সর্ব্বোচ্চ স্তরে ছিল 'কৌশলগত নেতৃত্ব' যেখানে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা, তৎকালীন প্রতিরক্ষা উপদেষ্টা তারেক আহমেদ সিদ্দিক এবং সাবেক স্বরাষ্ট্রমন্ত্রীসহ আওয়ামী লীগ সরকারের জ্যেষ্ঠ কর্মকর্তারা ছিল। দ্বিতীয় স্তরে ছিল বিভিন্ন বাহিনী ও গোয়েন্দা সংস্থার শীর্ষ কর্মকর্তারা। আর পিরামিডের তৃতীয় স্তরে থাকা বিভিন্ন বাহিনী ও সংস্থার সদস্যরা উর্ধ্বতন কর্মকর্তাদের নির্দেশ পালন করতো।[৯৩]

১৯. ২০২৪ সালের ৫ অগাস্টে হাসিনার পতনের পর যে সকল আইনপ্রয়োগকারী ও গোয়েন্দা সংস্থা যারা গুমের সঙ্গে জড়িত ছিলো তারা বন্দিশালার আলামত ধ্বংস করেছে। ডিজিএফআই'র মহাপরিচালক তাঁর পূর্ববর্তীদের অপরাধের প্রমান নষ্ট করেন এবং অপরাধীদের দায়মুক্তি দেয়ার জন্য ক্ষমতা প্রয়োগ করেছেন বলে কমিশনের অন্তর্বর্তী প্রতিবেদনে জানা গেছে।[৯৪] প্রমান ধ্বংস এবং অনুসন্ধান কার্যক্রমে সহযোগিতা না করার এই প্রবণতা শুধু ডিজিএফআই'র নয়, অন্যান্য নিরাপত্তা বাহিনীর সদস্যদের মধ্যেও ছিল।[৯৫]



*প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসের কাছে গত ৪ জানুয়ারি চূড়ন্ত প্রতিবেদন জমা দেয় গুম সংক্রান্ত* অনুসন্ধান *কমিশন। ছবি: প্রথম আলো ৫ জানুয়ারি ২০২৫*

২৩. অন্তর্বর্তী সরকার ক্ষমতা গ্রহণের পর ২০২৪ সালের ২৯ অগাস্ট গুম হতে সকল ব্যক্তির সুরক্ষার জন্য আন্তর্জাতিক সনদ বাংলাদেশ অনুমোদন করে।[৯৬] এই সনদ গ্রহণ করার আগে গুমসংক্রান্ত বিষয়ে বিচার করার জন্য কোনো সুনির্দিষ্ট আইন ছিল না। কিন্তু এই সনদ অনুমোদনের ফলে গুমের বিরুদ্ধে বাংলাদেশের অভ্যন্তরীণ আইন তৈরির বাধ্যবাধকতা তৈরি হলে[৯৭] অর্ন্তবর্তী সরকারের উপদেষ্টা পরিষদ গত ৬ নভেম্বর

---

[৯২] আওয়ামী লীগের শাসনামলে গুম হওয়া অন্তত ২৫১ জন এখনো নিখোঁজ, প্রথম আলো ৫ জানুয়ারি ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/rxamglr3gf

[৯৩] ভিন্নমত প্রকাশকে 'নিরাপত্তা হুমকি' দেখত হাসিনা সরকার, যুগান্তর ১৮ জুন ২০২৫; https://www.jugantor.com/national/966953

[৯৪] "Unfolding the Truth", An Interim Report, Commission of Inquiry on Enforced Disappearance, Section 4, Page 32.

[৯৫] নয়াদিগন্ত ২১ জানুয়ারি ২০২৫; https://www.jugantor.com/national/906253

[৯৬] https://treaties.un.org/pages/viewdetails.aspx?src=treaty&mtdsg_no=iv-16&chapter=4&clang=_en


[৯৭] গুম বিষয়ে আইন করার উদ্যোগ, প্রথম আলো ১৭ জুন ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/2v99o607vv

'গুম প্রতিরোধ ও প্রতিকার অধ্যাদেশ ২০২৫' অনুমোদন দেয়।[৯৮] গত ১ ডিসেম্বর গুমের অপরাধে জড়িত ব্যক্তিদের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড রেখে 'গুম প্রতিরোধ ও প্রতিকার অধ্যাদেশ ২০২৫' জারি করেন রাষ্ট্রপতি।[৯৯]

## মৃত্যুদণ্ডের বিধান ও মানবাধিকার

২০. ২০২৪ এর ডিসেম্বরে জাতিসংঘ সাধারণ পরিষদে মৃত্যুদণ্ডের ওপর সাময়িক স্থগিতাদেশের প্রশ্নে অনুষ্ঠিত প্রস্তাবে প্রথমবারের মত বাংলাদেশ ভোটদানে বিরত থাকে।[১০০] অতীতে বাংলাদেশ সব সময়ই মৃত্যুদণ্ডের বিধান স্থগিতের বিরুদ্ধে ভোট প্রদান করেছে। এই অগ্রগতি উৎসাহব্যঞ্জক হলেও বিকল্প সাজা দেয়ার বিধান থাকা সত্ত্বেও নিম্ন আদালতের সর্বোচ্চ শাস্তি দেয়ার প্রবণতা বিগত কর্তৃত্ববাদী শাসনামলের মতোই বহাল রয়েছে। ২০২৫ সালে নিম্ন আদালত ব্যাপক সংখ্যক অভিযুক্তকে মৃত্যুদণ্ড দিয়েছে। ফলে আপিল শুনানীর ধীরগতির কারণে মৃত্যুদণ্ডপ্রাপ্ত বন্দিরা বছরের পর বছর কনডেমড্ সেলে মৃত্যুর প্রহর গুণছেন।

২১. **জানুয়ারি থেকে ডিসেম্বর ২০২৫ সালে নিম্ন আদালত কর্তৃক ২২৩ জনকে মৃত্যুদণ্ডের রায় দেয়া হয়েছে।**




## কারাগারে মানবাধিকার পরিস্থিতি

২২. ২০২৫ সালে কারাগারগুলোতে ধারণক্ষমতার চেয়ে অনেক বেশি বন্দি ছিল। সারা দেশে কারাগারের সংখ্যা ৭৪টি। এই সব কারাগারে বন্দি ধারণক্ষমতা ৪৩,১৫৭। একদিকে যেমন কারাগারে বন্দিরা নানা ধরনের সমস্যার সম্মুখিন হয়েছেন অন্যদিকে কারা কর্তৃপক্ষ অর্থের বিনিময়ে কারাগারে আটক আওয়ামী লীগের সাবেক মন্ত্রী-এমপিদের বিশেষ সুবিধা দিয়েছেন বলে অভিযোগ পাওয়া গেছে।[১০১]

---

[৯৮] গুমের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড, সমকাল ৭ নভেম্বর ২০২৫; https://samakal.com/bangladesh/article/323999/

[৯৯] গুমে জড়িতদের মৃত্যুদণ্ডও হতে পারে, প্রথম আলো ২ ডিসেম্বর ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/4k2w1fiwwx

[১০০] https://worldcoalition.org/two-thirds-of-the-united-nations-general-assembly-vote-in-favor-of-the-10th-resolution-for-a-moratorium-on-the-death-penalty/

[১০১] নোয়াখালী কারাগার যেন একরামের রাজপ্রাসাদ, মানবজমিন ২৬ সেপ্টেম্বর ২০২৫; https://mzamin.com/news.php?news=181823

২৩.কারাগারে বিপুল সংখ্যক বন্দী বিনা বিচারে বছরের পর বছর আটক আছেন।[১০২]

- গত ১৫ জুলাই হবিগঞ্জ কারাগার থেকে বিচার বা সাজা ছাড়াই ৩০ বছর কারাভোগ করে মানসিক ভারসাম্যহীন কানু মিয়া জামিনে মুক্ত হন।[১০৩]
- দেশে বর্তমানে দুই হাজারের মতো বন্দি রয়েছেন, যাঁরা ২০ বছরের বেশী সময় ধরে কারাগারে বন্দি আছেন। এই বিষয়গুলো পর্যালোচনা করা যেতে পারে এবং পরিস্থিতি যদি সে রকম হয়, তবে জেল কোড অনুযায়ী সরকার মানবিক বিবেচনায় তাদের মুক্তি দিতে পারে।[১০৪]



*৩০ বছর পর হবিগঞ্জ জেলা কারাগার থেকে মুক্তি পেয়েছেন কানু মিয়া। দুই ভাই ও কারারক্ষীদের মধ্যে (পাঞ্জাবি পরিহিত)। ছবি: প্রথম আলো ১৫ জুলাই ২০২৫*


২৪. কারাগারগুলোতে দৈনিক খাবারে প্রয়োজনীয় পুষ্টির চেয়ে অনেক কম পাচ্ছেন বন্দিরা। এছাড়া চাহিদার থেকে কম এবং নিম্নমানের খাবার দেয়া হয় বন্দিদের।[১০৫] বন্দিদের মধ্যে অনেকেই হৃদরোগ, উচ্চ রক্তচাপ, কিডনি ও লিভার রোগ, ডায়েবেটিস, চর্ম, দন্তসহ নানা রোগে ভুগছেন। ৭৪টি কারা হাসপাতালের জন্য ১৪৮ জন চিকিৎসকের বিপরীতে মাত্র দুই জন স্থায়ী চিকিৎসক রয়েছেন। ফলে চিকিৎসকের অভাবে যথাযথ চিকিৎসা দেয়া সম্ভব হচ্ছে না উপরন্তু বন্দীদের চিকিৎসা নিতে হলে দীর্ঘ প্রক্রিয়ার মধ্যে দিয়ে যেতে হয়। এই কারণে অনেক বন্দীর চিকিৎসার অভাবে মৃত্যু হয়। অ্যাম্বুলেন্সের স্বল্পতার কারণে গুরুতর অসুস্থ বন্দিদের অন্যান্য যানবাহনে করে বাইরের হাসপাতালে নেয়া হয়, যেগুলোতে অক্সিজেন সিলিন্ডারের মতো ন্যুনতম জীবনরক্ষাকারী সরঞ্জামও নেই। ৭৪ কারা হাসপাতালের জন্য অ্যাম্বুল্যান্স আছে মাত্র ২৭টি।[১০৬]

---

[১০২] বিচার ছাড়াই বন্দি বছরের পর বছর, সমকাল ৪ অগাস্ট ২০২৫; https://samakal.com/whole-country/article/308809/
[১০৩] বিচার-সাজা ছাড়াই ৩০ বছর কারাভোগ অতঃপর যেভাবে মিলল মুক্তি, আমার দেশ ১৫ জুলাই ২০২৫; https://www.dailyamardesh.com/bangladesh/sylhet/amdauuudadimh
[১০৪] ২০ বছর সাজা খাটা ২ হাজার কয়েদির মুক্তির সুযোগ, সমকাল ১৬ সেপ্টেম্বর ২০২৫; https://samakal.com/bangladesh/article/315891/
[১০৫] ৮৫ হাজার কারাবন্দি ভুগছে পুষ্টি সংকটে, যুগান্তর ২৪ অগাষ্ট ২০২৫; https://www.jugantor.com/tp-lastpage/994107
[১০৬] প্রথম আলো ১০ নভেম্বর ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/3npkkglvnz

- কারা অধিদপ্তরের বিগত পাঁচ বছরের হিসাবে, কারাগারে বছরে গড়ে ১৯৬ জন বন্দির মৃত্যু হয়েছে। কারাগার অথবা কারা হাসপাতাল থেকে বাইরের হাসপাতালে নেয়ার সময় পথে মৃত্যু হয় বছরে গড়ে ৫৮ জনের। বেশীরভাগ বন্দি হৃদরোগে আক্রান্ত হয়ে মারা গেছেন বলে জানা গেছে।[১০৭]
- ঢাকার সাভারের বিরুলিয়া ইউনয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও আওয়ামী লীগ নেতা সাইদুর রহমান সুজন গত ১৫ জুন ঢাকা কেন্দ্রীয় কারাগারে বন্দি অবস্থায় মারা যান। কারা কর্তৃপক্ষ জানিয়েছে, সুজন গলায় গামছা পেঁচিয়ে আত্মহত্যা করেছে। তবে সুজনের পরিবারের দাবী, উপযুক্ত চিকিৎসার অভাবে সুজন মারা গেছে।[১০৮]

২৫.***অধিকার*** **এর তথ্য অনুযায়ী ২০২৫ সালে জানুয়ারি থেকে ডিসেম্বর পর্যন্ত ১০২ ব্যক্তি কারাগারে মৃত্যুবরণ করেছেন বলে জানা গেছে। প্রাপ্ত তথ্য মতে, এঁদের ১ জনকে পিটিয়ে হত্যা ও ১০১ অসুস্থতাজনিত কারণে মৃত্যুবরণ করেছেন।**




# ২. জনগণের অধিকারের ওপর আক্রমণ

রির্পোটের এই দ্বিতীয় অংশে অধিকার ভোগে প্রতিবন্ধকতা সৃষ্টি করা বা এমন আক্রমণের ঘটনাসমূহ উপস্থাপন করা হয়েছে, যেখানে রাষ্ট্রীয় কর্তৃপক্ষের প্রত্যক্ষ কোনো সম্পৃক্ততা ছিল না বা কেবল পরোক্ষ সম্পৃক্ততা ছিল। এই ধরনের ঘটনার উদাহরণ হিসেবে উচ্ছৃঙ্খল জনতা কর্তৃক সংঘটিত সহিংসতা, রাজনৈতিক সহিংসতা, প্রতিদ্বন্দ্বী গোষ্ঠী কর্তৃক জনসমাবেশ ও গণজমায়েতের ওপর হামলা, এবং সাংবাদিকদের ওপর আক্রমণের কথা উল্লেখ করা যায়।

[১০৭] হাসপাতালে নেওয়ার পথে ৫ বছরে ২৭৫ বন্দির মৃত্যু, প্রথম আলো ১০ নভেম্বর ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/3npkkglvnz

[১০৮] গণঅভ্যুত্থানে অস্ত্র নিয়ে হামলায় অভিযুক্ত সাভারের সেই চেয়ারম্যান সুজনের কারাগারে মৃত্যু, পুলিশ বলছে আত্মহত্যা, ঢাকা পোস্ট, ১৫ জুন ২০২৫; https://www.dhakapost.com/national/372624

# ক. হয়রানিমূলক ও মিথ্যা মামলা এবং জুলাই হত্যাকাণ্ডের মামলা প্রত্যাহারের সুপারিশ

## *মিথ্যা ও হয়রানিমূলক মামলা*

২৬. ২০২৪ এর জুলাই গণঅভ্যুত্থানের পর সারা বাংলাদেশে হত্যা ও হত্যাচেষ্টার অনেকগুলো মামলা দায়ের করা হয়। এই মামলা দায়ের ২০২৫ সালেও অব্যাহত ছিল।[১০৯] বেশীর ভাগ মামলার এজাহারে প্রকৃত আসামি এবং আওয়ামী লীগের নেতা-কর্মীদের পাশাপাশি আওয়ামী লীগ আমলে রাজনৈতিক কারণে গায়েবি মামলার শিকার হওয়া ব্যক্তিদেরও গণঅভ্যুত্থানের সময় সংঘটিত হত্যা মামলায় আসামি করা হয়।[১১০] অসুস্থ হয়ে মৃত্যুবরণকারী ব্যক্তিকেও জুলাই আন্দোলনের সময় নিহত হয়েছেন বলে ভুয়া হত্যা মামলা দায়ের করা হয়েছে। মামলায় অজ্ঞাতনামা ৬০০ জনসহ ৭৬৮ জনকে আসামী করার ঘটনাও ঘটেছে।[১১১]

২৭. এই সময়ে বিএনপি'র নেতা-কর্মী, অরাজনৈতিক ব্যক্তি, ব্যবসায়ী, পেশাজীবী, অন্যত্র থাকা মানুষ, মৃত ও প্রবাসীসহ বিভিন্ন পেশার ব্যক্তিদের হয়রানিমূলকভাবে আসামি করা হয়েছে।[১১২] অনেক ক্ষেত্রেই এটা করা হয়েছে সম্পত্তি হাতিয়ে নেয়ার উদ্দেশ্যে,[১১৩] সম্পত্তি নিয়ে বিরোধের জেরে[১১৪] পূর্বশত্রুতা, ব্যবসায়িক দ্বন্দ্ব ও বাণিজ্যের উদ্দেশ্য থেকে এইসব মামলাগুলোর তদন্ত চলা অবস্থায় বাদী ও আইনপ্রয়োগকারী সংস্থার সদস্যরা অর্থ আদায়ের[১১৫] জন্য যে কাউকে আসামি করেছেন বলে অভিযোগ রয়েছে। জীবিত ব্যক্তিকে গণঅভ্যুত্থানের সময় নিহত হয়েছে বলে দাবি করে মামলা দায়ের করা হয়েছে।[১১৬] মামলা বাণিজ্য করার জন্য বাদীর অজ্ঞাতে আইনজীবী আসামীর সংখ্যা পাঁচগুন বাড়িয়ে দিয়ে মামলা দায়ের করেছেন।[১১৭] মামলায় জড়িয়ে দেয়ার হুমকি দিয়ে ব্যাপকভাবে চাঁদাবাজি করার অভিযোগও পাওয়া গেছে এই সময়ে।[১১৮] এমনও মামলা রয়েছে যার মধ্যে এজাহারভুক্ত আসামীর সংখ্যা ৭৩৫।[১১৯]

---

[১০৯] ফেনীতে মামলা নিয়ে বহুস্তরের বাণিজ্য, প্রথম আলো ৩ অক্টোবর ২০২৫; https://epaper.prothomalo.com/Home/ShareArticle?OrgId=3104ad47a49&eid=1&imageview=0&epedate=03/10/2025&sedId=1

[১১০] সমকাল ৫ ফেব্রুয়ারী ২০২৫; https://samakal.com/bangladesh/article/279091/

[১১১] ঢালাও আসামির নেপথ্যে বাণিজ্য, বিদ্বেষ, দ্বন্দ্ব, প্রথম আলো, ২৭ এপ্রিল ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/crime/lqdc4cooo5

[১১২] ঢালাও আসামীর নেপথ্যে বাণিজ্য, বিদ্বেষ, দ্বন্দ্ব, প্রথম আলো ২৭ এপ্রিল ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/crime/lqdc4cooo5

[১১৩] বৈষম্যবিরোধী ছাত্র হত্যা মামলায় জেল খাটছেন ৬৭ বছর বয়সী নারী, মানবজমিন ২৪ অগাস্ট ২০২৫; https://mzamin.com/news.php?news=176902

[১১৪] সাভারে ব্যবসায়ীকে বৈষম্যবিরোধী হত্যা মামলায় ফাঁসানোর অভিযোগ, আমার দেশ ২৬ অগাস্ট ২০২৫; https://images.dailyamardesh.com/cropped-images/image_sl3_row2_date_26-08-2025_edition_2_page2_975396_954709_updated_watermarked_3ffed38a-2f1c-4e81-935e-81cfe4b66837.jpg

[১১৫] ধামরাইয়ে টাকার বিনিময়ে ব্যবসায়ীকে ফাঁসালেন ওসি, যুগান্তর ৭ অগাস্ট ২০২৫; https://www.jugantor.com/tp-second-edition/987295

[১১৬] জীবিত ভাইকে জুলাই আন্দোলনে 'মৃত' দাবি করে মামলা, প্রথম আলো ১ জুন ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/lcpw86480m

[১১৭] ২৬২ ভুয়া আসামি নিয়ে বিপাকে বাদী, যুগান্তর ৪ অক্টোবর ২০২৫; ২৬২ ভুয়া আসামি নিয়ে বিপাকে বাদী, যুগান্তর ৪ অক্টোবর ২০২৫; https://www.jugantor.com/crime/1011316

[১১৮] মানবজমিন ২ মার্চ ২০২৫; https://mzamin.com/news.php?news=150577

[১১৯] বাতিঘরের দীপঙ্করকে জিজ্ঞাসাবাদ পুলিশের, মানবজমিন ২৯ জুন ২০২৫; https://mzamin.com/news.php?news=168107

- ২০২৪ সালের ৪ অগাস্ট গণআন্দোলন চলাকালে ফেনীর মহিপালে ছাত্র-জনতার সমাবেশ চলাকালে ছাত্রলীগ ও যুবলীগের দুর্বৃত্তরা গুলি চালালে ৭জন নিহত হন। এরমধ্যে ওয়াকিল আহমেদ শিহাব নামে এক শিক্ষার্থী নিহত হন। শিহাব হত্যার অভিযোগে তাঁর মা মাহফুজা আক্তার ফেনী মডেল থানায় একটি মামলা দায়ের করেন এবং পুলিশ ১৫১ জনকে অভিযুক্ত করে আদালতে চার্জশিট দেয়। কিন্তু আওয়ামী লীগ সরকারের সময়ে বিরোধীদলের নেতা-কর্মী ও ভিন্নমতাবলম্বীদের বিরুদ্ধে দায়ের করা হয়রানীমূলক মামলা প্রত্যাহারের তালিকায় শিহাব হত্যা মামলাটি সংশ্লিষ্ট পাবলিক প্রসিকিউটর অন্তর্ভুক্ত করেন। মামলার বাদী মাহফুজা আক্তার এবং মামলার আইনজীবী মেজবাহ উদ্দিন ভূঞা এই বিষয়ে কিছুই জানতেন না।[১২০]

### *আদালত প্রাঙ্গনে অভিযুক্তদের ওপর হামলা*

২৮. ছাত্র-জনতার আন্দোলনের সময় সংঘটিত বিভিন্ন ঘটনায় দায়ের করা মামলায় পতিত হাসিনা সরকারের যে সমস্ত সংসদ সদস্য ও মন্ত্রী গ্রেফতার হয়েছেন তাদের কয়েকজনের ওপর ২০২৫ সালেও আদালত প্রাঙ্গনে এমনকি এজলাসে[১২১] বিএনপিপন্থী আইনজীবীসহ বিক্ষুদ্ধ জনতা হামলা চালিয়েছে। এছাড়া জামিনে মুক্ত হওয়ার পরও অনেকে লাঞ্ছিত ও মারধরের শিকার হয়েছেন।[১২২] *অধিকার* মনে করে যে, অভিযুক্ত বন্দিদের নিরাপত্তা নিশ্চিত করা সরকারের দায়িত্ব। যে সব আইনজীবী এই ধরনের অপেশাদার আচরণ ও আক্রমনের সঙ্গে জড়িত ছিলেন তাঁদের বিরুদ্ধে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কোনো ব্যবস্থা নেয়নি।

- হত্যা ও নাশকতার পৃথক মামলায় সাবেক এমপি মমতাজকে গত ২২ মে মানিকগঞ্জের চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে হাজির করার পর শুনানী শেষে প্রিজন ভ্যানে তোলার সময় আদালত প্রাঙ্গনে তাকে লক্ষ্য করে ডিম ও জুতা ছোঁড়ে বিক্ষুদ্ধ জনতা ও বিএনপির নেতা-কর্মীরা।[১২৩]
- গত ২২ মে বরগুনা জেলা আওয়ামী লীগের সভাপতি ধীরেন্দ্র দেবনাথ শম্ভুকে আদালত থেকে কারাগারে নেয়ার সময় আদালত প্রাঙ্গনে তাকে লক্ষ্য করে ডিম ছোঁড়ে বিএনপিপন্থী আইনজীবীসহ সাধারণ মানুষ।[১২৪]

## খ. সভা-সমাবেশে হামলা

২৯. সভা ও সমাবেশের ওপর হামলা ব্যক্তি-গোষ্ঠীর পাশাপাশি আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের দ্বারাও সংঘটিত হয়েছে। ২০২৫ সালে রাজনৈতিক দল ও বিভিন্ন দাবি-দাওয়া নিয়ে আন্দোলনকারী বিভিন্ন সংগঠনের শান্তিপূর্ণ সভা-সমাবেশ ও মিছিলে পুলিশ লাঠিচার্জ করেছে এবং সাউন্ড গ্রেনেড ছুঁড়েছে।[১২৫]

[১২০] জুলাই শহীদ শিহাব হত্যা মামলা প্রত্যাহারে মন্ত্রণালয়ে সুপারিশ, মানবজমিন ৩ অক্টোবর ২০২৫; https://mzamin.com/news.php?news=182905#gsc.tab=0

[১২১] নারায়নগঞ্জের আদালতে সাবেক আইনমন্ত্রী আনিসুল হককে কিলঘুষি, প্রথম আলো, ২৮ এপ্রিল ২০২; https://www.prothomalo.com/bangladesh/district/d15xsei4pm# ; Ex-law minister Anisul Huq assaulted at Narayanganj court, https://en.prothomalo.com/bangladesh/local-news/drqphgpyo8

[১২২] জামিনে মুক্তির পর সাবেক এমপিকে হেনস্তা-মারধর, সমকাল ৯ এপ্রিল ২০২৫; https://samakal.com/whole-country/article/289225/

[১২৩] আদালত প্রাঙ্গণে মমতাজ ও শম্ভুর ওপর ডিম নিক্ষেপ, সমকাল ২৩ মে ২০২৫; https://www.jugantor.com/tp-city/957177

[১২৪] আদালত প্রাঙ্গণে মমতাজ ও শম্ভুর ওপর ডিম নিক্ষেপ, সমকাল ২৩ মে ২০২৫; https://www.jugantor.com/tp-city/957177

[১২৫] মানবজমিন ১৭ জানুয়ারি ২০২৫; https://mzamin.com/news.php?news=144474

শিক্ষকরাও এই সময় সমাবেশ করতে যেয়ে পুলিশ কর্তৃক আক্রান্ত হয়েছেন।[১২৬] এছাড়া শাহবাগবিরোধী ঐক্যের ব্যানারে বাম ছাত্র জোটের মিছিলে[১২৭] এবং বিএনপির নেতা-কর্মীরা অন্য রাজনৈতিক দলের ওপর হামলা করেছে।[১২৮] কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের নেতা-কর্মীরা এনসিপি ও জামায়াতের সভা-সমাবেশে এবং বিএনপির দলীয় কোন্দলের কারণে নিজ দলীয় নেতা-কর্মীদের মিছিলেও হামলার ঘটনা ঘটেছে।[১২৯] এছাড়া বাউল শিল্পী আবুল হোসেনের মুক্তির দাবিতে মানিকগঞ্জে বাউল শিল্পীদের মানববন্ধনে ধর্মীয় উগ্রপন্থীরা হামলা করেছে।[১৩০]



*ইবতেদায়ি শিক্ষকদের লাঠিপেটা ও জলকামান নিক্ষেপ করছে পুলিশ। ছবিঃ বাংলা ট্রিবিউন ২৬ জানুয়ারি ২০২৫*



*বাড়ি ভাড়া ও চিকিৎসা বৃদ্ধির দাবিতে জাতীয় প্রেসক্লাবের সামনে অবস্থান নেওয়া এমপিওভুক্ত শিক্ষক কর্মচারীদের লাঠিপেটা করে এবং সাউন্ড গ্রেনেড ছুঁড়ে ছত্রভঙ্গ করে দেয় পুলিশ। এই সময়ে কয়েকজন শিক্ষককে টেনেহিঁচড়ে নিয়ে যেতে দেখা যায়। ছবি: সমকাল ১৩ অক্টোবর ২০২৫*

---

[১২৬] শিক্ষকদের ওপর পুলিশের লাঠিপেটা, সাউন্ড গ্রেনেড, সমকাল ১৩ অক্টোবর ২০২৫; https://epaper.samakal.com/nogor-edition/2025-10-13/16/3334

[১২৭] রাবিতে বাম ছাত্র জোটের মিছিলে হামলা, আহত ৫, যুগান্তর ২৮ মে ২০২৫; https://www.jugantor.com/campus/959317; Several injured as leftist, Shibir-linked groups clash at RU after Azharul acquittal, https://www.dhakatribune.com/bangladesh/nation/382441/several-injured-as-leftist-shibir-linked-groups

[১২৮] প্রথম আলো ২১ মার্চ ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/58ge75gags

[১২৯] কালিয়াকৈর বিএনপির দুই পক্ষের সংঘর্ষের ঘটনায় মামলা, এক নেতা গ্রেপ্তার, প্রথম আলো, ১৬ জুন ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/w0f2qgcx9l

[১৩০] পুলিশের সামনেই বাউলদের ওপর হামলা, আহত ১৫, সমকাল ২৪ নভেম্বর ২০২৫; https://epaper.samakal.com/nogor-edition/2025-11-24/16/6059




*মানিকগঞ্জে কারাবন্দি বাউলশিল্পী আবুল সরকারের ভক্ত-সমর্থকদের ওপর হামলা চালায় তৌহিদী জনতা। ছবি: সমকাল ২৪ নভেম্বর ২০২৫*

- গত ২০ মার্চ রাজশাহীর বাঘা উপজেলায় চাঁদাবাজির বিরুদ্ধে জামায়াতে ইসলামীর মানববন্ধন কর্মসূচীতে বিএনপির নেতা-কর্মীরা হামলা চালালে ৪ জন কর্মী আহত হন।[১৩১]
- গত ২৪ মার্চ নোয়াখালীর হাতিয়ায় জাতীয় নাগরিক পার্টির যুগ্ম মুখ্য সমন্বয়ক আব্দুল হান্নান মাসুদ মিছিল বের করলে বিএনপি'র নেতা-কর্মীরা একটি পাল্টা মিছিল থেকে তাঁদের ওপর হামলা চালালে আব্দুল হান্নান মাসুদসহ বেশ কয়েকজন আহত হন।[১৩২]



*হামলায় আহত এনসিপি নেতা আবদুল হান্নান মাসউদ। ছবি: প্রথম আলো ২৫ মার্চ ২০২৫*

- সুপ্রিম কোর্টের আপিল বিভাগ কর্তৃক জামায়াত নেতা আজহারুল ইসলামকে মৃত্যুদণ্ডাদেশ থেকে খালাস দেয়ার প্রতিবাদে গত ২৯ মে চট্টগ্রামে বামপন্থী গণতান্ত্রিক ছাত্রজোট মিছিল করার সময় শাহবাগবিরোধী ঐক্যের নেতা-কর্মীরা ওই মিছিলে হামলা চালালে ১২ জন আহত হন।[১৩৩]

---

[১৩১] প্রথম আলো ২১ মার্চ ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/58ge75gags
[১৩২] মানবজমিন ২৬ মার্চ ২০২৫; https://mzamin.com/news.php?news=154085
[১৩৩] ছাত্র জোটের কর্মসূচীতে নারীসহ দুজনকে লাথি মারার অভিযোগ, প্রথম আলো ৩০ মে ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/c61v2umq4s

- গত ১৬ জুলাই গোপালগঞ্জ শহরের পৌর পার্কে অনুষ্ঠিত জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) এর সমাবেশে আওয়ামী লীগ এবং এর অঙ্গসংগঠনের নেতা-কর্মীরা হামলা চালায়। এই সময় সারা শহরে সংঘর্ষ ছড়িয়ে পড়লে সেনাবাহিনী ও পুলিশের সঙ্গে আওয়ামী লীগের নেতা-কর্মীদের সংঘর্ষে চারজন নিহত ও পঞ্চাশের বেশী মানুষ আহত হন।[১৩৪]
- গত ২০ অগাস্ট কক্সবাজারের উখিয়ায় চাকরিচ্যুত শিক্ষকদের শান্তিপূর্ণ বিক্ষোভ সমাবেশে পুলিশ লাঠিচার্জ করে এবং ছাত্র প্রতিনিধিসহ ১০ জনকে আটক করে।[১৩৫]
- গত ১ নভেম্বর সিলেটে বাংলাদেশের সমাজতান্ত্রিক দল (বাসদ) এর কার্যালয়ে পাঠচক্র চলাকালে পুলিশ ব্যাটারিচালিত রিকশা শ্রমিকদের আন্দোলনে মদদ দেয়ার অভিযোগে সেখানে অভিযান চালিয়ে ২২ জন নেতাকর্মীকে আটক করে।[১৩৬]
- গত ৮ নভেম্বর ১০তম গ্রেডে বেতনসহ তিন দফা দাবিতে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা কেন্দ্রীয় শহীদ মিনার থেকে শাহবাগে পদযাত্রার সময় পুলিশ তাঁদের ওপর লাঠিচার্জ, কাঁদানে গ্যাস ও সাউন্ড গ্রেনেড নিক্ষেপ করে ছত্রভঙ্গ করে দেয়।[১৩৭]



*শিক্ষকদের ওপর পুলিশের লাঠিচার্জ। ছবি: মানবজমিন ৯ নভেম্বর ২০২৫*

- গত ১৭ ডিসেম্বর বরগুনার পাথরঘাটায় জামায়াতে ইসলামীর কর্মী সভায় শ্রমিক লীগ নেতা সুলাইমান সাদিকের নেতৃত্বে হামলা হলে ১৫ জন আহত হন।[১৩৮]

[১৩৪] গোপালগঞ্জে এনসিপির ওপর হামলা, সংঘর্ষ, নিহত ৪, প্রথম আলো ১৭ জুলাই ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/3x8hs9iao9

[১৩৫] উখিয়ায় চাকরিচ্যুত শিক্ষকদের বিক্ষোভে পুলিশের লাঠিচার্জ , আটক ১০, নয়াদিগন্ত, ২০ অগাস্ট র২০২৫; https://dailynayadiganta.com/bangladesh/country-news/Dvy5cv9lT0RM

[১৩৬] সিলেটে বাসদের কার্যালয় থেকে ২২ নেতা-কর্মী আটক, সমকাল ২ নভেম্বর ২০২৫; https://samakal.com/whole-country/article/323236/

[১৩৭] প্রাথমিক শিক্ষকদের পদযাত্রায় সাউন্ড গ্রেনেড ও লাঠিচার্জ সারা দেশে কর্মবিরতি, মানবজমিন ৯ নভেম্বর ২০২৫; https://mzamin.com/news.php?news=188648#gsc.tab=0

[১৩৮] জামায়াতের কর্মীসভায় হামলার অভিযোগ, সমকাল ১৯ ডিসেম্বর ২০২৫; https://samakal.com/whole-country/article/330149/

- গত ২৯ ডিসেম্বর ঢাকার কারওয়ান বাজারের ব্যবসায়ীরা চাঁদাবাজি বন্ধে মানববন্ধন কর্মসূচী পালনকালে তেজগাঁও থানা যুবদলের বহিস্কৃত সদস্য সচিব আবদুর রহমানের অনুসারীরা হামলা চালিয়ে কর্মসূচী পন্ড করে দেয়।[১৩৯]

## গ. মতপ্রকাশের স্বাধীনতা লঙ্ঘন

৩০. ২০২৫ সালেও মতপ্রকাশের স্বাধীনতা ক্ষুণ্ন হয়েছে। যদিও কর্তৃত্ববাদী হাসিনার শাসনামল থেকে এই সময়কালে নাগরিকরা অনেক বেশী মতপ্রকাশের স্বাধীনতা ভোগ করেছেন। এই সময়ে আওয়ামী লীগের নেতা-কর্মী এবং উগ্র ধর্মীয় গোষ্ঠী মত প্রকাশের স্বাধীনতার ওপর আঘাত করেছে। সংবিধানের ৪৩ অনুচ্ছেদে নাগরিকদের ব্যক্তিগত ও অন্যান্য যোগাযোগের ক্ষেত্রে গোপনীয়তার অধিকার নিশ্চিত করার কথা বলা হলেও তা লঙ্ঘিত হয়েছে বলে অভিযোগ রয়েছে। এই সময়ে বেআইনীভাবে রের্কড করা ফোনালাপ সামাজিক যোগাযোগ মাধ্যম এবং ইউটিউবে ফাঁস করা হয়েছে; যা নাগরিকদের গোপনীয়তা ও নিরাপত্তাকে লঙ্ঘন করেছে।

- ঢাকায় ১৪ এপ্রিল বাংলা নববর্ষের শোভাযাত্রার জন্য 'ফ্যাসিবাদের মুখাকৃতি'[১৪০] তৈরী করার কারণে চিত্রশিল্পী মানবেন্দ্র ঘোষের মানিকগঞ্জ সদরের চান্দহর গ্রামের বাড়িতে গত ১৫ এপ্রিল গভীর রাতে আগুন দেয় আওয়ামী লীগ ও নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের নেতা-কর্মীরা। আগুনে মানবেন্দ্র ঘোষের সমস্ত শিল্পকর্ম পুড়ে যায়।[১৪১]



*ফ্যাসিবাদের প্রতীক হিসেবে নির্মিত ফ্যাসিস্ট শেখ হাসিনার মুখের মোটিফ পুড়িয়ে দেয়া হয়। ছবি: বাসস, ১৩ এপ্রিল ২০২৫*

---

[১৩৯] কারওয়ান বাজারে ব্যবসায়ীদের মানববন্ধনে অতর্কিত হামলা, আমার দেশ ৩০ ডিসেম্বর ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/crime/p11ymnglzy

[১৪০] 'ফ্যাসিবাদের মুখাকৃতি' ছিল ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার এফিজি

[১৪১] সন্ধ্যায় জিডি শিল্পীর, মধ্যরাতে বাড়িতে আগুন, সমকাল ১৭ এপ্রিল ২০২৫; https://samakal.com/bangladesh/article/290674/ , Artist Manabendra Ghosh's home set on fire in Manikganj, allegedly over Pahela Baishakh motif; https://thefinancialexpress.com.bd/national/artist-manabendra-ghoshs-home-set-on-fire-in-manikganj-allegedly-over-pahela-baishakh-motif



*মানিকগঞ্জ সদর উপজেলার গড়পাড়া বাজার এলাকায় ভাস্কর মানবেন্দ্র ঘোষের বাড়িতে আগুন দিয়েছে এক দল দুর্বৃত্ত। এতে ঘরের পাশাপাশি ৩০টির বেশি শিল্পকর্ম পুড়ে গেছে। ছবি: সমকাল, ১৭ এপ্রিল ২০২৫*

- গত ১১ ডিসেম্বর শেরপুর সদরে স্থানীয় প্রভাবশালীরা একটি বাউল গানের আসরে হামলা করে সেটা পণ্ড করে দেয়।[১৪২]
- গত ১৮ ডিসেম্বর শরিফ ওসমান হাদী মারা যাওয়ার সংবাদে ঢাকাসহ সারাদেশে ব্যাপক বিক্ষোভ হয়। এই দিন মধ্যরাতে একটি স্বার্থান্বেষী গোষ্ঠী সাংস্কৃতিক প্রতিষ্ঠান ছায়ানট ভবনে[১৪৩] এবং পরেরদিন ১৯ ডিসেম্বর অপর সাংস্কৃতিক সংগঠন উদীচী কার্যালয়ে[১৪৪] হামলা চালিয়ে ব্যাপক ভাঙচুর এবং অগ্নিসংযোগ করে।

## *সংবাদ মাধ্যমের স্বাধীনতা*

৩১. বাংলাদেশ বেতার ও বাংলাদেশ টেলিভিশন স্বায়ত্ব শাসিত করার উদ্দেশ্যে 'জাতীয় সম্প্রচার কমিশন' গঠন ও নীতিমালা বাস্তবায়নের জন্য ২০০০ সালের ১৭ অগাস্ট *অধিকার* সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে একটি রিট পিটিশন দাখিল করে। প্রাথমিক শুনানী শেষে হাইকোর্টের সংশ্লিষ্ট বেঞ্চ ২০০০ সালের ১৯ নভেম্বর সুপারিশ সংবলিত কমিশনের প্রতিবেদন বাস্তবায়নের বিষয়টি বিবেচনার জন্য কেন নির্দেশ দেয়া হবে না তা জানতে চায়। কিন্তু দীর্ঘ কর্তৃত্ববাদী শাসনামলে এই শুনানী অনুষ্ঠিত হয়নি। ২০২৫ সালের ২৬ ফেব্রুয়ারি সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারপতি মোহাম্মদ উল্লাহ ও বিচারপতি ফয়েজ আহমেদের বেঞ্চে রুলের শুনানী শুরু হলেও তা আবার মুলতবি হয়ে যায়।

৩২. ২০২৫ সালে সংবাদপত্র অফিসে হামলা, ভাঙচুর অগ্নিসংযোগ ও সাংবাদিকদের হত্যাসহ বিভিন্ন ধরনের নিপীড়নের ঘটনা ঘটেছে। ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান হাদী গুলিবিদ্ধ হওয়ার পর গত ১৮ ডিসেম্বর তাঁর মারা যাওয়ার সংবাদে ঢাকাসহ সারাদেশে যখন বিক্ষোভ হচ্ছিল, তখন একটি স্বার্থন্বেষী গোষ্ঠী দৈনিক প্রথম আলো ও দ্য ডেইলি স্টারে হামলা চালিয়ে ব্যাপক ভাঙচুর এবং অগ্নিসংযোগ করে। এই সময়

---

[১৪২] শেরপুরে আবার বাউলগানের আসর পণ্ড, সমকাল ১৪ ডিসেম্বর ২০২৫; https://samakal.com/whole-country/article/329447/

[১৪৩] ছায়নটে হামলা-অগ্নিসংযোগ, হামলাকারীদের গ্রেপ্তারের দাবি, প্রথম আলো ২০ ডিসেম্বর ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/capital/le7e316xt5

[১৪৪] উদীচী শিল্পীগোষ্ঠীর কেন্দ্রীয় কার্যালয়ে আগুন, প্রথম আলো ২০ ডিসেম্বর ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/l26sc7fkhu

ডেইলি স্টারের ২৮ জন সাংবাদিক ও কর্মী ছাদে আটকা পড়েন।[১৪৫] হামলার সময় আটকে পড়া সংবাদকর্মীদের পরিস্থিতি দেখতে গিয়ে নিউ এজের সম্পাদক নূরুল কবিরও দুর্বৃত্তদের হাতে লাঞ্ছিত হন।[১৪৬] এই সময়ে ঢাকার বাইরে কুষ্টিয়া, খুলনা ও সিলেটে প্রথম আলো কার্যালয় ভাঙচুর হয়েছে।[১৪৭]



*প্রথম আলোর কার্যালয়ে আগুন। ছবি: প্রথম আলো ২০ ডিসেম্বর ২০২৫*




*ডেইলী স্টার কার্যালয়ে আগুন। ছবি: প্রথম আলো ২০ ডিসেম্বর ২০২৫*

৩৩. এই সময়ে বিএনপি[১৪৮] ও জামায়তপন্থী আইনজীবী[১৪৯] ছাড়াও প্রশাসন, মাদক ব্যবসায়ী[১৫০] এবং ভূমি দস্যুদের বিরুদ্ধে সাংবাদিকদের ওপর হামলা, মামলা দায়ের [১৫১], লাঞ্ছিত করা,[১৫২] ও ভ্রাম্যমান আদালতের

---

[১৪৫] প্রথম আলো ও ডেইলি স্টার ভবনে হামলা, আগুন, সমকাল ১৯ ডিসেম্বর ২০২৫; https://samakal.com/capital/article/330177/
[১৪৬] হেনস্তার শিকার নিউএজ সম্পাদক নূরুল কবির, প্রথম আলো ২০ ডিসেম্বর ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/cc98ynr0s7
[১৪৭] প্রথম আলো -ডেইলি ষ্টার আক্রান্ত, প্রথম আলো ২০ ডিসেম্বর ২০২৫; https://epaper.prothomalo.com/Home/ShareArticle?OrgId=20129a0fce26&eid=1&imageview=0&epedate=20/12/2025&sedId=1

মাধ্যমে সাজা দেয়া[১৫৩], হত্যার হুমকি[১৫৪], পুলিশের উর্ধ্বতন কর্মকর্তা কর্তৃক মারধর এবং গুমের হুমকি[১৫৫], তথ্য চাওয়ায় প্রশাসন কর্তৃক সাংবাদিককে আটক করা[১৫৬], সাংবাদিক সমিতি অফিস ভাঙচুরসহ[১৫৭] বিভিন্ন নিপীড়নের অভিযোগ পাওয়া গেছে।

- গত ২৭ মার্চ বরিশালে পেশাগত দায়িত্ব পালনকালে বরিশাল জেলা জজ আদালতের সামনে স্থানীয় দৈনিক বরিশাল মেইলএর প্রধান ফটো সাংবাদিক এন আমিন রাসেল ও স্থানীয় দৈনিক মুখপাত্রের স্টাফ রিপোর্টার মনিরুজ্জামানের ওপর বরিশাল জেলা ছাত্রদলের নেতা সোহেল রাঢ়ীর নেতৃত্বে একদল দুর্বৃত্ত হামলা করে সাংবাদিক দুইজনকে মারধর করাসহ ক্যামেরা ও দুটি মোবাইল ফোন ভাঙচুর করে এবং নগদ টাকা ছিনিয়ে নেয়। এরপর আদালতের প্রধান ফটকের সামনে রাখা সাংবাদিকদের একটি মোটরসাইকেল পুড়িয়ে দেয়।[১৫৮]
- গত ২৪ এপ্রিল সাতক্ষীরা জেলার তালা উপজেলা কালের কণ্ঠের প্রতিনিধি টিপু সুলতান তালা উপজেলা কমপ্লেক্স ভবন নির্মাণকাজে অনিয়ম দুর্নীতির তথ্য সংগ্রহ করতে গেলে উপজেলা প্রকৌশল অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী এমএম মামুন আলম তাঁকে মারধর করে। টিপু ঘটনাটি উপজেলা নির্বাহী কর্মকর্তা শেখ মোহাম্মদ রাসেলকে জানালে তিনি ঘটনাস্থলে এসে প্রকৌশলী এমএম মামুন ও ঠিকাদারের লোকজনের কাছে একতরফা ঘটনা শুনে টিপুকে ১০ দিনের বিনাশ্রম কারাদণ্ড ও ২০০ টাকা জরিমানা করেন।[১৫৯]
- গত ৩১ জুলাই দৈনিক প্রতিদিনের কাগজ পত্রিকার গাজীপুরের স্টাফ রিপোর্টার আসাদুজ্জামান তুহিন ফুটপাথে চাঁদাবাজি নিয়ে ফেসবুকে লাইভ করার কারণে ৭ অগাস্ট গাজীপুর মহানগরীর চান্দনা চৌরাস্তায় মসজিদ মার্কেটের সামনে তাঁকে একদল সশস্ত্র দুর্বৃত্ত কুপিয়ে হত্যা করে।[১৬০]
- মাদক কারবার, ঠিকাদারি কাজের মান, রাজনৈতিক দুর্বৃত্তায়নসহ বিভিন্ন বিষয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে সরব থাকার কারণে বাগেরহাটের দৈনিক ভোরের চেতনার স্টাফ রিপোর্টার হায়াত উদ্দিনকে গত ৩ অক্টোবর দুটি মোটর সাইকেল যোগে এসে চার-পাঁচজন দুর্বৃত্ত কুপিয়ে হত্যা করে।[১৬১]

---

[১৪৮]আমার দেশ বদরগঞ্জ প্রতিনিধির ওপর সন্ত্রাসী হামলা, বাড়ি ভাঙচুর, আমার দেশ ২৪ জুলাই ২০২৫; https://www.dailyamardesh.com/bangladesh/rangpur/amd1nlypnybpz

[১৪৯] তিন সাংবাদিককে হেনস্তা জামায়াতপন্থি আইনজীবীদের , যুগান্তর ২৯ অক্টোবর ২০২৫; https://www.jugantor.com/media/1021672

[১৫০] সিংগাইরে সাংবাদিকের ওপর সন্ত্রাসী হামলা, মানবজমিন ১৬ এপ্রিল ২০২৫; https://mzamin.com/news.php?news=156681

[১৫১] সিংগাইরে সাংবাদিকের ওপর সন্ত্রাসী হামলা, মানবজমিন ১৬ এপ্রিল ২০২৫; https://mzamin.com/news.php?news=156681

[১৫২] শ্যামনগরে জামায়াত নেতাকর্মীদের হাতে দুই সাংবাদিক লাঞ্ছিত, সমকাল ৯ এপ্রিল ২০২৫; https://samakal.com/whole-country/article/289358/, টঙ্গীতে চাঁদাবাজির ভিডিও করার সময় সাংবাদিক লাঞ্ছিত, নয়াদিগন্ত ১২ জুলাই ২০২৫; https://dailynayadiganta.com/bangladesh/country-news/hCr3Ddqqe7Gh

[১৫৩] তথ্য জানতে চাওয়ায় কারাদণ্ড, সাতক্ষীরায় জামিন পেলেন সাংবাদিক টিপু সুলতান, প্রথম আলো, ২৪ এপ্রিল ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/9359qhefql

[১৫৪] চুয়াডাঙ্গায় সাংবাদিককে তুলে নেয়ার হুমকি দিলেন বিএনপি নেতা, যুগান্তর ২৫ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/country-news/945715, পটুয়াখালীতে বিএপি নেতার বিরুদ্ধে সাংবাদিককে হত্যার হুমকির অভিযোগ পাওয়া গেছে, প্রথম আলো ২৯ জুলাই ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/egp98p55ko

[১৫৫] তুই ফ্যাসিস্ট, গায়েব করার হুমকি উপপুলিশ কমিশনারের, যুগান্তর ১৩ অক্টোবর ২০২৫; https://www.jugantor.com/tp-lastpage/1015158

[১৫৬] এসিল্যান্ডের কাছে তথ্য চাইতে গিয়ে সাংবাদিক আটক, যুগান্তর ১৫ জুলাই ২০২৫; https://www.jugantor.com/country-news/978312

[১৫৭] ছাত্রদলকর্মীর নেতৃত্বে হাবিপ্রবিতে সাংবাদিক সমিতির অফিস ভাঙচুর, নয়াদিগন্ত, ১ জুলাই ২০২৫; https://dailynayadiganta.com/bangladesh/education-campus/1lIfyqHKVwAh

[১৫৮] যুগান্তর ২৮ মার্চ ২০২৫; https://www.jugantor.com/country-news/935124

[১৫৯] তথ্য জানতে চাওয়ায় কারাদণ্ড, সাতক্ষীরায় জামিন পেলেন সাংবাদিক টিপু সুলতান, প্রথম আলো, ২৪ এপ্রিল ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/9359qhefql ; Kaler Kantho journalist gets bail in Satkhira, The Daily Sun, 24 April 2025; https://www.daily-sun.com/post/801913

[১৬০] গাজীপুরে সাংবাদিককে কুপিয়ে হত্যা, মানবজমিন ৮ অগাস্ট ২০২৫; https://mzamin.com/news.php?news=174467

- গত ১৯ সেপ্টেম্বর মানবজমিনের নওগাঁ জেলার নিয়ামতপুর উপজেলা প্রতিনিধি শাকিল হোসেন তাঁর পেশাগত দায়িত্ব পালনকালে যুবদল নেতা এনামুল হকের নেতৃত্বে একদল দুর্বৃত্ত তাঁর ওপর হামলা করে এবং তাঁর ক্যামেরা ভেঙ্গে ফেলে।[১৬২]
- গত ৫ নভেম্বর নারায়ণগঞ্জ জেলার ফতুল্লা এলাকায় এক নারীর জমি দখলের অভিযোগের বিষয়ে তথ্য সংগ্রহ করতে গেলে বিএনপি নেতা শাহাদাত এবং তার সহযোগীরা জাগো নিউজের প্রতিনিধি আকাশ খানসহ তিন সাংবাদিকের ওপর হামলা চালিয়ে তাঁদের আহত করে।[১৬৩]

৩৪. ***অধিকার* এর সংগৃহীত তথ্য অনুযায়ী, ২০২৫ সালে জানুয়ারি-ডিসেম্বর পর্যন্ত সাংবাদিকদের পেশাগত দায়িত্ব পালনের সময় ২ জন নিহত, ১৪৭ জন আহত, ৮৪ জন লাঞ্ছিত, ৩৬ জন হুমকির শিকার ও ৪৪ জনের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে।**

## ঘ. গণপিটুনী দিয়ে হত্যা

৩৫. ২০২৫ সালে ব্যাপকভাবে উচ্ছৃঙ্খল জনতা কর্তৃক দলবদ্ধভাবে বিশৃংখলা ও সহিংসতা সৃষ্টি করে আইন নিজের হাতে তুলে নেয়ার প্রবণতা লক্ষ্য করা গেছে। ২০২৪ সালের ৫ অগাস্ট শেখ হাসিনা ভারতে পালিয়ে গেলে প্রতিষ্ঠান হিসেবে পুলিশ বাহিনী অকার্যকর হয়ে পড়ে এবং তাদের মনোবল ভেঙ্গে যায়। ফলে বিশৃংখলা ও উচ্ছৃংখল জনতার তৎপরতা বন্ধে পুলিশের সক্ষমতার অভাব ব্যাপকভাবে পরিলক্ষিত হয় এবং হতাহতের ঘটনা ঘটে। গণপিটুনী দিয়ে হত্যার অধিকাংশ ঘটনাই ঘটছে চোর সন্দেহে। সবচেয়ে মারাত্মক দিক হচ্ছে, পরস্পরের শত্রুতার কারণে প্রতিপক্ষকে হত্যার জন্য গণপিটুনীর মতো আবহ তৈরি করা। এই সময়ে মানসিক প্রতিবন্ধী ব্যক্তি ও কিশোররাও এই সহিংসতা থেকে রক্ষা পাননি।


- গত ৭ ফেব্রুয়ারি নোয়াখালি জেলার কবিরহাটে চোর সন্দেহে জহির উদিন বেচু নামে এক মানসিক প্রতিবন্ধী ব্যক্তিকে গণপিটুনী দিয়ে হত্যা করা হয়।[১৬৪]
- গত ২২ জুলাই গাজীপুরের কালীগঞ্জে শান্ত নামে এক ব্যক্তিকে গরুচোর সন্দেহে,[১৬৫] গত ১০ অগাস্ট রংপুরের তারাগঞ্জে রিকশা ভ্যান চুরির সন্দেহে রূপলাল দাস এবং তাঁর ভাগনির স্বামী প্রদীপ দাসকে,[১৬৬] গত ১১ অগাস্ট মাগুরা সদরে সজল মোল্লা নামে এক যুবককে চোর সন্দেহে[১৬৭] গণপিটুনি দিয়ে হত্যা করা হয়।
- গত ২২ অগাস্ট চট্টগ্রামের ফটিকছড়িতে চুরির অভিযোগে তিন কিশোরকে সেতুর সঙ্গে বেঁধে গণপিটুনী দিলে মোহাম্মদ রিহান মাহিন (১৫) নামে এক কিশোর নিহত হয়।[১৬৮]

---

[১৬১] বিএনপি নেতাকে কুপিয়ে হত্যা বাগেরহাটে, আমার দেশ ৪ অক্টোবর ২০২৫; https://www.dailyamardesh.com/bangladesh/khulna/amdouubg3oxvh
[১৬২] নিয়ামতপুরে মানবজমিন পত্রিকার সাংবাদিকের ওপরে হামলা, মানবজমিন ২ সেপ্টেম্বর ২০২৫; https://mzamin.com/news.php?news=180993
[১৬৩] নারায়ণগঞ্জের বিএনপি নেতা শাহাদাত কারাগারে, যুগান্তর ৭ নভেম্বর ২০২৫; https://www.jugantor.com/tp-second-edition/1025717
[১৬৪] মানবজমিন ৯ ফেব্রুয়ারি ২০২৫; https://mzamin.com/news.php?news=147776
[১৬৫] কালীগঞ্জে গরুচোর সন্দেহে গণপিটুনিতে নিহত১; আহত ৩, মানবজমিন ২৩ জুলাই ২০২৫; https://mzamin.com/news.php?news=171834
[১৬৬] রংপুরে দুজনকে পিটিয়ে হত্যা, সমকাল ১১ অগাস্ট ২০২৫; https://samakal.com/whole-country/article/309993/
[১৬৭] এবার গাজীপুর, মাগুরায় দুই যুবককে পিটিয়ে হত্যা, সমকাল ১২ অগাস্ট ২০২৫; https://samakal.com/bangladesh/article/310099/
[১৬৮] সেতুতে বেঁধে ৩ কিশোরকে গণপিটুনি, একজনের মৃত্যু, প্রথম আলো ২২ অগাস্ট ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/xcr7abra8h

- গত ৬ সেপ্টম্বর নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জে ছিনতাইকারী সন্দেহে সাজ্জাদ হোসেন নামে এক প্রতিবন্ধী যুবককে গণপিটুনি দিয়ে হত্যা করা হয়।[১৬৯]
- গত ১৮ ডিসেম্বর ময়মনসিংহ জেলার ভালুকায় 'পাইওনিয়ার নিটওয়্যারস বিডি লিমিটেড' কারখানার ফ্লোর ইনচার্জ দিপু চন্দ্র দাসকে 'ধর্ম অবমাননার' অভিযোগ এনে তাঁর সহকর্মীরা তাঁকে চাকরি থেকে ইস্তফা দিতে বাধ্য করে। এরপর কারখানার বাইরে উত্তেজিত জনতার হাতে দিপুকে তুলে দিলে তাঁকে গণপিটুনী দিয়ে হত্যা করা হয় এবং মরদেহ আগুনে পুড়িয়ে গাছে ঝুলিয়ে রাখা হয়।[১৭০] এই ঘটনায় সিসিটিভি ক্যামেরার ফুটেজ ও ভিডিও দেখে পৃথকভাবে অভিযান চালিয়ে ১০ জনকে গ্রেফতার করেছে র‍্যাব ও পুলিশ।[১৭১]
- গত ১৭ ডিসেম্বর রাজশাহীর বাগমারায় প্রকাশ্যে ওমর ফারুক নামে এক ভ্যানচালককে চুরির অপবাদে পিটিয়ে ও শরীরে লোহার পেরেক ঢুকিয়ে নিপীড়ন চালিয়ে ভ্রাম্যমান আদালতের মাধ্যমে জেলে পাঠানো হয়। এরপর দিন গত ১৮ ডিসেম্বর কারা হেফাজতে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান।[১৭২]

৩৬. ***অধিকার* এর সংগৃহীত তথ্য অনুযায়ী, ২০২৫ সালে ১২৫ জন গণপিটুনির শিকার হয়ে নিহত হন।**




## ৬. রাজনৈতিক দুর্বৃত্তায়ন ও সহিংসতা

৩৭. ২০২৫ সালে রাজনৈতিক দুর্বৃত্তায়ন, সহিংসতা ও চাঁদাবাজি অব্যাহত ছিল। বাংলাদেশে রাজনৈতিক সহিংসতা ও সংঘাতের কারণে ২০০৮ থেকে ২০২৪ সাল পর্যন্ত এই ১৬ বছরে পাঁচ লাখ ৮৫ হাজার মানুষ অভ্যন্তরীণভাবে বাস্তুচ্যুত হয়েছেন বলে জানিয়েছে ইন্টারন্যাশনাল ডিসপ্লেসমেন্ট মনিটরিং সেন্টার ও

[১৬৯] ছিনতাইকারী সন্দেহে প্রতিবন্ধী যুবককে পিটিয়ে হত্যা, সমকাল ৮ সেপ্টেম্বর ২০২৫; https://samakal.com/whole-country/article/314496/
[১৭০] দিপুকে উত্তেজিত জনতার কাছে তুলে দেন সহকর্মীরা, সমকাল ২১ ডিসেম্বর ২০২৫; https://epaper.samakal.com/nogor-edition/2025-12-21/1/5322
[১৭১] প্রথম আলো, ২০ ডিসেম্বর ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/icomwn462n
[১৭২] হাত-পায়ে পেরেক ঢুকিয়ে মধ্যযুগীয় বর্বরতা, যুগান্তর ২৩ ডিসেম্বর ২০২৫; https://www.jugantor.com/tp-firstpage/1043923

জাতিসংঘের আন্তর্জাতিক অভিবাসন সংস্থা (আইওএম)। এরমধ্যে ২০২৪ সালে এক লাখ ৫৯ হাজার মানুষ বাস্তুচ্যুত হয়েছে।[১৭৩]

- এই সময়ে রাজনৈতিক কারণে হাদির হত্যাকাণ্ড ছিল দেশের সবচাইতে আলোচিত হত্যাকাণ্ড। গত ১২ ডিসেম্বর ভারতীয় আধিপত্যবাদের বিরুদ্ধে সোচ্চার এবং জুলাই গণঅভ্যুত্থানের অন্যতম নেতা শরীফ ওসমান হাদিকে ঢাকা-৮ আসনে নির্বাচনী জনসংযোগকালে নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগ নেতা ফয়সাল করিম মাসুদ (সিসিটিভি ফুটেজে চিহ্নিত) গুলি করে গুরুতর আহত করে। ফয়সাল এবং তার এক সহযোগী ভারতে আশ্রয় নিয়েছে বলে অভিযোগ রয়েছে। গত ১৮ ডিসেম্বর হাদি সিঙ্গাপুরে চিকিৎসাধীন অবস্থায় মারা যান।[১৭৪]
- এছাড়া এই সময়ে অন্যান্য রাজনৈতিক ব্যক্তিদের পরিবারের সদস্যদের ওপরও নৃশংস ঘটনা ঘটেছে। গত ১৯ ডিসেম্বর লক্ষীপুরের বিএনপি নেতা বেলালের বাড়িতে দুর্বৃত্তরা গভীর রাতে বাইরে থেকে দরজা আটকে দিয়ে পেট্রোল ঢেলে আগুন ধরিয়ে দিলে তাঁর দুই শিশুকন্যা আগুনে দগ্ধ হয়ে মারা যান।[১৭৫]



*ইনকিলাব মঞ্চের আহ্বায়ক ওসমান হাদির মরদেহ গত ১৯ ডিসেম্বর সন্ধ্যায় ঢাকার শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছায়। এই সময় অন্তরবর্তী সরকারের উপদেষ্টা ও বিভিন্ন দলের নেতারা শ্রদ্ধা নিবেদন করেন। সমকাল ২০ ডিসেম্বর ২০২৫*

৩৮. এই সময়ে বিএনপি[১৭৬] এবং এর অঙ্গ সংগঠন[১৭৭], জামায়াতে ইসলামী[১৭৮] এবং বৈষম্যবিরোধী ছাত্র সমন্বয়কদের[১৭৯] বিরুদ্ধে চাঁদাবাজির অভিযোগ পাওয়া যায়।

---

[১৭৩] রাজনৈতিক সংঘাতে দেশে এক লাখ ৫৯ হাজার মানুষ বাস্তুচ্যুত, সমকাল ২৪ অক্টোবর ২০২৫; https://samakal.com/bangladesh/article/321969/
[১৭৪] কফিনবন্দি হয়ে দেশে ফিরলেন হাদি, আজ অন্তিম বিদায়, সমকাল ২০ ডিসেম্বর ২০২৫; https://samakal.com/bangladesh/article/330308/
[১৭৫] প্রথম আলো, ২০ ডিসেম্বর ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/xctkrad08f
[১৭৬] যুগান্তর ১২ জানুয়ারি ২০২৫; https://epaper.jugantor.com/storage/2025-01-12/12/link_img_second_ed_1736650948_5.jpg
[১৭৭] সমকাল ১০ জানুয়ারি ২০২৫; https://samakal.com/whole-country/article/274670/
[১৭৮] আমার দেশ ১৩ মার্চ ২০২৫; https://eamardesh.com/2025-03-13

৩৯. ২০২৫ সাল জুড়ে বিএনপিএর নেতা-কর্মীদের বিরুদ্ধে অন্যান্য দলের চেয়ে অনেক বেশি দুর্বৃত্তায়নের অভিযোগ পাওয়া গেছে। বিএনপি নেতাদের ছত্রচ্ছায়ায় পাড়া-মহল্লায় চাঁদাবাজি, ধর্ষণ, যৌন হয়রানিসহ বিভিন্ন অপকর্মের সঙ্গে জড়িত কিশোর গ্যাং গড়ে উঠেছে বলে অভিযোগ রয়েছে।[১৮০] এই সময়ে বিএনপি'র নেতা-কর্মীদের বিরুদ্ধে সাধারণ নাগরিকদের হত্যা[১৮১], ছাত্রলীগ নেতাকে ছাড়িয়ে নিতে এলোপাথারি গুলি করে যুবদলকর্মীকে হত্যা,[১৮২] চাঁদা আদায় নিয়ে দ্বন্দ্বে ভাঙাড়ি ব্যবসায়ীকে ডেকে এনে প্রকাশ্যে রাস্তায় পিটিয়ে হত্যা[১৮৩], সাংবাদিক [১৮৪] ও কৃষকদের ওপর হামলা,[১৮৫] বাড়ি দখল[১৮৬], চাঁদা না দেয়ায় বাস ভাঙচুর ও শ্রমিকদের ওপর হামলা[১৮৭] জমি দখল,[১৮৮] পণ্যভর্তি কাভার্ডভ্যান ছিনতাই[১৮৯], মাদক ব্যবসা,[১৯০] চোরাচালানের সঙ্গে যুক্ত থাকা[১৯১], কৃষকের সার পাচার[১৯২], অবৈধভাবে বালু উত্তোলন[১৯৩], ছাত্রলীগ ট্যাগ লাগিয়ে বিশ্ববিদ্যালয়গুলোতে শিক্ষার্থীদের ওপর হামলা[১৯৪], হাট-বাজার, লঞ্চঘাট, বাস টার্মিনাল, চেম্বার অব কমার্সসহ অন্যান্য প্রতিষ্ঠান দখলসহ[১৯৫] বিভিন্ন দুর্বৃত্তায়নের অভিযোগ পাওয়া গেছে।

৪০. এছাড়া আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের ওপর হামলা, পুলিশ কর্মকর্তাকে মারধর[১৯৬] এবং সরকারী কর্মকর্তাদের হুমকি[১৯৭] দেয়ার অভিযোগ রয়েছে বিএনপির নেতা-কর্মীদের বিরুদ্ধে।

- গত ১ এপ্রিল বাগেরহাট জেলার কচুয়ায় এজহারনামীয় আসামীকে ছিনিয়ে নিতে পুলিশের ওপর হামলা করে বিএনপির নেতা-কর্মীরা।[১৯৮]

---

[১৭৯] সমন্বয়ক পরিচয়ে সাবেক এমপির বাসায় চাঁদাবাজির অভিযোগ, যুগান্তর ২৭ জুলাই ২০২৫; https://www.jugantor.com/todays-paper/983003, খুলনায় চাঁদাবাজির অভিযোগে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক দুই নেতা গ্রেপ্তার, মানবজমিন ১৫ অক্টোবর ২০২৫; https://mzamin.com/news.php?news=184715

[১৮০] বিএনপি নেতার কিশোর গ্যাংয়ের তিনজন গ্রেফতার, সমকাল, ১৬ অগাস্ট ২০২৫; https://epaper.samakal.com/nogor-edition/2025-08-16/5/4289

[১৮১] চরফ্যাশনে স্বেচ্ছাসেবক দল নেতার হামলায় ব্যবসায়ী নিহত, কালের কণ্ঠ, ৫ এপ্রিল ২০২৫; https://www.kalerkantho.com/online/country-news/2025/04/05/1500179

[১৮২] ছাত্রলীগ নেতাকে ছাড়িয়ে নিতে ছাত্রদল নেতার গুলি, যুবদলকর্মীর মৃত্যু, মানব জমিন, ১২ জুন ২০২৫; https://mzamin.com/news.php?news=165224

[১৮৩] শরীর থেঁতলে পিটিয়ে হত্যা করা হয় লাল চাঁদকে, প্রথম আলো ১২ জুলাই ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/crime/4o9z2gn0aq

[১৮৪] ত্রিশালে সাংবাদিকদের ওপর হামলায় আহত ৪, যুগান্তর ৩০ নভেম্বর ২০২৫; https://www.jugantor.com/tp-news/1035164

[১৮৫] গলাচিপায় কৃষকদের ওপর বিএনপি নেতাদের হামলায় আহত ২৩, প্রথম আলো, ১৪ নভেম্বর ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/f8ptqprdou

[১৮৬] যুগান্তর ৫ জানুয়ারি ২০২৫; https://www.jugantor.com/bnp/899620

[১৮৭] যুবদল নেতাা ৫ কোটি টাকা চাঁদা চাওয়ায় বাস বন্ধ, আমার দেশ ১৩ জুলাই ২০২৫; https://images.dailyamardesh.com/cropped-images/image_sl528_row14_date_13-07-2025_edition_2_page2_671577_884535_edited__watermarked_c965993a-74aa-40a1-a354-2871dbf802a3.jpg

[১৮৮] সালথায় কথিত যুবদল নেতার বিরুদ্ধে জমি দখলের অভিযোগ, মানবজমিন ১১ জুলাই ২০২৫; https://mzamin.com/news.php?news=169933

[১৮৯] বিএনপির দুই নেতার বিরুদ্ধে পণ্যভর্তি কাভার্ডভ্যান ছিনতাইয়ের অভিযোগ, আমার দেশ, ২ অক্টোবর ২০২৫; https://images.dailyamardesh.com/cropped-images/image_sl2_row1_date_02-10-2025_edition_2_page3_599527_359410_updated_watermarked_279a1072-d0ed-4567-b49b-10a12a6b89d3.jpg

[১৯০] শরীরের বিশেষ স্থানে লুকিয়ে ইয়াবা পাচারের সময় টেকনাফে বিএনপি নেতা আটক, প্রথম আলো ১২ জুলাই ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/7svgd2i6c1

[১৯১] সমকাল ১৩ মার্চ ২০২৫; https://samakal.com/whole-country/article/285339/

[১৯২] সমকাল ৬ ফেব্রুয়ারি ২০২৫; https://samakal.com/whole-country/article/279295/

[১৯৩] ধলেশ্বরী থেকে বালু উত্তোলনের অভিযোগ ছাত্রদল-যুবদলের বিরুদ্ধে, আমার দেশ ১০ অগাস্ট ২০২৫; https://www.dailyamardesh.com/bangladesh/dhaka/amd77guzi5qxl

[১৯৪] জবিতে শিক্ষক ও বাগছাস নেতাদের ওপর হামলা ছাত্রদলের, যুগান্তর, ১০ জুলাই ২০২৫; https://www.jugantor.com/campus/976308

[১৯৫] যুগান্তর ২৭ জানুয়ারি ২০২৫; https://www.jugantor.com/tp-lastpage/908884

[১৯৬] যুগান্তর ১১ জানুয়ারি ২০২৫; https://www.jugantor.com/country-news/901994

[১৯৭] 'কথা না শুনলে ওসি ও ইউএনওনগিরি ছাড়তে হবে, যুগান্তর ১৭ জুন ২০২৫; https://www.jugantor.com/country-news/966244

[১৯৮] ভোলা ও লাখাইয়ে বিএনপি নেতাসহ পিটিয়ে হত্যা ২, যুগান্তর ৩ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/tp-lastpage/936328

- গত ১৫ এপ্রিল পাবনায় আদালতে শুনানীর সময় এজলাসের ভেতরে ভিডিও করতে বাধা দেয়ায় পুলিশের ওপর হামলা করে বিএনপির নেতা-কর্মীরা।[১৯৯]
- গত ১৫ এপ্রিল নাটোরে লালপুর থানা হেফাজত থেকে গ্রেফতারকৃত ছাত্রদল নেতাকে ছিনিয়ে নিয়ে যায় ছাত্রদলের নেতা-কর্মীরা।[২০০]
- গত ২ জুলাই লালমনিরহাটে চাঁদাবাজির অভিযোগে উপজেলা প্রশাসন দুই চাঁদাবাজকে এক মাসের কারাদণ্ড দিলে বিএনপি নেতাকর্মীরা পাটগ্রাম থানা আক্রমণ করে থানা ভাঙচুর করে এবং দুই চাঁদাবাজকে ছিনিয়ে নেয়।[২০১]

৪১. গণঅভ্যুত্থানে ক্ষমতাচ্যুত হওয়ার পরও ২০২৫ সালে আওয়ামী লীগের নেতা-কর্মীদের সহিংসতা, দুর্বৃত্তায়ণ অব্যাহত ছিল।[২০২] আওয়ামী লীগের নেতা-কর্মীরা পরিকল্পিতভাবে রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন জায়গায় পেশাদার অপরাধীদের নানা পন্থায় অপরাধমূলক কর্মকাণ্ডে যুক্ত করে।[২০৩] এছাড়া আওয়ামী লীগ ও এর অঙ্গ সংগঠনের নেতা-কর্মীদের বিরুদ্ধে মিছিল করে হাত বোমার বিস্ফোরণ[২০৪], সড়ক ও জনপথের জায়গা দখল করে ভবন নির্মাণ[২০৫], বিএনপির কার্যালয় ভাঙচুর ও লুটপাট[২০৬], বিএনপির নেতা-কর্মীদের ওপর হামলা ও অপহরণ[২০৭], সাধারণ নাগরিকদের ওপর নিপীড়ন[২০৮], বিএনপি নেতার কব্জি কাটা[২০৯], পুলিশের কাছ থেকে দলীয় কর্মীকে ছিনিয়ে নেয়ার[২১০] অভিযোগ রয়েছে।

- ঢাকার মোহাম্মদপুর থানা আওয়ামী লীগ এর নেতা মোহাম্মদ সেলিম ছাত্র-জনতার আন্দোলনে গুলি ছোঁড়ার ঘটনায় গ্রেফতার হওয়ার পর জামিনে জেল থেকে বের হয়ে গত ১২ ফেব্রুয়ারী হারুন অর রশীদ নামে এক সরকারী কর্মচারিকে কুপিয়ে হত্যা করার চেষ্টা করে।[২১১]

---

[১৯৯] আদালতের এজলাসেই পুলিশকে মারধর, বিএনপির ৬ নেতা-কর্মী আটক, কালের কণ্ঠ, ১৫ এপ্রিল ২০২৫; https://www.kalerkantho.com/online/country-news/2025/04/15/1504614

[২০০] লালপুর থানা থেকে আসামী ছিনতাই ছাত্রদলের, প্রথম আলো, ৮ এপ্রিল ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/yonihn6gee

[২০১] থানা ভাঙচুর করে চাঁদাবাজদের ছিনিয়ে নিল বিএনপিকর্মীরা, আমার দেশ ৪ জুলাই ২০২৫; https://images.dailyamardesh.com/cropped-images/image_sl15_row14_date_04-07-2025_edition_2_page1_697783_334530_updated_watermarked_1cf6f8fc-8406-4900-8323-1ea2ba1de3eb.jpg, https://images.dailyamardesh.com/cropped-images/image_sl2_row1_date_04-07-2025_edition_2_page15_450558_862634_updated_watermarked_ce4e814c-26ed-40ed-bb16-c073983cb3ef.jpg

[২০২] দি ফাইনান্সিয়াল এক্সপ্রেস, ২৬ জানুয়ারি ২০২৫; https://thefinancialexpress.com.bd/bn/nrsingdeete-aoozamee-leeger-dui-gruper-mdhze-sngghrsh-niht-2

[২০৩] যুগান্তর ১১ মার্চ ২০২৫; https://www.jugantor.com/politics/927276

[২০৪] রাজধানীতে মিছিল ককটেল বিস্ফোরণ, ছাত্রলীগের তিনজনসহ গ্রেপ্তার ৪৩, সমকাল ৩১ অক্টোবর ২০২৫; https://epaper.samakal.com/nogor-edition/2025-10-31/4/8008

[২০৫] সওজের জায়গা দখল করে আ.লীগ নেতার ভবন নির্মাণ, যুগান্তর, ১০ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/country-news/939642

[২০৬] দৈনিক সংবাদ সারাবেলা, ১৬ মার্চ ২০২৫; https://sangbadsarabela.com/country/article/64562/

[২০৭]সিদ্ধিরগঞ্জে অপহরণ করে স্বেচ্ছাসেবক দল নেতাকে নির্যাতন, যুগান্তর, ৫ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/index.php/tp-city/937096

[২০৮] ফেনীতে আ'লীগ নেত্রীর নেতৃত্বে প্রতিপক্ষের ওপর হামলায় আহত ৫, নয়াদিগন্ত ২৬ এপ্রিল ২০২৬; https://dailynayadiganta.com/bangladesh/country-news/IGuluhksW4Sf

[২০৯] লোহাগড়ায় বিএনপি নেতার কব্জি বিচ্ছিন্ন, মানবজমিন, ২৩ এপ্রিল ২০২৫; https://mzamin.com/news.php?news=157727

[২১০] বড়লেখায় পুলিশের থেকে ছাত্রলীগ নেতাকে ছিনিয়ে নেয়ার অভিযোগ, গ্রেপ্তার ৪, মানবজমিন ১৪ এপ্রিল ২০২৫; https://mzamin.com/news.php?news=156483, সরাইলে গ্রেপ্তারের পর যুবলীগ নেতা ছিনতাই, ৩ পুলিশ সদস্য আহত, মানবজমিন , ৬ নভেম্বর ২০২৫; https://mzamin.com/news.php?news=188184

[২১১] মানবজমিন ১৬ ফেব্রুয়ারি ২০২৫; https://mzamin.com/news.php?news=148686

- গত ২৩ এপ্রিল ব্রাহ্মণবাড়িয়ার নাসিরনগরে জামায়াতে ইসলামী একটি মিছিল বের করলে আওয়ামী লীগের নেতা-কর্মীরা দেশীয় অস্ত্র নিয়ে তাঁদের ওপর হামলা চালালে জামায়াত নেতা জসিম উদ্দিন গুরুতর আহত হন।[২১২]
- গত ১১ অগাস্ট রাতে চট্টগ্রামে নিষিদ্ধ-ঘোষিত আওয়ামী লীগের নেতা-কর্মীরা ঝটিকা মিছিল বের করে। এই সময় মিছিল থেকে পুলিশের এস আই আবু সাঈদ রানাকে কুপিয়ে জখম করা হয়।[২১৩]
- গত ১৫ সেপ্টেম্বর ফরিদপুরের ভাঙ্গায় সংসদীয় আসন পুনর্বিন্যাসের প্রতিবাদে উপজেলা পরিষদ এবং থানায় হামলা চালিয়ে ভাঙচুর ও লুটপাট করে একদল দুর্বৃত্ত। এই সময় "জয় বাংলা" শ্লোগান দিয়ে পুলিশের গাড়ী জ্বালিয়ে দেয়া হয় এবং সরকারি গুরুত্বপূর্ণ নথি লুট করা হয়।[২১৪]
- গত ২৯ সেপ্টেম্বর কক্সবাজারে কার্যক্রম নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগ নেতা রাফি ছুরিকাঘাত করে জামায়াত নেতা আমজাদ হোসেনকে হত্যা করে।[২১৫]
- গত ১৭ নভেম্বর মানবতাবিরোধী অপরাধের দায়ে শেখ হাসিনা এবং আসাদুজ্জামান খান কামাল এর মৃত্যুদণ্ডের রায়কে কেন্দ্র করে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ সারা দেশে লকডাউনের ঘোষণা দিয়ে চোরাগোপ্তা হামলা চালিয়ে অগ্নিসংযোগ এবং পেট্রোল বোমা নিক্ষেপ করে।[২১৬] এই দিন আটটি জেলায় যানবাহনে ও বিভিন্ন প্রতিষ্ঠানে আগুন দেয় আওয়ামী লীগের নেতা-কর্মীরা। এই দিন মানিকগঞ্জের শিবালয় উপজেলায় গত ১৩ নভেম্বর স্কুলবাস অগ্নিসংযোগের ঘটনায় দগ্ধ চালক পারভেজ খান চিকিৎসাধীন অবস্থায় মারা যান।[২১৭]

৪২. এই সময়ে জামায়াতের নেতা-কর্মী ও সমর্থকদের বিরুদ্ধেও সহিংসতা ও দুর্বৃত্তয়ানসহ বিভিন্ন অভিযোগ পাওয়া গেছে।[২১৮]

- গত ৫ এপ্রিল কুমিল্লার চৌদ্দগ্রামে সাবেক রেলমন্ত্রী মুজিবুল হকের বাড়িতে ভাঙচুর করে আগুন ধরিয়ে দেয়ার অভিযোগ পাওয়া গেছে ইসলামী ছাত্র শিবিরের নেতা-কর্মীদের বিরুদ্ধে।[২১৯]
- গত ১৪ এপ্রিল যশোর সদরে হতদরিদ্র বাস্তুহীন ১৪টি পরিবারের জমি দখল করতে জামায়াত নেতা খবির খাঁ তার অনুসারীদের নিয়ে তাঁদের বাড়িঘরে হামলা চালিয়ে ভাঙ্চুর ও লুটপাট করে।[২২০]

---

[২১২] নাসিরনগরে আওয়ামী লীগের হামলায় জামায়াত নেতা আহত, নয়াদিগন্ত, ২৩ এপ্রিল ২০২৫; https://www.dailynayadiganta.com/bangladesh/country-news/Kg5Yk0VgTBCs

[২১৩] চট্টগ্রামে আ.লীগের ঝটিকা মিছিল থেকে এসআইকে কুপিয়ে জখম, যুগান্তর ১২ অগাস্ট ২০২৫; https://www.jugantor.com/country-news/989419

[২১৪] জয় বাংলা স্লোগান দিয়ে ভাঙ্গায় নজিরবিহীন তাণ্ডব, লুটপাট, আমার দেশ ১৬ সেপ্টেম্বর ২০২৫; https://images.dailyamardesh.com/cropped-images/image_sl9_row8_date_16-09-2025_edition_2_page1_477356_389340_updated_watermarked_c177b478-0717-4ba3-83e9-2ab7d54b3455.jpg, https://images.dailyamardesh.com/cropped-images/image_sl9_row8_date_16-09-2025_edition_2_page2_870253_609062_updated_watermarked_8500554d-05cf-457d-8c57-813bfd683b9f.jpg

[২১৫] কক্সবাজারে ছাত্রলীগ নেতার হাতে খুন জামায়াত নেতা, আমার দেশ ১ অক্টোবর ২০২৫; https://images.dailyamardesh.com/cropped-images/image_sl3_row2_date_01-10-2025_edition_2_page12_977766_289614_updated_watermarked_1e98ac11-9339-4afb-a5fa-49d6e5c2f7cd.jpg

[২১৬] গাড়িতে চোরাগোপ্তা আগুন, মৃত্যু সমকাল ১২ নভেম্বর ২০২৫; https://samakal.com/bangladesh/article/324819/, অ্যাম্বুলেন্সসহ সাত গাড়িতে আগুন, সড়ক অবরোধ, প্রথম আলো ১৭ নভেম্বর ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/b17squuecg

[২১৭] আট জেলায় ছয় যানবাহন ও তিন প্রতিষ্ঠানে আগুন, প্রথম আলো ১৮ নভেম্বর ২০২৫; https://epaper.prothomalo.com/Home/ShareArticle?OrgId=1811e7718fa0&eid=1&imageview=0&epedate=18/11/2025&sedId=1

[২১৮] কক্সবাজারে আহত বিএনপি নেতার মৃত্যু, সমকাল ১৫ জুলাই ২০২৫; https://samakal.com/whole-country/article/305588/

[২১৯] চৌদ্দগ্রামে সাবেক রেলমন্ত্রীর বাড়িতে হামলা, অভিযোগ শিবিরের বিরুদ্ধে, প্রথম আলো ৫ এপ্রিল ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/9iqojldmce

- গত ১৩ জুলাই কক্সবাজারে জামায়াতে ইসলামীর নেতা-কর্মীদের হামলায় রহিম উদ্দিন সিকদার নামে এক বিএনপি নেতা নিহত হন।[২২১]

৪৩. এই সময়ে বিএনপি'র নেতা-কর্মীদের সঙ্গে জামায়েতে ইসলামী[২২২], এনসিপি[২২৩], বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন[২২৪], বিজেপি[২২৫] গণঅধিকার পরিষদ[২২৬] ও আওয়ামী লীগের নেতা-কর্মীদের এবং গণঅধিকার পরিষদের নেতা-কর্মীদের সঙ্গে জাতীয় পার্টির,[২২৭] ছাত্রদলের নেতাকর্মীদের সঙ্গে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতা-কর্মীদের সংঘর্ষের ঘটনা ঘটেছে।[২২৮]

- গত ২১ মার্চ নরসিংদী জেলার রায়পুরা এলাকায় অধিপত্য বিস্তারকে কেন্দ্র করে বিএনপি এবং আওয়ামী লীগের মধ্যে সংঘর্ষে বাশার ও আমিন নামে দুই ব্যক্তি নিহত হন।[২২৯]
- গত ১০ জুলাই বরগুনার পাথরঘাটায় ছাত্র শিবির ও ছাত্রদলের নেতাকর্মীদের মধ্যে বাকবিতণ্ডার জেরে জামায়াতে ইসলামীর পৌর আমির বজলুর রহমান ও কর্মী নাসির উদ্দিন চৌধুরীকে কুপিয়ে জখম করার অভিযোগ পাওয়া গেছে ছাত্রদলের নেতা অমিত হাচান শুভ ও তার সহযোগীদের বিরুদ্ধে।[২৩০]
- গত ৩০ জুলাই কুমিল্লার মুরাদনগরে রাজনৈতিক আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে বিএনপি ও এনসিপি নেতা-কর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনায় ৬৫ ব্যক্তি আহত হন।[২৩১]
- গত ২৯ অগাস্ট ঢাকাস্থ কাকরাইলে জাতীয় পার্টির[২৩২] কেন্দ্রীয় কার্যালয়ের সামনে গণঅধিকার পরিষদের সঙ্গে জাতীয় পার্টির নেতা-কর্মীদের সংঘর্ষের সময় পুলিশ ও সেনাবাহিনীর সদস্যদের লাঠিচার্জে গণঅধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুর গুরুতর আহত হন।[২৩৩] এই ঘটনার জেরে

---

[২২০] ১৪ বাড়িতে হামলা-লুট, মামলা জামায়াত নেতা-কর্মীর নামে মামলা, সমকাল ১৬ এপ্রিল ২০২৫; https://samakal.com/whole-country/article/290412/

[২২১] কক্সবাজারে আহত বিএনপি নেতার মৃত্যু, সমকাল ১৫ জুলাই ২০২৫; https://samakal.com/whole-country/article/305588/

[২২২] মানবজমিন ৭ জানুয়ারি ২০২৫; https://mzamin.com/news.php?news=143019, বএনপি-জামায়াত পাল্টাপাল্টি হামলা, আহত ৭, সমকাল ২৫ মে ২০২৫; https://samakal.com/index.php/whole-country/article/297389/, নোয়াখালীতে জামায়াত বিএনপি'র রক্ষক্ষয়ী সংঘর্ষ, আহত ৪২, মানবজমিন ২০ অক্টোবর ২০২৫ ; https://mzamin.com/news.php?news=185579, বিএনপি-জামায়াত সংঘর্ষে আহত ২০, যুগান্তর ১৭ ডিসেম্বর ২০২৫ ; https://www.jugantor.com/tp-news/1041688

[২২৩] রূপনগরে তুচ্ছ ঘটনার জেরে বিএনপি-এনসিপি সংঘর্ষ, সমকাল ১৬ এপ্রিল ২০২৫; https://samakal.com/bangladesh/article/290455/

[২২৪] বৈষম্যবিরোধী ছাত্র ও বিএনপি কর্মীদের সংঘর্ষ, আহত ১০, যুগান্তর ১৬ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/tp-second-edition/941774

[২২৫] ভোলায় বিএনপি ও বিজেপি নেতাকর্মীর সংঘর্ষ, আহত ৫০, সমকাল ২ নভেম্বর ২০২৫; https://samakal.com/whole-country/article/323238/

[২২৬] গলাচিপায় বিএনপি ও গণঅধিকার পরিষদের সংঘর্ষে আহত ৩১, আমার দেশ ৮ নভেম্বর ২০২৫;
https://images.dailyamardesh.com/cropped-images/image_sl10_row9_date_08-11-2025_edition_2_page16_862514_665402_updated_watermarked_933e34fb-f53b-4b27-8406-616a85cb970e.jpg

[২২৭] https://www.prothomalo.com/bangladesh/capital/psyfbdxqbq

[২২৮] প্রথম আলো ১৯ ফেব্রুয়ারি ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/fisxgu0xa4

[২২৯] সমকাল ২২ মার্চ ২০২৫; https://samakal.com/bangladesh/article/286687/

[২৩০] জামায়াতকর্মীকে কুপিয়ে জখমের অভিযোগ ছাত্রদল নেতার বিরুদ্ধে, আমার দেশ ১২ জুলাই ২০২৫;
https://images.dailyamardesh.com/cropped-images/image_sl7_row6_date_12-07-2025_edition_1_page11_842384_868314_watermarked_c2837c9c-0430-48cb-9508-55d5144c6d7b.jpg

[২৩১] মুরাদনগরে বিএনপি ও এনসিপি সমর্থকদের সংঘর্ষে আহত ৬৫, যুগান্তর ৩১ জুলাই ২০২৫; https://www.jugantor.com/tp-lastpage/984440

[২৩২] আওয়ামী লীগ সরকার তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বাতিল করলে ২০১৪ সালের ৫ জানুয়ারিতে আওয়ামী লীগের অধীনে একটি বিতর্কিত ও প্রতারণামূলক নির্বাচন অনুষ্ঠিত হয়। বাংলাদেশের প্রায় সবকটি রাজনৈতিক দল এই নির্বাচন বয়কটের সিদ্ধান্ত নিলেও জাতীয় পার্টি নির্বাচনে অংশ নেয়। এরপর জাতীয় পার্টির সদস্যরা আওয়ামী লীগ সরকারের মন্ত্রীসভায় এবং একই সঙ্গে জাতীয় সংসদে বিরোধী দলে থেকে অদ্ভুত এবং অকার্যকর সংসদ গঠনে ভূমিকা পালন করে। এরপর থেকে ২০১৮ এবং ২০২৪ সালে আওয়ামী লীগের অধীনে বিতর্কিত, অবৈধ ও প্রতারণামূলক নির্বাচনে জাতীয় পার্টি অংশ নেয়। হাসিনা সরকারের পতন হলেও অগণতান্ত্রিক কার্যক্রমের সহযোগী হিসেবে আওয়ামী লীগের পাশাপাশি এর দোসর হিসেবে জাতীয় পার্টির কার্যক্রমকে নিষিদ্ধ ঘোষণার দাবি জানিয়ে আসছে বিভিন্ন দল ও সংগঠন।

[২৩৩] জাপা ও গণঅধিকার পরিষদের সংঘর্ষ, লাঠিপেটায় আহত নুর, সমকাল ৩০ অগাস্ট ২০২৫;
https://samakal.com/politics/article/313128/

গত ৩০ অগাস্ট ঢাকায় জাতীয় পার্টির কেন্দ্রীয় কার্যালয়সহ রাজশাহী, ঠাকুরগাঁও, গাইবান্ধা, খুলনাসহ আরও কয়েকটি জেলার জাতীয় পার্টি কার্যালয়ে হামলা, ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনা ঘটে।[২৩৪]

৪৪. এই সময়ে পার্বত্য চট্টগ্রামের পরিস্থিতি ছিল উদ্বেগজনক। গত ২৭ জুলাই খাগড়াছড়ি জেলার দীঘিনালায় ক্ষুদ্র জাতিগোষ্ঠির দুই রাজনৈতিক সংগঠন জেএসএস ও ইউপিডিএফর মধ্যে সংঘর্ষে ৪ জন নিহত হন।[২৩৫]

- গত ২৩ সেপ্টেম্বর খাগড়াছড়ি সদরে এক মারমা কিশোরীকে দুর্বৃত্তরা ধর্ষণ করেছে এই অভিযোগকে কেন্দ্র করে জুম্ম ছাত্র-জনতা ব্যানারে সমাবেশ থেকে নিরাপত্তা বাহিনীর গাড়িবহরে হামলা চালানো হয়।[২৩৬] ওই কিশোরীর শারীরিক পরীক্ষায় ধর্ষণের আলামত পাওয়া যায়নি বলে মেডিকেল বোর্ড প্রতিবেদন দিলে প্রতিবেদনের বিষয়ে কিশোরীর বাবা ক্ষোভ প্রকাশ করেন।[২৩৭]
- গত ২৭ সেপ্টেম্বর খাগড়াছড়িতে অবরোধ কর্মসূচীকে কেন্দ্র করে ক্ষুদ্র জাতিগোষ্ঠির নাগরিকদের সঙ্গে বাঙালিদের ধাওয়া পাল্টা ধাওয়া এবং ভাঙচুরের ঘটনা ঘটে। প্রশাসন সদর উপজেলা ও পৌরসভা এলাকায় ১৪৪ ধারা জারি করলেও[২৩৮] ২৮ সেপ্টেম্বর খাগড়াছড়িতে অবরোধ কর্মসূচি চলাকালে পিকেটাররা ব্যাপক ভাঙচুর ও অরাজকতা করে। গুইমারা উপজেলার রামসু বাজার এলাকায় এইসময় ব্যাপক উত্তেজনা দেখা দেয়। সেনাবাহিনীর একদল সদস্য তাঁদের নিবৃত্ত করতে গেলে ক্ষুদ্র জাতিগোষ্ঠির সদস্যদের সঙ্গে তাদের সংঘর্ষ হয়। এই সময় ক্ষুদ্র জাতিগোষ্ঠির তিনজন সদস্য গুলিতে নিহত হন।[২৩৯]

## *রাজনৈতিক দলগুলোর মধ্যে অভ্যন্তরীণ কোন্দল*

৪৫. ২০২৫ সালে এলাকায় অধিপত্য বিস্তার[২৪০], ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে মনোনয়নকে কেন্দ্র করে বিভিন্ন বিষয়ে রাজনৈতিক দলগুলোর নেতা-কর্মীদের অভ্যন্তরীণ কোন্দলের কারণে তাঁদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। এরমধ্যে বিএনপির নেতা-কর্মীদের মধ্যে ব্যাপক সংঘর্ষের ঘটনা ঘটেছে। এইসব সংঘর্ষে আগ্নেয়াস্ত্র ব্যবহার করা হয়েছে[২৪১] এবং সাধারণ মানুষসহ[২৪২] দলীয় নেতা-কর্মীরা[২৪৩] হত্যাকাণ্ডের শিকার

[২৩৪] নুর পর্যক্ষেণে, কেন্দ্রীয়সহ জাপার ৬ কার্যালয়ে হামলা, সমকাল ৩১ অগাস্ট ২০২৫; https://samakal.com/bangladesh/article/313295/
[২৩৫] দীঘিনালায় জেএসএস ও ইউপিডিএফের মধ্যে গোলাগুলি, সমকাল ২৬ জুলাই ২০২৫; https://samakal.com/whole-country/article/307361/
[২৩৬] খাগড়াছড়িতে নিরাপত্তা বাহিনীর গাড়িতে হামলা, যুগান্তর ২৭ সেপ্টেম্বর ২০২৫; https://www.jugantor.com/tp-lastpage/1008595
[২৩৭] ডাক্তারি পরীক্ষার প্রতিবেদন ছবিসহ প্রকাশ, বাবার ক্ষোভ, প্রথম আলো ২ অক্টোবর ২০২৫; https://epaper.prothomalo.com/Home/ShareArticle?OrgId=21018b8cdc4&eid=1&imageview=0&epedate=02/10/2025&sedId=1
[২৩৮] অবরোধে পাল্টাপাল্টি ধাওয়া-ভাঙচুর, সদর ও গুইমারায় ১৪৪ ধারা, প্রথম আলো ২৮ সেপ্টেম্বর ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/5rlipc9y0k
[২৩৯] খাগড়াছড়িতে অবরোধ, আগুন গুলিতে নিহত ৩, মানবজমিন ২৯ সেপ্টেম্বর ২০২৫; https://mzamin.com/news.php?news=182284
[২৪০] রায়পুরে বিএনপি'র দু'পক্ষের সংঘর্ষে নিহত ১, আহত ১৫, মানবজমিন, ৮ এপ্রিল ২০২৫; https://mzamin.com/news.php?news=155627, প্রতিপক্ষের হামলায় আহত ছাত্রদল কর্মীর মৃত্যু, যুগান্তর ১৭ জুলাই ২০২৫; https://www.jugantor.com/country-news/979161
[২৪১] নরসিংদীতে বিএনপির দুই গ্রুপে সংঘর্ষ, দুজন গুলিবিদ্ধ, আমার দেশ ১৮ অগাস্ট ২০২৫; https://dailynayadiganta.com/bangladesh/country-news/1GdEmKcHV0sk, মুন্সীগঞ্জে বিএনপির দুপক্ষের সংঘর্ষে গুলিবিদ্ধ ৮, আমার দেশ ৬ সেপ্টেম্বর ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/6izwzha9yj
[২৪২] মুক্তাগাছায় ছাত্রদল নেতার হামলায় অটোচালক নিহত, প্রথম আলো ১৩ অগাস্ট ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/3pk8l32n5h
[২৪৩] জামালগঞ্জে বিএনপির'র দু'পক্ষের সংঘর্ষ নিহত ১, আহত ১৫, মানবজমিন ২০ সেপ্টেম্বর ২০২৫; https://mzamin.com/news.php?news=180868

হয়েছেন। কার্যক্রম নিষিদ্ধ করা হলেও আওয়ামী লীগের নেতা-কর্মীরা অভ্যন্তরীণ সংঘাতে জড়িয়ে পড়ে। এছাড়া এনসিপির মধ্যেও অভ্যন্তরীণ বিরোধের জেরে সংঘাতের ঘটনা ঘটেছে।[২৪৪]

৪৬. বিএনপি'র অভ্যন্তরীণ কোন্দলের কারণ মূলত: ছিল কমিটি গঠন[২৪৫] ও সম্মেলনকে কেন্দ্র করে[২৪৬] মনোনয়ন নিয়ে দ্বন্দ্বের জেরে,[২৪৭] মাদক ব্যবসা[২৪৮], দখল ও চাঁদাবাজি[২৪৯], জমি দখল[২৫০] বাসের কাউন্টার দখল[২৫১], ঝুট ব্যবসা নিয়ন্ত্রণ[২৫২], বালুমহাল দখল[২৫৩], ফেরীঘাটের ইজারা[২৫৪], টিসিবির কার্ড ও ভিজিএফের চাল বিতরণ[২৫৫] সহ বিভিন্ন স্বার্থ সংশ্লিষ্ট দ্বন্দ্ব।[২৫৬] অভ্যন্তরীণ সংঘাতে দলীয় কার্যালয়[২৫৭] এবং নিজের দলের নেতার বাড়ি ঘর ভাঙচুর ও অগ্নিসংযোগ করা হয়েছে।[২৫৮] নিজের দলের নেতাকে পরিকল্পনা করে ভাড়াটে খুনী দিয়ে হত্যা[২৫৯] এবং নিজের দলের নেতার গাড়ী বহরে হামলা[২৬০] করার অভিযোগ রয়েছে বিএনপির নেতা-কর্মীদের বিরুদ্ধে। এই সময় অনেক জায়গায় প্রশাসন ১৪৪ ধারা জারী করতে বাধ্য হয়[২৬১] এবং ১৪৪

---

[২৪৪] এনসিপি'র দুই গ্রুপের মারামারি, মানবজমিন ২৫ অক্টোবর ২০২৫; এনসিপি'র দুই গ্রুপের মারামারি, মানবজমিন ২৫ অক্টোবর ২০২৫; https://mzamin.com/news.php?news=186399

[২৪৫] মোড়েলগঞ্জে দু'পক্ষের সংঘর্ষে ইউনিয়ন বিএনপি'র সম্মেলন স্থগিত, আহত ৩০, মানবজমিন ১৬ জুন ২০২৫; https://mzamin.com/news.php?news=165863, জামালগঞ্জে বিএনপি'র দু'গ্রুপের সংঘর্ষে নারীসহ আহত অর্ধশতাধিক, মানবজমিন ১৪ অগাস্ট ২০২৫; https://mzamin.com/news.php?news=175317

[২৪৬] মেহেরপুরে সংঘর্ষে জেলা বিএনপি'র সদস্য সচিবসহ আহত ২০, মানবজমিন ২৪ মে ২০২৫; https://mzamin.com/news.php?news=162676, বালিয়াডাঙ্গীতে মির্জা ফখরুলের ভাইয়ের ওপর হামলা, যুগান্তর ১৩ জুলাই ২০২৫; https://www.jugantor.com/tp-second-edition/977344

[২৪৭] গৌরপুরে মনোনয়ন ঘিরে সংঘর্ষ, ঘটনাস্থলে ছাত্রদল নেতার মৃত্যু, সমকাল ১০ নভেম্বর ২০২৫; https://samakal.com/whole-country/article/324450/

[২৪৮] সীতাকুন্ডে দুই গ্রুপের সংঘর্ষে স্বেচ্ছাসেবক দল নেতা নিহত, মানব জমিন, ৩০ মে ২০২৫: https://m.mzamin.com/news.php?news=163693

[২৪৯] যুগান্তর ২৩ জানুয়ারি ২০২৫; https://www.jugantor.com/country-news/907296

[২৫০] রাজনগরে জমির দখল নিয়ে বিএনপি'র দ'পক্ষে সংঘর্ষ, আহত ১০, মানবজমিন ১৫ অক্টোবর ২০২৫; https://mzamin.com/news.php?news=184764

[২৫১] মানবজমিন ৯ ফেবুয়ারি ২০২৫; https://mzamin.com/news.php?news=147785

[২৫২] প্রথম আলো ৬ ফেব্রুয়ারি ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/ymz50geb59 ঝুট ব্যবসা নিয়ে বিএনপির দু'পক্ষে সংঘর্ষ, সমকাল ২৯ জুন ২০২৫; https://samakal.com/whole-country/article/302757/

[২৫৩] রাউজানে দ্বন্দ্ব, খুনের পেছনে মাটির ব্যবসা বালুমহাল দখল, চাঁদা, সমকাল ৩১ জুলাই ২০২৫; https://samakal.com/whole-country/article/308139/, নিকলীতে বালুমহালের নিয়ন্ত্রণ নিয়ে বিএনপি যুবদলের সংঘর্ষ, আমার দেশ, ১৩ অগাস্ট ২০২৫; https://images.dailyamardesh.com/cropped-images/image_sl7_row6_date_13-08-2025_edition_2_page2_315063_786256_updated_watermarked_b1610414-6e60-4d8d-b5ae-8601c4c6fd4e.jpg

[২৫৪] বিএনপি দু'পক্ষের বিরোধে ১৫ ঘন্টা ফেরি বন্ধ, দুর্ভোগ, সমকাল ১৮ জুলাই ২০২৫; https://samakal.com/whole-country/article/306065/

[২৫৫] সমকাল ৮ মার্চ ২০২৫; https://samakal.com/whole-country/article/284385/

[২৫৬] যুগান্তর ৭ মার্চ ২০২৫; https://www.jugantor.com/bnp/925507

[২৫৭] সাদুল্লাপুরে বিএনপির দুই গ্রুপে সংঘর্ষ , দলীয় কার্যালয় ভাঙচুর, মানবজমিন ১ সেপ্টেম্বর ২০২৫; https://mzamin.com/news.php?news=178055

[২৫৮] যুবদলের দুই পক্ষে সংঘর্ষে নিহত ১, প্রথম আলো ২২ অগাস্ট ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/rmtjfuicc2, হামলায় বিএনপির দুই কর্মী আহত, প্রতিপক্ষের বাড়িঘরে লুটপাট, সমকাল ২ নভেম্বর ২০২৫; https://epaper.samakal.com/nogor-edition/2025-11-02/5/387, সোনারগাঁয়ে বিএনপি'র দুই গ্রুপের সংঘর্ষে অগ্নিসংযোগ-লুটপাট, মানবজমিন ৮ নভেম্বর ২০২৫; https://mzamin.com/news.php?news=188442

[২৫৯] যশোরে কৃষক দল নেতা হত্যায় বিএনপি নেতা, আমার দেশ ১১ সেপ্টেম্বর ২০২৫; https://www.dailyamardesh.com/amar-desh-special/amdjsmdhla7da

[২৬০] চট্টগ্রামের বিএনপির দুপক্ষের রক্তক্ষয়ী সংঘর্ষের পর কমিটি বিলুপ্ত, আমার দেশ ৩০ জুলাই ২০২৫; https://images.dailyamardesh.com/cropped-images/image_sl9_row8_date_30-07-2025_edition_2_page16_418672_182492_updated_watermarked_2c265eb3-f9c0-4642-b0df-7095db5aaf20.jpg, https://images.dailyamardesh.com/cropped-images/image_sl4_row3_date_30-07-2025_edition_2_page15_876401_104711_updated_watermarked_fc6f2c51-30c0-40bd-9d1f-9b0b4b3d831c.jpg

[২৬১] রাজাপুরে একই সময়ে বিএরনপি'র দু'গ্রুপের সভা, ১৪৪ ধারা জারি, মানবজমিন ১৪ অগাস্ট ২০২৫; https://mzamin.com/news.php?news=175385, খুলনায় বিএনপি'র দু'গ্রুপের সভা আহ্বান ১৪৪ ধারা জারি, মানবজমিন, ২০ সেপ্টেম্বর ২০২৫; https://mzamin.com/news.php?news=180900


ধারা ভঙ্গ করে সমাবেশ করার সময় দুই গ্রুপের মধ্যে সংঘর্ষ হয়।[২৬২] বিএনপির দুই গ্রুপের সংঘর্ষে কার্যক্রম নিষিদ্ধ কৃষক লীগের নেতার ছেলে নিহত হয়।[২৬৩]

৪৭. এছাড়া স্বার্থসিদ্ধির জন্য আওয়ামী লীগের নেতা-কর্মীদের নিজেদের মধ্যে কোন্দলের ফলে সৃষ্ট সংঘাত-সংঘর্ষে কয়েকজন মারা যান।

- গত ৬ জানুয়ারি রংপুরের পীরগাছায় দরবেশ আলী নামে এক ব্যক্তি নিহত হন।[২৬৪]
- গত ২৬ জানুয়ারি নরসিংদীর রায়পুরায় আলমগীর হোসেন আলম ও আলী আহমেদ নামে দুই ব্যক্তি নিহত হন।[২৬৫]
- গত ৮ মার্চ মাদারীপুর সদর উপজেলায় দুই সহোদর সাইফুল সরদার ও আতাউর সরদার এবং তাঁদের চাচাতো ভাই পলাশ সরদার নিহত হন।[২৬৬]

**৪৮. *অধিকার* এর সংগৃহীত তথ্য অনুযায়ী, ২০২৫ সালে ১ জানুয়ারি থেকে ১১ ডিসেম্বর পর্যন্ত রাজনৈতিক সহিংসতায় কমপক্ষে ২৩৮ জন নিহত ও ৬৭০৪ জন আহত হয়েছেন। এই সময়কালে বিএনপি'র ৪২২টি, আওয়ামী লীগের ১২টি ও এনসিপির ০২টি অভ্যন্তরীণ সংঘাতের ঘটনা রেকর্ড করা হয়েছে। বিএনপি'র অভ্যন্তরীণ সংঘাতে ৭৬ জন নিহত ও ৩৭৪৬ জন আহত, আওয়ামী লীগের অভ্যন্তরীণ সংঘাতে ০৬ জন নিহত ও ৬৫ জন আহত এবং এনসিপির অভ্যন্তরীণ সংঘাতে ০৫ জন আহত হয়েছেন বলে জানা গেছে।**

**৪৯. ১১ ডিসেম্বর ২০২৫ এ নির্বাচনী তফসিল ঘোষণার পর থেকেই রাজনৈতিক সহিংসতার ঘটনাগুলো নির্বাচনী সহিংসতা হিসেবে চিহ্নিত করা হয়েছে। *অধিকার* এর সংগৃহীত তথ্য অনুযায়ী নির্বাচনী সহিংসতাকে কেন্দ্র করে ১১ ডিসেম্বর থেকে ৩১ ডিসেম্বর পর্যন্ত ০২ জন নিহত ও ২৫ জন আহত হয়েছেন বলে জানা গেছে।**





[২৬২] ১৪৪ ধারা ভঙ্গ করে শোডাউন, সাঘাটায় বিএনপি'র দুগ্রুপে সংঘর্ষ আহত ২০, আমার দেশ ১০ নভেম্বর ২০২৫; https://images.dailyamardesh.com/cropped-images/image_sl6_row5_date_10-11-2025_edition_2_page13_482299_173480_updated_watermarked_63e00e92-4165-4c25-9d26-a478136026e4.jpg

[২৬৩] বিএনপির বিরোধে কৃষক লীগ নেতার ছেলে নিহত, প্রথম আলো ৪ নভেম্বর ২০২৫; https://epaper.prothomalo.com/Home/ShareArticle?OrgId=411ef1e78f0&eid=1&imageview=0&epedate=04/11/2025&sedId=1

[২৬৪] যুগান্তর ৬ জানুয়ারি ২০২৫; https://www.jugantor.com/tp-news/899733

[২৬৫] ডেইলী অভজারভার ২৬ জানুয়ারি ২০২৫; https://www.observerbd.com/news/509214

[২৬৬] মানবজমিন ১০ মার্চ ২০২৫; https://mzamin.com/news.php?news=151773




# ৩. নারীর প্রতি সহিংসতা

৫০. ফৌজদারি বিচার ব্যবস্থায় জবাবদিহিতার অভাব এবং দমনমূলক শাসনব্যবস্থার প্রতি আইন প্রয়োগকারী সংস্থাগুলোর পক্ষপাতিত্বের কারণে, লিঙ্গ-ভিত্তিক অপরাধের ঘটনাগুলোকে আড়ালে ঠেলে দেয়া হয়েছিল। পারিবারিক সহিংসতা এবং ধর্ষণের ঘটনাগুলো আদালতে কমই আসতে দেখা গেছে। পতিত আওয়ামী লীগ সরকারের আমলে নারীর প্রতি সহিংসতা ব্যাপকভাবে বৃদ্ধি পায়। অন্তর্বর্তী সরকার ক্ষমতায় আসার পরেও এই সহিংসতা অব্যাহত থাকে। লিঙ্গ-ভিত্তিক সহিংসতা এবং নারী ও শিশুদের জন্য ন্যায়বিচারের ক্ষেত্রে উদাসীনতা বাংলাদেশে এমন একটি সমস্যা, যা গুরুত্ব সহকারে বিবেচনা করা প্রয়োজন। ২০২৫ সালে সারা দেশে নারীর প্রতি ব্যাপক সহিংসতার ঘটনা ঘটেছে। সামাজিক নিরাপত্তা ব্যবস্থার অভাব, নিরপেক্ষ তদন্ত এবং আইনের যথাযথ প্রয়োগের অভাবে অধিকাংশ ক্ষেত্রে নারীর প্রতি সহিংসতাকারীদের শাস্তি নিশ্চিত করা যাচ্ছে না এবং ভিকটিমরা ন্যায় বিচার থেকে বঞ্চিত হচ্ছেন।

## ক. ধর্ষণ

৫১. গত ২৫ মার্চ ধর্ষণ মামলার বিচার দ্রুত করার জন্য নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ এর বেশকিছু সংশোধনী এনে 'নারী ও শিশু নির্যাতন দমন (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫' জারি করেছে অন্তর্বর্তী সরকার। সংশোধনীতে বিধান রাখা হয়েছে যে, আদালত যদি মনে করে, মেডিকেল সার্টিফিকেট এবং পারিপার্শ্বিক সাক্ষ্যের ভিত্তিতে বিচার সম্ভব, তাহলে ডিএনএ রিপোর্ট ছাড়াও ধর্ষণ মামলায় বিচার করা যাবে। মিথ্যা মামলার ক্ষেত্রেও কঠোর শাস্তির বিধান রাখা হয়েছে। সংশোধনীর খসড়ায় শিশু ধর্ষণ মামলা আলাদাভাবে বিচার করার জন্য বিশেষ ট্রাইব্যুনালের বিধান রাখা হয়েছে।[২৬৭] দুঃখজনকভাবে, উল্লেখিত সংশোধনীটি 'ধর্ষণ' অপরাধের বিতর্কিত সংজ্ঞা পরিবর্তনের ক্ষেত্রে কোনো ভূমিকা রাখে না।

[২৬৭] যুগান্তর , ১৮ মার্চ ২০২৫; https://www.jugantor.com/index.php/tp-lastpage/930455

৫২. উপরোক্ত অধ্যাদেশটি উত্যক্তকরন (স্টকিং) ও যৌন হয়রানির বিষয়গুলো সুযোগ থাকা সত্ত্বেও সমাধান করতে ব্যর্থ হয়েছে এবং ২০১১ সালে BNWLA ও অন্যান্য বনাম বাংলাদেশ মামলায় আদালতের নির্দেশ অনুযায়ী আইনের ১০ ধারায় কোনো সংশোধন আনা হয়নি। উত্যক্তকরন (স্টকিং) ও যৌন হয়রানি শুধু ভুক্তভোগীর মানসিক যন্ত্রণা ও ভয়ের কারণই নয়, এগুলো প্রায়ই ধর্ষণের পূর্বসূরি হিসেবেও কাজ করে।

৫৩. ২০২৫ সালেও ব্যাপকভাবে নারী ও শিশু[২৬৮] ধর্ষণের ঘটনা ঘটেছে। এই সময়ে শিশু[২৬৯] থেকে শুরু করে ৮০ বছরের বৃদ্ধাকে[২৭০] পর্যন্ত ধর্ষণ করা হয়েছে। এমনকি ধর্ষণের পর শিশুর মুখ এসিড দিয়ে পুড়িয়ে দেয়া হয়েছে[২৭১] এবং শিশুকে ধর্ষণের পর হত্যা করে মুখ ঝলসে দেয়া হয়েছে।[২৭২] ধর্ষণের শিকার শিশুকে[২৭৩] ধর্ষণ পরবর্তীতে হত্যা করা হয়েছে। এক শিশুকে দলবদ্ধভাবে ধর্ষণ করা হয়েছে এই খবর শুনে শিশুটির বাবা অসুস্থ হয়ে মারা গেছেন।[২৭৪]

৫৪. ধর্ষণের ঘটনা ছিল সর্বত্র। চলন্ত বাসে[২৭৫] ও অন্তঃসত্ত্বা নারীকে[২৭৬] ধর্ষণ করা হয়েছে। ধর্ষণের ঘটনায় ক্ষোভে ভিকটিম আত্মহত্যা করেছেন[২৭৭] এবং ধর্ষণ মামলা তুলে না নেয়ায় মামলার বাদী ভিকটিমের বাবাকে হত্যা করা হয়েছে।[২৭৮] ক্ষুদ্র জাতিগোষ্ঠীর এক স্কুলছাত্রীকে[২৭৯] মানসিক ভারসাম্যহীন নারীকে[২৮০] এবং শিশু পুত্রকে জিম্মি করে এক নারীকে ধর্ষণ করা হয়েছে।[২৮১] ধর্ষণ মামলায় জামিনে মুক্ত হয়ে ভিকটিমকে অপহরণ[২৮২] এবং ধর্ষণের মামলা তুলে নেয়ার হুমকি দেয়া হয়েছে।[২৮৩] এই সময়ে কিছু সংখ্যক ধর্ষক ধর্ষণের ভিডিও ধারণ করে এবং তা ইন্টারনেটে ছড়িয়ে দেয়ার ভয় দেখিয়ে ধর্ষণের শিকার নারীকে ব্লেকমেইল করে পুনরায় ধর্ষণ করেছে বা টাকা আদায় করেছে।[২৮৪]

৫৫. আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের বিরুদ্ধে ধর্ষণ ও ধর্ষককে রক্ষা করার অভিযোগ পাওয়া গেছে। এই সময়ে পুলিশের উচ্চপদস্থ কর্মকর্তার বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ[২৮৫], ধর্ষণের শিকার নারীর স্বামীকে ওসি

---

[২৬৮] শিশু ধষণের ক্ষেত্রে শুধু মাত্র মেয়ে শিশুদের তথ্য সন্নিবেশিত করা হয়েছে।
[২৬৯] সমকাল ১৪ মার্চ ২০২৫; https://samakal.com/bangladesh/article/285405/
[২৭০] ৮০ বছরের বৃদ্ধাকে ধর্ষণের পর হত্যার অভিযোগ, যুগান্তর, ২০ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/country-news/943763
[২৭১] ধর্ষণের পর শিশু জুঁই'র মুখ এসিড দিয়ে পুড়িয়ে দেয়া হয়, মানবজমিন, ১৮ এপ্রিল ২০২৫; https://mzamin.com/news.php?news=157034
[২৭২] স্কুলছাত্রীকে ধর্ষণ, হত্যার পর ঝলসানো হয় মুখ, সমকাল, ১৬ এপ্রিল ২০২৫; https://samakal.com/whole-country/article/290475/
[২৭৩] যুগান্তর ২৮ ফেব্রুয়ারি ২০২৫;; https://www.jugantor.com/country-news/922831
[২৭৪] সমকাল ১১ মার্চ ২০২৫; https://samakal.com/whole-country/article/284874/
[২৭৫] চলন্ত বাসে ধর্ষণের অভিযোগে চালক গ্রেফতার, প্রথম আলো, ১৭ জুন ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/rvuthmw3c5
[২৭৬] অন্তঃসত্ত্বা পোশাকশ্রমিককে ধর্ষণ, বাড়িওয়ালা কারাগারে, আজকের পত্রিকা, ২৩ এপ্রিল ২০২৫; https://www.ajkerpatrika.com/bangladesh/dhaka/ajp6lffidcnkv
সাভারে অন্তঃসত্ত্বা নারী শ্রমিককে ধর্ষণের পর হত্যা, মানবজমিন, ২৮ এপ্রিল ২০২৫; https://mzamin.com/news.php?news=158506
[২৭৭] সমকাল, ১০ মার্চ ২০২৫; https://samakal.com/whole-country/article/284766, ধর্ষণের শিকার জুলাই আন্দোলনে শহীদের মেয়ের আত্মহত্যা, সমকাল, ২৭ এপ্রিল ২০২৫; https://samakal.com/capital/article/292541/
[২৭৮] মানবজমিন ১৩ মার্চ ২০২৫; https://mzamin.com/news.php?news=152237
[২৭৯] গারো স্কুলছাত্রী ধর্ষণের অভিযোগে মামলা, গ্রেপ্তার ২, প্রথম আলো ২ অক্টোবর ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/54bjk9whjl
[২৮০] চাঁদপুরে অ্যাম্বুলেন্সে মানসিক ভারসাম্যহীন নারীকে ধর্ষণ, যুগান্তর ৮ সেপ্টেম্বর ২০২৫; https://www.jugantor.com/tp-lastpage/1000106
[২৮১] পঞ্চগড়ে ছেলের গলায় ছুরি ধরে সংঘবদ্ধ ধর্ষণ, যুগান্তর ৬ জুলাই ২০২৫; https://www.jugantor.com/country-news/974498
[২৮২] ধর্ষণ মামলায় জামিনে মুক্ত হয়ে ভুক্তভোগীকে অপহরণ, খোঁজ মেলেনি ছাত্রীর, মানবজমিন ১১ এপ্রিল ২০২৫; https://mzamin.com/news.php?news=156055
[২৮৩] রায়পুরায় দুই স্কুল ছাত্রী ধর্ষণে মামলা, পরিবার নিরাপত্তাহীনতায়, সমকাল, ১২ এপ্রিল ২০২৫; https://samakal.com/whole-country/article/289793/, কেরানীগঞ্জের ছাত্রী ধর্ষণের ঘটনা টাকা দিয়ে ধামাচাপার চেষ্টা, আমার দেশ ১৭ ডিসেম্বর ২০২৫; https://images.dailyamardesh.com/cropped-images/image_sl12_row11_date_17-12-2025_edition_2_page2_50795_589919_updated_watermarked_fca5a84b-27a1-44e4-83e1-03c19cd09905.jpg
[২৮৪] নান্দাইলে নারীকে ধর্ষণের ভিডিও ধারণ, ছবি প্রকাশ, যুগান্তর, ৫ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/tp-bangla-face/937205
[২৮৫] এএসপির বিরুদ্ধে ধর্ষণের অভিযোগে মামলা, যুগান্তর, ২০ মে ২০২৫; https://www.jugantor.com/national/956272

কর্তৃক হুমকি দেয়া[২৮৬], আটক ধর্ষককে ঘুষের বিনিময়ে থানা থেকে ছেড়ে দেয়া, পুলিশের বিরুদ্ধে মামলা না নেয়ার[২৮৭] এবং পুলিশ ব্যারাকে পুরুষ পুলিশ কর্তৃক এক নারী পুলিশ সদস্যকে ধর্ষণ করার অভিযোগ পাওয়া গেছে।[২৮৮]

৫৬. রাজনৈতিক নেতা-কর্মীদের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ রয়েছে। বিএনপি[২৮৯] ও আওয়ামী লীগের [২৯০] অঙ্গ সংগঠনের নেতা-কর্মীদের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ পাওয়া গেছে।

- গত ৮ জানুয়ারি কুমিল্লার নাঙ্গলকোটে যুবদল নেতা মহসিন মিয়ার নেতৃত্বে একদল দুর্বৃত্ত দুই নারীকে তুলে নিয়ে গণধর্ষণ করে এবং ধর্ষণের ভিডিও ফেসবুকে ছড়িয়ে দেয়ার হুমকি দেয়।[২৯১]
- গত ১৬ মার্চ যশোরের ঝিকরগাছায় গদখালীতে বেড়াতে আসা এক তরুণীকে গদখালী ইউনিয়ন ছাত্রদলের সাধারণ সম্পাদক আল মামুন হোসেনসহ ৪ জন ছাত্রদলের বিভিন্ন পর্যায়ের নেতা-কর্মী দলবদ্ধভাবে ধর্ষণ করে।[২৯২]

৫৭. সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের একটি বেঞ্চ ধর্ষণের ঘটনায় সালিস বা মীমাংসা রোধে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে নির্দেশ দিয়েছে।[২৯৩] হাইকোর্ট বিভাগের এই আদেশের পরেও সালিশের মাধ্যমে অনেক ধর্ষণের ঘটনা মীমাংসা করে দিয়ে মোটা অংকের টাকা উপার্জন করেছে স্থানীয় প্রভাবশালী ব্যক্তি ও রাজনৈতিক নেতারা।[২৯৪] এমনকি ধর্ষণের শিকার নারীকে গ্রাম্য সালিশের মাধ্যমে ধর্ষকের সঙ্গে বিয়ে দেয়ার ঘটনাও ঘটেছে।[২৯৫]

৫৮. ***অধিকার* এর সংগৃহীত তথ্য অনুযায়ী, ২০২৫ সালে ৮৮৫ জন নারী ও মেয়ে শিশু ধর্ষণের শিকার হয়েছেন। এঁদের মধ্যে ৩০২ জন নারী, ৫০৮ জন মেয়ে শিশু এবং ৭৫ জনের বয়স জানা যায়নি। ঐ ৩০২ জন নারীর মধ্যে ৮০ জন গণধর্ষণের শিকার হয়েছেন, ০৯ জনকে ধর্ষণের পর হত্যা করা হয়েছে এবং ০২ জন নারী আত্মহত্যা করেছেন। ৫০৮ জন মেয়ে শিশুর মধ্যে ৫৪ জন গণধর্ষণের শিকার হয়েছেন, ২৪ জনকে ধর্ষণের পর হত্যা করা হয়েছে এবং ০২ জন আত্মহত্যা করেছেন।**

---

[২৮৬] মেহেন্দিগঞ্জে ধর্ষণের শিকার নারীর স্বামীকে ওসির হুমকি, মানবজমিন, ১৬ এপ্রিল ২০২৫; https://mzamin.com/news.php?news=156709

[২৮৭] যুগান্তর ২৭ জানুয়ারি ২০২৫; https://www.jugantor.com/crime/908958, ধর্ষণ মামলার আসামিকে ছেড়ে দেয়ার অভিযোগ, পুলিশ বলছে পালিয়েছে, মানবজমিন ২২ জুলাই ২০২৫; https://m.mzamin.com/news.php?news=171681

[২৮৮] থানা ব্যারাকে পুলিশ সদস্যকে ধর্ষণ, মানবজমিন ২১ অগাস্ট ২০২৫; https://mzamin.com/news.php?news=176427

[২৮৯] বন্ধুকে ছাত্রলীগ বলে পুলিশে দিয়ে হবু বউকে ধর্ষণ, ছাত্রদল নেতা গ্রেপ্তার, মানবজমিন, ১ মে ২০২৫; https://mzamin.com/news.php?news=159005, সমকাল ১৭ মার্চ ২০২৫; https://samakal.com/whole-country/article/285834/

[২৯০] রামগঞ্জে মা'কে বেঁধে প্রতিবন্ধী মেয়েকে ধর্ষণ, তিনদিনেও গ্রেপ্তার হয়নি ছাত্রলীগ নেতা, মানবজমিন ২৯ ডিসেম্বর ২০২৫; https://mzamin.com/news.php?news=196249


[২৯১] যুগান্তর ১৩ জানুয়ারি ২০২৫; https: //www.jugantor.com/country-news/903050

[২৯২] প্রথম আলো ১৬ মার্চ ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/ecnyboyeqj

[২৯৩] ঢাকা ট্রিবিউন, ২২ অক্টোবর ২০২৫; https://www.dhakatribune.com/bangladesh/court/394575/writ-seeks-ban-on-marriage-between-rapists-and?utm_source=chatgpt.com

[২৯৪] প্রথম আলো, ৯ মার্চ ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/tbk43lx6em, প্রতিবন্ধী ছাত্রীকে ধর্ষণচেষ্টা, সালিশ করে লক্ষাধিক টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগ, যুগান্তর, ১০ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/country-news/939677

[২৯৫] হাতিয়ায় ছাত্রীকে তিনদিন আটকে রেখে ধর্ষণ, গ্রাম্য সালিশে বিয়ে, মানবজমিন, ২১ অগাস্ট ২০২৫; https://mzamin.com/news.php?news=176394, মানবজমিন ১৮ মার্চ ২০২৫; https://m.mzamin.com/news.php?news=152891





## খ. নারীদের উত্যক্তকরণ/যৌন হয়রানি

৫৯. ২০২৫ সালে নারীদের উত্যক্তকরণ এবং যৌন হয়রানির অনেক ঘটনা ঘটেছে। সমাজের বিভিন্ন শ্রেণী পেশার পুরুষ কর্তৃক নারীরা যৌন হয়রানির শিকার হয়েছেন। স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের[২৯৬] শিক্ষক কর্তৃক শিক্ষার্থীদের ওপর যৌন হয়রানির অনেক অভিযোগ রয়েছে।

- এই সময়ে বিকৃত ছবি-ভিডিওর মাধ্যমে ৭ জন নারী চিকিৎসককে[২৯৭] এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন নারী শিক্ষকের ব্যক্তিগত ছবি বিকৃত করে ফেসবুকে ছড়িয়ে দিয়ে যৌন হয়রানি করা হয়েছে।[২৯৮]
- কিশোর গ্যাং এর সদস্যরা স্কুল, কলেজ এবং রাস্তায় বিভিন্ন বয়সী নারীদের উত্তক্ত করেছে বলে অভিযোগ পাওয়া গেছে।[২৯৯]
- বখাটেদের যৌন হয়রানির প্রতিবাদ করায় ভিকটিমের স্বামীকে[৩০০] ভিকটিমের বাবাকে[৩০১], ভিকটিমের নানাকে[৩০২] এবং ভিকটিমের আত্মীয় দুই নারীকে[৩০৩] হত্যা করা হয়। যৌন হয়রানির মিমাংসার জন্য সালিশ বৈঠক ডাকা হলে দুই পক্ষের মধ্যে কথা কাটাকাটির সময় মেয়ের বাবাকে পিটিয়ে হত্যা করা হয়।[৩০৪]

[২৯৬] যৌন হয়রানির অভিযোগে ইবি শিক্ষককে বরখাস্ত, মানবজমিন ৬ জুলাই ২০২৫; https://mzamin.com/news.php?news=169148
[২৯৭] বিকৃত ছবি-ভিডিওর শিকার সাত নারী চিকিৎসক, সমকাল ৪ নভেম্বর ২০২৫; https://samakal.com/bangladesh/article/323630/
[২৯৮] মামলা করলেন ঢাবি শিক্ষক মোনামী, সমকাল ৪ নভেম্বর ২০২৫; https://samakal.com/law-justice/article/323743/
[২৯৯] যুগান্তর, ৩ জানুয়ারি ২০২৫; https://epaper.jugantor.com/storage/2025-01-03/2/link_img_second_ed_1735871137_21.jpg
[৩০০] যুগান্তর ,৩ জানুয়ারি ২০২৫; https://epaper.jugantor.com/storage/2025-01-03/2/link_img_second_ed_1735871137_21.jpg
[৩০১] উত্ত্যক্তের প্রতিবাদ করায় বাবাকে হত্যা, যুগান্তর, ১৮ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/country-news/942508
[৩০২] থানায় নাতনিকে উত্ত্যক্তের অভিযোগ করায় নানাকে হত্যা, মানবজমিন, ১ মে ২০২৫; https://mzamin.com/news.php?news=159037
[৩০৩] স্কুলছাত্রীকে কোপাল বখাটে, বাঁচাতে গিয়ে নিহত ২ নারী, আমার দেশ ১৮ জুলাই ২০২৫; https://images.dailyamardesh.com/cropped-images/image_sl10_row9_date_18-07-2025_edition_2_page3_13738_270951_updated_watermarked_05e445d4-df8f-4e74-86c1-bdc097921efa.jpg
[৩০৪] তুলে নিয়ে বিয়ে, সালিশে কিশোরীর বাবাকে হত্যা, সমকাল ৩ অগাস্ট ২০২৫; https://samakal.com/whole-country/article/308605/

৬০. *অধিকার* এর সংগৃহীত তথ্য অনুযায়ী, ২০২৫ সালে মোট ৪৩ জন নারী ও মেয়ে শিশু যৌন হয়রানির (উত্ত্যক্তকরণ) শিকার হয়েছেন বলে জানা গেছে। এছাড়া নারী ও শিশুদের ওপর সংঘটিত যৌন হয়রানির প্রতিবাদ করতে গিয়ে ০৩ জন পুরুষ নিহত ও ১৬ জন পুরুষ আহত হয়েছেন। নারী ও শিশুদের ওপর সংঘটিত যৌন হয়রানির প্রতিবাদ করতে গিয়ে ০৩ জন নারী নিহত ও ০২ জন আহত হয়েছেন।




## গ. যৌতুক সহিংসতা

৬১. যৌতুকের দাবিতে নারীদের ওপর সহিংসতা বিদ্যমান ছিল ২০২৫ সালেও। এই সময়ে যৌতুক না পাওয়ায় গৃহবধূকে গলা কেটে[৩০৫], পিটিয়ে[৩০৬], শ্বাসরোধ করে[৩০৭], আগুনে পুড়িয়ে হত্যা[৩০৮] করা হয়েছে। হত্যা ও সহিংসতার শিকার অনেক নারী অন্তঃসত্ত্বা ছিলেন। এছাড়া যৌতুকের দাবিতে গৃহবধূর মাথা ন্যাড়া করে দেয়া[৩০৯] এবং নারীকে আগুনে পুড়িয়ে[৩১০] গুরুতর আহত করা হয়েছে।

- গত ৪ মার্চ ফেনী সদর উপজেলায় যৌতুকের দাবিতে মারজাহান আক্তার ঝুমুর নামে এক গৃহবধূকে তাঁর স্বামী ছায়েদুর রহমান তৌহিদ ও তার পরিবারের সদস্যরা পিটিয়ে হত্যা করে।[৩১১]
- গত ৮ জুন রংপুরে পাঁচ লক্ষ টাকা যৌতুক না পেয়ে রেজওয়ানা নামে এক গৃহবধূকে তাঁর স্বামী আব্দুল করিম আগুনে পুড়িয়ে হত্যা করে।[৩১২]

[৩০৫] যশোরে গৃহবধূকে গলা কেটে হত্যা, লাপাত্তা স্বামী-সতিন, ইত্তেফাক, ২৮ এপ্রিল ২০২৫; https://www.ittefaq.com.bd/729431/
[৩০৬] নয়াদিগন্ত ১৫ মার্চ ২০২৫; https://www.dailynayadiganta.com/bangladesh/country-news/4j7PJ0O7WdJy, যৌতুকের জন্য পিটিয়ে হত্যা, ভাসুর গ্রেফতার, যুগান্তর ৬ অগাস্ট ২০২৫' https://www.jugantor.com/country-news/987064, যৌতুকের জন্য পিটিয়ে হত্যা, ভাসুর গ্রেফতার, যুগান্তর ৬ অগাস্ট ২০২৫' https://www.jugantor.com/country-news/987064
[৩০৭] যুগান্তর ৬ ফেব্রুয়ারি ২০২৫; https://www.jugantor.com/index.php/tp-bangla-face/913399 যৌতুকের বলি রেশমা, মানবজমিন, ২৫ এপ্রিল ২০২৫; https://mzamin.com/news.php?news=158030
[৩০৮] রংপুরে যৌতুক না পেয়ে গৃবধধূকে পুড়িয়ে হত্যা, যুগান্তর, ১৬ জুন ২০২৫; https://www.jugantor.com/tp-bangla-face/965997
[৩০৯] যুগান্তর ১৭ মার্চ ২০২৫; https://www.jugantor.com/tp-bangla-face/930112
[৩১০] যুগান্তর ২৪ মার্চ ২০২৫; https://www.jugantor.com/country-news/933338, রংপুরে যৌতুক না পেয়ে গৃবধধূকে পুড়িয়ে হত্যা, যুগান্তর, ১৬ জুন ২০২৫; https://www.jugantor.com/tp-bangla-face/965997
[৩১১] মানবজমিন ১৭ মার্চ ২০২৫; https://mzamin.com/news.php?news=152769

- গত ৬ অগাস্ট লক্ষীপুর সদর উপজেলায় এক লাখ টাকা যৌতুক না পেয়ে ফাতেমা বেগম নামে এক গৃহবধূকে তাঁর স্বামী স্বেচ্ছাসেবক দলের নেতা হাসান হত্যা করেছে বলে অভিযোগ পাওয়া গেছে। এই ঘটনায় পুলিশ হাসানকে গ্রেফতার করলে জেলা যুবদলের সাধারণ সম্পাদক সৈয়দ রাশিদুল হাসান লিংকন হাসানকে থানা থেকে ছাড়িয়ে নেয়।[৩১৩]
- গত ২৩ ডিসেম্বর নওগাঁর মান্দায় জেসমিন আরা (২২) নামে এক গৃহবধূকে যৌতুকের দাবিতে পিটিয়ে হত্যা করা হয়। এই হত্যাকাণ্ডে জড়িত থাকার অভিযোগে গৃহবধূর স্বামী, শ্বশুর ও শাশুড়িকে গ্রেফতার করেছে পুলিশ।[৩১৪]

৬২. ***অধিকার* এর সংগৃহীত তথ্য অনুযায়ী, ২০২৫ সালে মোট ৬৭ জন নারী যৌতুক সহিংসতার শিকার হয়েছেন। এর মধ্যে ৩৭ জন নারীকে যৌতুকের কারণে হত্যা করা হয়েছে, ২৭ জন বিভিন্নভাবে নিপীড়নের শিকার এবং ০৩ জন আত্মহত্যা করেছেন।**

# ৪. তৈরি পোশাক শিল্পের শ্রমিকদের অবস্থা

৬৩. ২০২৫ সালে তৈরি পোশাক শিল্প শ্রমিকদের অসন্তোষ[৩১৫] অব্যাহত ছিল। দেশে রপ্তানি আয়ের প্রধান উৎস তৈরি পোশাক শিল্পকে পরিকল্পিতভাবে অস্থিতিশীল করে তোলা হয়েছিল বলে অভিযোগ রয়েছে। শেখ হাসিনার আমলে অনেক তৈরি পোশাক কারখানার মালিক অবাধে লুটপাট করে দেশের বাইরে বিপুল পরিমান টাকা পাচার করে ব্যাংকসহ দেশের অর্থনীতির মারাত্মক ক্ষতি সাধন করেছে।[৩১৬] এদের ষড়যন্ত্রমূলক পরিকল্পনাগুলো বাস্তবায়নের জন্য একটি নেটওয়ার্ক তৈরি করা হয়েছিল, যারা টাকার বিনিময়ে অবরোধ, মিছিল, জ্বালাও পোড়াওসহ বিভিন্ন নাশকতা কার্যক্রমের সঙ্গে যুক্ত ছিল।[৩১৭] পরিকল্পিত অসন্তোষের জেরে ২০২৫ সালের মধ্য ফেব্রুয়ারি পর্যন্ত ১১৯টি তৈরি পোশাক কারখানা বন্ধ হয়ে যায়।[৩১৮]

৬৪. বিগত কর্তৃত্ববাদী শাসনামলে পোশাক শিল্প কারখানায় ট্রেড ইউনিয়ন গঠন করা ছিলো শ্রমিকদের জন্য ঝুঁকিপূর্ণ। এছাড়া শ্রম আইন অনুযায়ী কারখানায় ট্রেড ইউনিয়ন করতে গেলে ২০% শ্রমিকের সম্মতি লাগতো। ফলে ট্রেড ইউানয়ন গঠন করা সহজ ছিল না। সেই সময়ে কিছু পোশাক শিল্প কারখানায় নাম সর্বস্ব ট্রেড ইউনিয়ন গঠন করা হয়েছিল, যাদের অধিকাংশই মালিকপক্ষের হয়ে কাজ করেছে। বর্তমান অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা পরিষদ গত ২৩ অক্টোবর আগের আইনের সংশোধন করে শ্রম আইন (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ চূড়ান্ত অনুমোদন দিয়েছে। এই সংশোধনীর ফলে এখন থেকে ২০% শ্রমিকের পরিবর্তে ২০ জন শ্রমিকের উপস্থিতি থাকলেই ট্রেড ইউনিয়ন গঠন করা যাবে। নতুন শ্রম আইন অনুযায়ী ট্রেড ইউনিয়ন গঠন ও নিবন্ধন প্রক্রিয়া অনেক সহজ করা হয়েছে। শ্রমিকদের জন্য বিকল্প ব্যবস্থা শক্তিশালী করা হয়েছে, ফলে আদালতে না গিয়েও বিরোধ নিষ্পত্তি করা যাবে।[৩১৯]

---

[৩১২] রংপুরে গৃহবধূকে পুড়িয়ে হত্যার অভিযোগ, মামলা করতে ১২ ঘণ্টা ধরে থানায় পরিবার, প্রথম আলো, ১৪ জুন ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/udb8txxlix

[৩১৩] লক্ষীপুরে যৌতুক না পেয়ে স্ত্রীকে হত্যা, যুগান্তর ১১' অগাস্ট ২১২৫; https://www.jugantor.com/index.php/tp-news/988850

[৩১৪] নয়া দিগন্ত, ২৩ ডিসেম্বর ২০২৫; https://dailynayadiganta.com/bangladesh/country-news/HUkGY5a5dCVO

[৩১৫] মানবজমিন, ৬ জানুয়ারি ২০২৫; https://mzamin.com/news.php?news=142849

[৩১৬] যুগান্তর, ১৮ ফেব্রুয়ারি ২০২৫; https://www.jugantor.com/tp-firstpage/918100

[৩১৭] যুগান্তর, ১৮ ফেব্রুয়ারি ২০২৫; https://www.jugantor.com/tp-firstpage/918100

[৩১৮] যুগান্তর, ১৮ ফেব্রুয়ারি ২০২৫; https://www.jugantor.com/tp-firstpage/918100

[৩১৯] ২০ শ্রমিক এক হলেই করা যাবে ট্রেড ইউনিয়ন, সমকাল ২৪ অক্টোবর ২০২৫; https://samakal.com/bangladesh/article/321967/

৬৫. এই সময়ে বেতন বৃদ্ধি, বকেয়া বেতন পরিশোধ ও কারখানা খুলে দেয়াসহ বিভিন্ন দাবিতে এবং শ্রমিক ছাঁটাই[৩২০] ও শ্রমিককে মারধর[৩২১] করার প্রতিবাদে শ্রমিকরা বিক্ষোভ-সমাবেশ ও রাস্তা অবরোধ করেন। এছাড়া যৌথবাহিনীর সঙ্গে শ্রমিকদের সংঘর্ষে শ্রমিক, পুলিশ ও সেনাসদস্য আহত হন।[৩২২] এই সমস্ত ঘটনার সংবাদ সংগ্রহ করতে যেয়ে সংবাদ কর্মীরাও আহত হন।[৩২৩]



*গাজীপুরে বকেয়া বেতনের দাবিতে শ্রমিক বিক্ষোভ। ছবিঃ যুগান্তর ১৮ জানুয়ারি ২০২৫*



*বেতন ভাতার দাবিতে সচিবালয়ের সামনে পোশাক শ্রমিকদের সঙ্গে পুলিশের সংঘর্ষ। ছবিঃ ডেইলী স্টার ২৫ মার্চ ২০২৫*

---

[৩২০] শ্রমিক ছাঁটাইয়ের প্রতিবাদে মহাসড়ক অবরোধ, প্রথম আলো ২৪ এপ্রিল ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/d682e27qk7 , গাজীপুরে শ্রমিক ছাঁটাইয়ের প্রতিবাদে বিক্ষোভ, যুগান্তর ১৫ সেপ্টেম্বর ২০২৫; https://epaper.jugantor.com/storage/2025-09-15/12/link_img_second_ed_1757895994_8.jpg

[৩২১] শ্রমিক বিক্ষোভে মহাসড়ক অবরোধ, বাংলাদেশ জার্নাল, ২৬ এপ্রিল ২০২৫; https://www.bd-journal.com/bangladesh/287883/

[৩২২] মানবজমিন ২৬ মার্চ ২০২৫; https://mzamin.com/news.php?news=154090

[৩২৩] প্রথম আলো ২২ জানুয়ারি ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/vds1mz33r0

৬৬. গত ১৪ অক্টোবর ঢাকার মিরপুরের রূপনগরে আনোয়ার ফ্যাশন নামে একটি তৈরি পোশাক কারাখানা ও রাসায়নিক গুদামে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। এই ঘটনায় ১৬ জন শ্রমিক নিহত এবং অনেক শ্রমিক দগ্ধ ও আহত হন।[৩২৪]



*রাজধানীর মিরপুরের শিয়ালবাড়িতে সাত তলা একটি পোশাক কারখানা এবং এর লাগোয়া একটি রাসায়নিকের গুদামে আগুন। ছবি: প্রথম আলো ১৫ অক্টোবর ২০২৫*



*রাজধানীর মিরপুরের রূপনগরে কেমিকেল গোডাউনে লাগা ভয়াবহ আগুন। ছবি: বাংলাদেশ টাইমস ১৪ অক্টোবর ২০২৫*

[৩২৪] রূপনগরে আগুনে অঙ্গার ১৬ জন, সমকাল ১৫ অক্টোবর ২০২৫; https://samakal.com/capital/article/320505/

# ৫. ধর্মীয় সংখ্যালঘু ও ক্ষুদ্র জাতিগোষ্ঠি

৬৭.২০২৫ সালে দেশের বিভিন্ন জায়গায় ধর্মীয় সংখ্যালঘু, ভিন্নমতাবলম্বী এবং ক্ষুদ্র জাতিগোষ্ঠির নাগরিকদের মানবাধিকার লঙ্ঘিত হয়েছে। এই সময়ে ধর্মীয় উগ্রবাদী ও রাজনৈতিকভাবে প্রভাবশালী ব্যক্তিদের মাধ্যমে তাঁদের কার্যক্রমে বাধা, হুমকি এবং হামলা ও ভাঙচুরের ঘটনা ঘটেছে। এই সময় দুর্বৃত্তরা ধর্মীয় অসহিষ্ণু পরিবেশ তৈরি করতে শারদীয় দুর্গাপূজার সময় ৭৯৩টি পূজামণ্ডপে অসুরের মুখে দাড়ি জুড়ে দেয়ার মতো ঘটনা ঘটায়।[৩২৫]

- গত ১২ ফেব্রুয়ারি টাঙ্গাইলের মধুপুরে ফকির লালন শাহ এর ১৩৪তম তিরোধান বর্ষ উদযাপন উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান স্থানীয় হেফাজতে ইসলামের আপত্তি ও বাধার মুখে পণ্ড হয়ে যায়।[৩২৬]
- গত ২১ ফেব্রুয়ারি মানিকগঞ্জের সিংগাইরে প্রয়াত বাউল আবদুর রশিদ বয়াতির বার্ষিক ওরস মহফিলে স্থানীয় বিএনপি নেতা মিঠু লোক জন নিয়ে ওরসে আসা ভক্তদের মারধর করে। এতে অনুষ্ঠান পণ্ড হয়ে যায়।[৩২৭]
- গত ৭ এপ্রিল রাজবাড়ি জেলার পাংশা উপজেলায় প্যালেসটাইনের গাজায় ইসরাইলের বর্বরতার প্রতিবাদে একটি মিছিল আহমদিয়া জামায়াতের প্রার্থনা স্থান অতিক্রম করার সময় কিছু দুর্বৃত্ত প্রার্থনা স্থানে হামলা চালায় এবং দরজা জানালা ভেঙে ফেলে।[৩২৮]
- রাজশাহীর গোদাগাড়িতে খেতুরী ধামে হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টান কল্যাণ ফ্রন্টের আয়োজনে গত ১৩ জুন হিন্দু ধর্মাবলম্বীদের মিলন মেলার আয়োজন করা হলে স্থানীয় বিএনপি নেতা এহসানুল কবির টুকু দলবল নিয়ে আয়োজনস্থলে হামলা করলে মিলনমেলা পণ্ড হয়ে যায়।[৩২৯]
- গত ৩০ জুলাই বাবলু নামে বিএনপির সঙ্গে সম্পৃক্ত এক ব্যক্তি একদল লোক নিয়ে রাজশাহীর পবা উপজেলার বাগসারা গ্রামের বারনই নদীর তীরে পানি উন্নয়ন বোর্ডের জায়গায় ঘর তুলে বসবাস করা ক্ষুদ্র জাতিগোষ্ঠী সাঁওতাল, ধাঙ্গড় ও রবি দাস সম্প্রদায়ের বাড়িঘরে দুই দফা হামলা চালিয়ে ভাঙচুর এবং লুটপাট করে। হামলার পর ক্ষুদ্র জাতিগোষ্ঠীর নাগরিকরা বাড়িঘর ছেড়ে পালিয়ে যান।[৩৩০]
- গত ২৭ অক্টোবর রাজশাহী জেলার গোদাগাড়ীর বাবুডং গ্রামে আদালতের আদেশে ক্ষুদ্র জাতিগোষ্ঠী কোল এর পাঁচটি পরিবারকে উচ্ছেদ করা হয়। উচ্ছেদের আগে তাঁদের কোন নোটিশ দেয়া হয়নি বলে অভিযোগ করেন ভুক্তভোগীরা। তাঁদের ঘরবাড়ি মাটির সঙ্গে মিশিয়ে দিলে শিশুসহ পরিবারের সদস্যরা খোলা আকাশের নিচে আশ্রয় নেন।[৩৩১]

---

[৩২৫] ৭৯৩ পূজামণ্ডপে অসুরের মুখে দাড়ি লাগানোর ঘটনার বিচার হবে, আমার দেশ ৬ অক্টোবর ২০২৫; https://www.dailyamardesh.com/national/amdjwhdnstdh9

[৩২৬] সমকাল ১২ ফেব্রুয়ারি ২০২৫; https://samakal.com/whole-country/article/280460/

[৩২৭] সমকাল ২২ ফেব্রুয়ারি ২০২৫; https://epaper.samakal.com/nogor-edition/2025-02-22/2/6243

[৩২৮] Attack on prayer centre of Ahmadiyas condemned, New Age 9 Aprill 2025; https://www.newagebd.net/print/post/261900

[৩২৯] বিএনপি নেতার হামলায় সনাতনীদের অনুষ্ঠান পন্ডের অভিযোগ, সমকাল, ১৪ জুন ২০২৫; https://samakal.com/whole-country/article/300277

[৩৩০] বাড়ি-ঘর ছেড়ে পালিয়েছে ক্ষুদ্র নৃগোষ্ঠীর সদস্যরা, যুগান্তর ৫ অগাস্ট ২০২৫; https://www.jugantor.com/tp-lastpage/986392

[৩৩১] পাঁচ আদিবাসী পরিবারকে উচ্ছেদ বাঁশঝাড়ে আশ্রয়, সমকাল ২৯ অক্টোবর ২০২৫; https://samakal.com/whole-country/article/322686/



*আদালতের আদেশে কোল জনগোষ্ঠীর পাঁচ পরিবারকে গত ২৭ অক্টোবর দুপুরে উচ্ছেদ করা হয়েছে। উচ্ছেদের পর তাঁরা একটি বাঁশঝাড়ের নিচে থাকছেন। ছবি: সমকাল ২৯ অক্টোবর ২০২৫*

- গত ২৬ ডিসেম্বর ঠাকুরগাঁও পৌর শহরে হযরত বাবা শাহ সত্যপীরের মাজার একদল দুর্বৃত্ত ভাঙচুর করে।[৩৩২]

# ৬. বাংলাদেশ-ভারত

## ক. ভারত সরকারের আগ্রাসী নীতি এবং বাংলাদেশ-ভারত সীমান্তে মানবাধিকার লঙ্ঘন

৬৮. ২০২৫ সালে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ) বাংলদেশ–ভারত সীমান্তবর্তী এলাকায় বাংলাদেশী নাগরিকদের হত্যা, নির্যাতন, আহত এবং অপহরণ করেছে। এছাড়াও ভারতে অবস্থানকারী বাংলাদেশী, রোহিঙ্গা জনগোষ্ঠি[৩৩৩] এবং বাংলাভাষী ভারতীয় মুসলিম নাগরিকদের[৩৩৪] জোর করে বাংলাদেশে পুশইন করা হয়েছে। পুশইন করা অধিকাংশ ব্যক্তিকেই নির্যাতনের মাধ্যমে শূন্যরেখা অতিক্রমে বাধ্য করা হয়েছে। এমনকি তাঁদের মালামাল ও নগদ অর্থ ছিনিয়ে নিয়েছে বিএসএফ সদস্যরা।[৩৩৫]

৬৯. ***অধিকার* এর সংগৃহীত তথ্য অনুযায়ী, ২০২৫ সালে বিএসএফ ৩২ জন বাংলাদেশী নাগরিককে হত্যা করেছে বলে জানা গেছে। এঁদের মধ্যে ২২ জন গুলিতে এবং ১০ জন নির্যাতনে নিহত হয়েছেন। এছাড়াও ৩৪ জন বাংলাদেশী নাগরিক বিএসএফ কর্তৃক আহত হয়েছেন। এই ৩৪ জনের মধ্যে ২৩ জন গুলিতে আহত এবং ১১ জন নির্যাতনের শিকার হয়েছেন। বিভিন্ন সংবাদ মাধ্যম ও *অধিকার* এর সঙ্গে সংশ্লিষ্ট সীমান্ত**

---

[৩৩২] ঠাকুরগাঁওয়ে মাজার ও কবর ভাঙচুর স্থানীয়দের ক্ষোভ, সমকাল ২৮ ডিসেম্বর ২০২৫; https://samakal.com/whole-country/article/331335/

[৩৩৩] বড়লেখায় ১২ রোহিঙ্গাসহ ১৬ জনকে ঠেলে দিল বিএসএফ, সমকাল ২৪ জুন ২০২৫; https://samakal.com/whole-country/article/301873/, আবারো ১০ রোহিঙ্গাকে পুশইন করলো বিএসএফ, বাংলা ট্রিবিউন, ২৮ জুলাই ২০২৫; https://www.banglatribune.com/country/sylhet/908990/

[৩৩৪] ভারতীয় পরিবারকে বাংলাদেশি বানিয়ে ঠেলে দেয় বিএসএফ, সমকাল ২৬ জুলাই ২০২৬; https://samakal.com/bangladesh/article/307314/

[৩৩৫] ‘বিএসএফ আমাদের সব টাকা রেখে দিয়েছে’ যুগান্তর, ১২ জুন ২০২৫; https://www.jugantor.com/tp-firstpage/964173

**এলাকার মানবাধিকার কর্মীদের তথ্য অনুযায়ী ৩১ ডিসেম্বর পর্যন্ত নারী, শিশু, বৃদ্ধসহ ২৪২৫ জনকে জোর করে বাংলাদেশে পাঠানো হয়েছে।**[৩৩৬]

- গত ৭ জানুয়ারি হবিগঞ্জ জেলার চুনারুঘাট সীমান্তে জহুর আলী নামে এক বাংলাদেশী নাগরিককে বিএসএফ ও ভারতীয় লোকজন হত্যা করে লাশ নিয়ে যায়।[৩৩৭]
- গত ৮ জানুয়ারি বিএসএফ সুনামগঞ্জ বিশ্বম্ভর উপজেলার মাছিমপুর সীমান্তে সাইদুল ইসলাম নামে এক বাংলাদেশী যুবককে গুলি করে হত্যা করে।[৩৩৮]
- গত ৭ ফেব্রুয়ারি চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জ সীমান্তে কৃষি জমিতে সেচ দিতে গেলে বারিকুল ইসলাম নামে এক বাংলাদেশী কৃষককে নির্যাতন করে হত্যা করে।[৩৩৯]
- গত ২৮ ফেব্রুয়ারি ব্রাক্ষনবাড়িয়া জেলার কসবা সীমান্তে আল আমিন নামে এক বাংলাদেশী নাগরিককে গুলি করে হত্যা করে ।[৩৪০]
- গত ৭ মার্চ পঞ্চগড় জেলার ভিতরগড় সীমান্তে মোহাম্মদ আল আমিন নামে এক বাংলাদেশী নাগরিককে গুলি করে হত্যা করে ।[৩৪১]
- গত ৮ এপ্রিল ব্রাক্ষণবাড়িয়ার বিজয়নগর সীমান্তে মুরাদুর রহমান মুন্না নামে এক বংলাদেশী কৃষক নিজের ধানের জমি দেখতে গেলে বিএসএফ এর সদস্যরা তাঁকে ধরে নির্যাতন করে হত্যা করে।[৩৪২]
- গত ১৩ এপ্রিল ঝিনাইদহের মহেশপুর সীমান্তে বিএসএফ সদস্যরা বাংলাদেশী যুবক ওয়াসিমকে নির্যাতন করে হত্যা করে তাঁর লাশ ইছামতি নদীতে ফেলে দেয়।[৩৪৩]
- গত ১৬ এপ্রিল লালমনিরহাট জেলার হাতিবান্ধায় বাংলাদেশী কৃষকরা ঘাস কাটার সময় বিএসএফ সদস্যরা তাঁদের লক্ষ্য করে গুলি চালালে হাসিনুর নামে এক কৃষক গুলিবিদ্ধ হন। পরে বিএসএফ সদস্যরা বাংলাদেশের ভেতরে ঢুকে হাসিনুরকে বেয়নোট দিয়ে খুঁচিয়ে হত্যা করে লাশ নিয়ে যায়।[৩৪৪]
- গত ২৭ এপ্রিল ঝিনাইদহের মহেশপুর সীমান্তে ওবাইদুর রহমান নামে এক বাংলাদেশীকে গুলি করে হত্যা করে ।[৩৪৫]
- গত ৪ মে ব্রাক্ষণবাড়িয়ার কসবা উপজেলার মাদলা সীমান্তে সাকিব নামে এক বাংলাদেশী যুবককে গুলি করে হত্যা করে ।[৩৪৬]
- গত ১৭ মে ঝিনাইদহ জেলার মহেশপুর সীমান্তে নাসির উদ্দিন নামে এক বাংলাদেশী নাগরিককে গুলি করে হত্যা করে ।[৩৪৭]

---

[৩৩৬] সীমান্তে অব্যাহত পুশ ইন জাতিগত দাঙ্গার উসকানি, আমার দেশ, ১৮ জুন ২০২৫; https://www.dailyamardesh.com/amar-desh-special/amdl23jbyoyte
[৩৩৭] প্রথম আলো, ৭ জানুয়ারি ২০২৫; https://en.prothomalo.com/bangladesh/6hmqk831xn
[৩৩৮] যুগান্তর ১০ জানুয়ারি ২০২৫; https://www.jugantor.com/tp-news/901478
[৩৩৯] ঢাকা ট্রিবিউন ৭ ফেব্রুয়ারি ২০২৫; https://bangla.dhakatribune.com/bangladesh/92123/
[৩৪০] সমকাল, ১ মার্চ ২০২৫; https://samakal.com/whole-country/article/283190/
[৩৪১] নিউএইজ, ৮ মার্চ ২০২৫; https://www.newagebd.net/post/Country/259619/
[৩৪২] বাংলাদেশিকে পিটিয়ে হত্যা করল বিএসএফ, যুগান্তর ১০ এপ্রিল ২০২৫; https://www.jugantor.com/tp-news/939340
[৩৪৩] মহেশপুর সীমান্তে বিএসএফ'র পিটুনিতে যুবকের মৃত্যু, মানবজমিন ১৩ এপ্রিল ২০২৫; https://mzamin.com/news.php?news=156318
[৩৪৪] বিএসএফের গুলিতে বাংলাদেশি কৃষক নিহত, সমকাল, ১৬ এপ্রিল ২০২৫; https://samakal.com/whole-country/article/290602/
[৩৪৫] মহেশপুর সীমান্তে বিএসএফের গুলিতে বাংলাদেশি নিহত; দি মিরর এশিয়া ২৭ এপ্রিল ২০২৫ https://bangla.themirrorasia.net/news/2025/04/27/10747
[৩৪৬] কসবায় বিএসএফর গুলিতে বাংলাদেশি নিহত, সমকাল ৫ মে ২০২৫; https://samakal.com/chittagong/article/293926/
[৩৪৭] বিএসএফের গুলিতে আহত মহেশপুরের নাসিরের মৃত্যু, সমকাল ৩১ মে ২০২৫; https://samakal.com/whole-country/article/298177/

- গত ৩১ মে মৌলভীবাজারের কুলাউড়া সীমান্তে প্রদীপ বৈদ্য নামে এক বাংলাদেশী তরুণকে গুলি করে হত্যা করে ।[৩৪৮]
- গত ১৫ জুন পঞ্চগড় সদরের ঘাগড়া সীমান্তে রাজু ইসলাম নামে এক বাংলাদেশী নাগরিককে গুলি করে হত্যা করে ।[৩৪৯]
- গত ২ জুলাই চুয়াডাঙ্গার দামুড়হুদা সীমান্তে ইব্রাহিম নামে এক বাংলাদেশী যুবককে গুলি করে হত্যা করে ।[৩৫০]
- গত ১২ জুলাই ঠাকুগাঁওয়ের হরিপুর সীমান্তে আসকর আলী ও সুনামগঞ্জের দোয়ারাবাজারের বাগানবাড়িতে শফিকুলকে গুলি করে হত্যা করে।[৩৫১]
- গত ২৪ জুলাই ফেনীর পরশুরাম সীমান্তে মোহাম্মদ লিটন ও মোহাম্মদ মিল্লাত হোসেন নামে দুই বাংলাদেশী যুবককে গুলি করে হত্যা করে।[৩৫২],
- গত ৩১ জুলাই চাঁপাইনবাবগঞ্জ সীমান্তে সৈয়বুর রহমান নামে এক বাংলাদেশী যুবককে গুলি করে হত্যা করে।[৩৫৩],
- গত ২ অগাস্ট চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জ সীমান্তে শফিকুল ইসলাম ও সেলিম রেজা নামে দুই বাংলাদেশী নাগরিককে গুলি করে হত্যা করে।[৩৫৪],
- গত ২৯ অগাস্ট সিলেটের কানাইঘাটের দনা সীমান্তে আবদুর রহমান নামে এক বাংলাদেশী যুবককে গুলি করে হত্যা করে।[৩৫৫],
- গত ২৯ নভেম্বর চুয়াডাঙ্গার জীবননগর সীমান্তে শহিদুল ইসলাম শহিদ নামে এক বাংলাদেশী যুবককে বিএসএফ গুলি করে হত্যা করে।[৩৫৬]

---

[৩৪৮] বিএসএফের গুলিতে বাংলাদেশি নিহত, প্রথম আলো ১ জুন ২০২৫; https://www.prothomalo.com/bangladesh/district/vrq0c825s8

[৩৪৯] পঞ্চগড়ে বিএসএফের গুলিতে আহত গরু ব্যবসায়ীর মৃত্যু, যুগান্তর, ১৬ জুন ২০২৫; https://www.jugantor.com/tp-news/965936

[৩৫০] বিএসফের গুলিতে বাংলাদেশী নিহত, আমাার দেশ, ৩ জুলাই ২০২৫; https://images.dailyamardesh.com/cropped-images/image_sl8_row7_date_03-07-2025_edition_2_page15_517526_356244_updated_watermarked_be063402-a41f-463c-b6f5-797ddc440b6c.jpg

[৩৫১] বিএসএফের গুলিতে আরো দুই বাঙলাদেশি নিহত, আমার দেশ ১৩ জুলাই ২০২৫; https://images.dailyamardesh.com/cropped-images/image_sl11_row10_date_13-07-2025_edition_2_page16_556681_130737_updated_watermarked_48ca2376-b4b7-4226-b465-d1e2375ffa1e.jpg


[৩৫২] বিএসএফর গুলিতে দুই বাংলাদেশি নিহত, প্রথম আলো ২৬ জুলাই ২০২৫; https://epaper.prothomalo.com/Home/ShareArticle?OrgId=26777ed1005&eid=1&imageview=0&epedate=26/07/2025&sedId=1

[৩৫৩] বাংলাদেশি যুবককে নৃশংসভাবে হত্যা করল বিএসএফ, আমার দেশ ২ অগাস্ট ২০২৫; https://images.dailyamardesh.com/cropped-images/image_sl7_row6_date_02-08-2025_edition_2_page16_964552_828737_updated_watermarked_3b35ee6f-2485-46e4-97aa-93158aeaf471.jpg , https://images.dailyamardesh.com/cropped-images/image_sl4_row3_date_02-08-2025_edition_2_page15_854076_48774_updated_watermarked_80896045-2fb9-4bd8-8fc2-0c63f9574183.jpg

[৩৫৪] শিবগঞ্জে আরও ২ বাংলাদেশিকে হত্যা, যুগান্তর ৩ অগাস্ট ২০২৫; https://www.jugantor.com/tp-lastpage/985550

[৩৫৫] কানাইঘাট সীমান্তে বিএসএফর গুলিতে যুবক নিহত, সমকাল ৩১ অগাস্ট ২০২৫; https://samakal.com/whole-country/article/313308/

[৩৫৬] কালেরকণ্ঠ ২৯ নভেম্বর ২০২৫; https://www.kalerkantho.com/online/country-news/2025/11/29/1612898




## খ. জোরপূর্বক বাস্তুচ্যুতি

৭০. ভারতীয় ভূখন্ড থেকে মানুষদের জোরপূর্বক বাংলাদেশে ঠেলে দেয়া কোনো নতুন ঘটনা নয়। উদাহরণ হিসেবে বলা যায়, ২০০৩ সালের ফেব্রুয়ারিতে অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল ভারত থেকে প্রায় ২১৩ জন মানুষকে বাংলাদেশে ঠেলে পাঠানোর বিষয়ে সতর্কবার্তা জারি করেছিল।[৩৫৭]

৭১. ২০২৫ সালে ভারতে বসবাসরত বাংলাদেশি নাগরিক, রোহিঙ্গা সম্প্রদায়ের সদস্য এবং বাংলা ভাষাভাষী ভারতীয় মুসলিম নাগরিকদের জোরপূর্বক বাংলাদেশে ঠেলে দেয়া হয়। যাদের ফিরিয়ে দেয়া হয়েছিল, তাদের অধিকাংশকেই নির্যাতনের মাধ্যমে শূন্যরেখা (জিরো লাইন) অতিক্রম করতে বাধ্য করা হয়। এমনকি বিএসএফ সদস্যরা তাদের মালপত্র ও নগদ অর্থও জব্দ করে।

## গ. অন্যান্য উদ্বেগজনক বিষয়াবলী

৭২. ভারতীয় শাসকগোষ্ঠি দুই দেশের মধ্যে বন্দি বিনিময় চুক্তি ভঙ্গ করে গণহত্যার দায়ে মৃত্যুদণ্ডে দণ্ডিত শেখ হাসিনা ও সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালকে বাংলাদেশে ফেরত না পাঠিয়ে বিশেষ মর্যাদায় সেই দেশে রেখে বাংলাদেশের বিরুদ্ধে চক্রান্ত করার সুযোগ করে দিয়েছে[৩৫৮], যা দুই দেশের মধ্যে বন্দী বিনিময় চুক্তির বরখেলাপ।[৩৫৯] এই দুই ব্যক্তি ভারত সরকারের প্রদত্ত বিশেষ সুবিধা ভোগ করে এখনও ভারতে অবস্থান করছে। এর ফলে তারা বাংলাদেশের বিরুদ্ধে ষড়যন্ত্র করতে সক্ষম হচ্ছে।

---

[৩৫৭] https://www.amnesty.org/fr/wp-content/uploads/2021/06/asa200072003en.pdf

[৩৫৮] নিউ এইজ ১৫ অক্টোবর ২০২৪; https://www.newagebd.net/post/politics/247780/

[৩৫৯] ডেইলী স্টার ৭ ফেব্রুয়ারী ২০২৫; https://www.thedailystar.net/news/bangladesh/news/stop-hasina-making-false-remarks-3817666

৭৩. নাশকতার জন্য ভারত থেকে বাংলাদেশের অভ্যন্তরে আগ্নেয়াস্ত্র ঢুকছে বলে অভিযোগ পাওয়া গেছে।[৩৬০] গত ২৬ অক্টোবর ঢাকার বিমানবন্দর রেলওয়ে স্টেশনে বনলতা এক্সপ্রেস নামে একটি ট্রেন থেকে আটটি বিদেশী আগ্নেয়াস্ত্র ও বিস্ফোরক জব্দ করে সেনাবাহিনী। এই ঘটনায় চার জনকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃতরা স্বীকার করেছে যে, অস্ত্রগুলো ভারতের পশ্চিমবঙ্গের ২৪ পরগানা থেকে এসেছে।[৩৬১] এছাড়া ভারতে বাংলাদেশের কূটনৈতিক মিশনগুলোতে উগ্র হিন্দুত্ববাদীরা হামলা, ভাঙচুর, অগ্নিসংযোগ করেছে এবং বাংলাদেশী কূটনীতিকদের হত্যার হুমকি দিয়েছে।[৩৬২]

---

[৩৬০] সীমান্তে ইউপিডিএফ'র অস্ত্রের চালান লুটে মরিয়া জেএসএস, মানবজমিন ৬ অক্টোবর ২০২৫;
https://mzamin.com/news.php?news=183341

[৩৬১] ট্রেনে ব্যাগে মিলল ৮ পিস্তল নাশকতায় ব্যবহারের শঙ্কা, আমার দেশ ২৭ অক্টোবর ২০২৫;
https://images.dailyamardesh.com/cropped-images/image_sl4_row3_date_27-10-2025_edition_2_page1_260616_321759_updated_watermarked_6baf3964-ffcb-4b4c-a834-dbffa6335b24.jpg, https://images.dailyamardesh.com/cropped-images/image_sl3_row2_date_27-10-2025_edition_2_page2_63177_719754_updated_watermarked_17116d53-578d-438c-bfed-4abcfd9961d7.jpg

[৩৬২] ভারতীয়দের তাণ্ডবের পর ভিসা সার্ভিস বন্ধ, আমার দেশ ২৩ ডিসেম্বর ২০২৫;
https://www.dailyamardesh.com/national/amdxwj4nzibyf

# ৭. সুপারিশসমূহঃ

১. আর্ন্তজাতিক অপরাধ ট্রাইব্যুনালের বিচার কার্যক্রমকে স্বচ্ছ করার পাশাপাশি ভিকটিম, ক্ষতিগ্রস্ত পক্ষ এবং স্বজন হারাদের ন্যায় বিচার ও ক্ষতিপূরণ নিশ্চিত করতে হবে।

২. বিচারবহির্ভূত হত্যাকাণ্ড, নির্যাতন এবং অমানবিক ঘটনাগুলোর সঙ্গে জড়িত আইন প্রয়োগকারী সংস্থাগুলোর সংশ্লিষ্ট সদস্যদের বিচারের আওতায় আনতে হবে। র‌্যাবকে বিলুপ্ত করতে হবে।

৩. নির্যাতন ও হেফাজতে মৃত্যু (নিবারণ) আইন, ২০১৩ এর প্রয়োগ নিশ্চিত করতে হবে। ২০০৩ সালে সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ এবং এরপর আপিল বিভাগ কর্তৃক ব্লাস্ট বনাম বাংলাদেশ মামলায় রিমান্ডে নিয়ে নির্যাতন বন্ধের বিষয়ে যে নির্দেশনা দেয়া হয়েছিল, তার বাস্তবায়ন করতে হবে।

৪. রাজনৈতিক দলগুলোর নেতা-কর্মীদের রাজনৈতিক সহিংসতা ও দুর্বৃত্তায়ন বন্ধ করে গণতান্ত্রিক পথে দেশকে এগিয়ে নিতে সচেষ্ট থাকতে হবে। বাংলাদেশের সকল নাগরিকের মানবাধিকার ও মর্যাদা পুনরুদ্ধারে রাজনৈতিক সদিচ্ছা সর্বাধিক গুরুত্বপূর্ণ।

৫. কারা কর্মকর্তাদের অনিয়ম-অবহেলা-দুর্নীতির অভিযোগ তদন্ত করে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং কারাবন্দীদের ওপর নির্যাতন-নিপীড়নসহ সমস্ত ধরনের মানবাধিকার লঙ্ঘন বন্ধ করতে হবে এবং অসুস্থ বন্দীদের যথাযথ চিকিৎসা নিশ্চিত করতে হবে।

৬. সর্বস্তরে মতপ্রকাশ ও গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত করতে হবে। সাংবাদিকদের ওপর হামলার ঘটনাগুলোর সুষ্ঠু তদন্ত সাপেক্ষে দোষী ব্যক্তিদের বিচারের সম্মুখীন করতে হবে।

৭. কার্যকর বিচার নিশ্চিত করার জন্য ভুক্তভোগী ও সাক্ষি সুরক্ষা আইন প্রণয়ন করতে হবে। একই সঙ্গে মানবাধিকারকর্মীদের সুরক্ষার জন্যও একটি আইন প্রণয়ন করতে হবে, যাতে মানবাধিকারকর্মীরা সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে নিরাপদে তাঁদের কাজ অব্যাহত রাখতে পারেন।

৮. বাংলাদেশে সবার মানবাধিকার ও মানব মর্যাদার প্রতি নিরপেক্ষ, শ্রদ্ধাশীল ও অঙ্গীকারবদ্ধ ব্যক্তিদের নিয়ে একটি সম্পূর্ণ স্বাধীন জাতীয় মানবাধিকার কমিশন (এনএইচআরসি) গঠন অত্যন্ত জরুরি। আশা করা হচ্ছে, পরবর্তী এনএইচআরসি এই ধরনের যোগ্য ও দক্ষ ব্যক্তিদের নিয়ে গঠিত ও পরিচালিত হবে।

৯. নারী ও শিশুদের বিরুদ্ধে সহিংসতা বন্ধ করতে হলে কেবল অপরাধীদের গ্রেপ্তার ও বিচার করলেই যথেষ্ট নয়; সমাজকে শিক্ষিত করাও জরুরি, যাতে বুলিং ও হয়রানির বিষয়গুলো সম্পর্কে সচেতনতা ও বোঝাপড়া বৃদ্ধি পায় এবং পারস্পরিক সম্মানের চর্চা উৎসাহিত হয়। ধর্ষণ ও নারীর বিরুদ্ধে সহিংসতার মামলায় সালিশ বা অনানুষ্ঠানিক সমঝোতা বন্ধ করতে হবে। নারীদের জন্য ন্যায়বিচার নিশ্চিত করতে পুলিশকে যথাযথ তদন্ত পরিচালনা করতে হবে, অভিযুক্তদের গ্রেপ্তার করতে হবে এবং তাদের বিচারিক প্রক্রিয়ার আওতায় আনতে হবে। 'ধর্ষণ'-এর সংজ্ঞা সংশোধন করতে হবে। সিডও (CEDAW)-এর ওপর আরোপিত রিজারভেশনসমূহ প্রত্যাহার করতে হবে।

১০. সীমান্তে বাংলাদেশী নাগরিকদের ভারতীয় বিএসএফ কর্তৃক হত্যা, নির্যাতনসহ সব ধরণের মানবাধিকার লঙ্ঘন বন্ধ করতে হবে। ভারত সরকার কর্তৃক অবৈধ পুশ-ইন বন্ধ করতে হবে এবং যথাযথ কূটনৈতিক প্রক্রিয়ার মাধ্যমে ভারতে অবৈধভাবে অবস্থানরত বাংলাদেশী নাগরিকদের ফিরিয়ে আনার ব্যবস্থা করতে হবে। বাংলাদেশের প্রতি ভারতের আধিপত্য এবং আগ্রাসী আচরণ বন্ধ করতে হবে।

# ৮. সংযুক্তি

## ক. অন্তর্বর্তী সরকারের আমলে মানবাধিকার লংঘনের পরিসংখ্যান

অন্তর্বর্তী সরকার

মানবাধিকার লঙ্ঘনের পরিসংখ্যান : আগস্ট ২০২৪ - ডিসেম্বর ২০২৫*

| মানবাধিকার লঙ্ঘনের ধরন | | ০৬-৩১ আগস্ট '২৪ | সেপ্টেম্বর '২৪ | অক্টোবর '২৪ | নভেম্বর '২৪ | ডিসেম্বর '২৪ | জানুয়ারি '২৫ | ফেব্রুয়ারি '২৫ | মার্চ '২৫ | এপ্রিল '২৫ | মে '২৫ | জুন '২৫ | জুলাই '২৫ | আগস্ট '২৫ | সেপ্টেম্বর '২৫ | অক্টোবর '২৫ | নভেম্বর '২৫ | ডিসেম্বর '২৫ | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| বিচারবহির্ভূত হত্যাকাণ্ড | নির্যাতনে মৃত্যু | ০ | ৫ | ১ | ১ | ০ | ১ | ০ | ১ | ০ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ২ | ১ | ১৮ |
| | গুলিতে নিহত | ০ | ৪ | ০ | ০ | ০ | ১ | ৩ | ০ | ১ | ২ | ২ | ৫ | ০ | ১ | ১ | ০ | ০ | ২০ |
| | পিটিয়ে হত্যা | ০ | ০ | ০ | ০ | ১ | ৩ | ০ | ০ | ০ | ১ | ০ | ০ | ২ | ০ | ০ | ০ | ০ | ৭ |
| | **মোট** | **০** | **৯** | **১** | **১** | **১** | **৫** | **৩** | **১** | **১** | **৪** | **৩** | **৬** | **৩** | **২** | **২** | **২** | **১** | **৪৫** |
| কারাগারে মৃত্যু | | ৪ | ৫ | ৪ | ৩ | ৪ | ৬ | ৬ | ৭ | ১২ | ৫ | ৫ | ১১ | ১১ | ৫ | ১১ | ১৪ | ৯ | ১২২ |
| মৃতুদণ্ডাদেশ | | ১৮ | ১০ | ৩৮ | ৮ | ০ | ৭ | ১১ | ৬ | ১৪ | ৪২ | ৬ | ৪৬ | ৩১ | ৫ | ২৯ | ২৩ | ৩ | ২৯৭ |
| বিএসএফ কর্তৃক মানবাধিকার লঙ্ঘন | বাংলাদেশী নিহত | ১ | ২ | ২ | ০ | ৫ | ২ | ৩ | ১ | ৫ | ৩ | ১ | ৬ | ৪ | ০ | ০ | ৩ | ৪ | ৪২ |
| | বাংলাদেশী আহত | ২ | ০ | ১ | ২ | ১ | ৩ | ৫ | ১ | ১ | ৪ | ০ | ৪ | ৮ | ২ | ০ | ৪ | ২ | ৪০ |
| | পুশ ইন | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ১১৩৬ | ৬৫৩ | ৩১৫ | ১৩৮ | ৯১ | ১১ | ০ | ৮১ | ২৪২৫ |
| | **মোট** | **৩** | **২** | **৩** | **২** | **৬** | **৫** | **৮** | **২** | **৬** | **১১৪৩** | **৬৫৪** | **৩২৫** | **১৫০** | **৯৩** | **১১** | **৭** | **৮৭** | **২৫০৭** |
| সাংবাদিকদের ওপর আক্রমণ | আহত | ৫ | ২ | ৩ | ৫ | ৩ | ৭ | ২০ | ২০ | ৫ | ২৩ | ২ | ৬ | ১৬ | ১২ | ১৬ | ১৯ | ১ | ১৬৫ |
| | নিহত | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ১ | ০ | ১ | ০ | ০ | ২ |
| | লাঞ্ছিত | ০ | ০ | ২ | ২ | ২ | ৪ | ১ | ৫ | ৩ | ৩ | ১০ | ১ | ০ | ১০ | ১৩ | ২ | ৩২ | ৯০ |
| | আক্রমণ | ০ | ০ | ১ | ২ | ০ | ০ | ১ | ০ | ০ | ০ | ১ | ০ | ০ | ০ | ০ | ০ | ৫ | ১০ |
| | হুমকি | ৩ | ০ | ০ | ১ | ২ | ০ | ৩ | ২ | ৯ | ২ | ০ | ৩ | ২ | ৪ | ৫ | ৫ | ১ | ৪২ |
| | মামলা | ০ | ৩ | ০ | ০ | ০ | ০ | ০ | ৩ | ৫ | ০ | ২ | ৫ | ৭ | ৮ | ১ | ১২ | ১ | ৪৭ |
| | **মোট** | **৮** | **৫** | **৬** | **১০** | **৭** | **১১** | **২৫** | **৩০** | **২২** | **২৮** | **১৫** | **১৫** | **২৬** | **৩৪** | **৩৬** | **৩৮** | **৪০** | **৩৫৬** |
| রাজনৈতিক সহিংসতা | নিহত | ৩৩ | ১৯ | ১৯ | ১০ | ৯ | ১৪ | ১৩ | ৪৪ | ৩১ | ২২ | ২১ | ১৯ | ১২ | ১৫ | ১৮ | ১৮ | ১১ | ৩২৮ |
| | আহত | ৪৬৭ | ৮৪৩ | ৪৫৯ | ২৫৬ | ৪৫৩ | ৪৭০ | ৬৩২ | ৯০০ | ৭৬৭ | ৪২৫ | ৪৮৯ | ৫৭৯ | ৬৫৮ | ৩০০ | ৪৮০ | ৭২০ | ২৮৪ | ৯১৮২ |
| | **মোট** | **৫০০** | **৮৬২** | **৪৭৮** | **২৬৬** | **৪৬২** | **৪৮৪** | **৬৪৫** | **৯৪৪** | **৭৯৮** | **৪৪৭** | **৫১০** | **৫৯৮** | **৬৭০** | **৩১৫** | **৪৯৮** | **৭৩৮** | **২৯৫** | **৯৫১০** |
| নির্বাচনী সহিংসতা** | নিহত | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| | আহত | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| | **মোট** | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| নারীর ওপর যৌতুক সহিংসতা | নিহত | ৩ | ১ | ২ | ১ | ০ | ১ | ৫ | ২ | ৩ | ৩ | ৭ | ২ | ২ | ২ | ৪ | ৪ | ২ | ৪৪ |
| | শারিরীক সহিংসতা | ১ | ৩ | ০ | ০ | ২ | ১ | ১ | ৪ | ৩ | ১ | ৬ | ৩ | ২ | ০ | ৫ | ১ | ০ | ৩৩ |
| | আত্মহত্যা | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ১ | ০ | ০ | ০ | ০ | ০ | ১ | ০ | ১ | ০ | ৩ |
| | **মোট** | **৪** | **৪** | **২** | **১** | **২** | **২** | **৬** | **৭** | **৬** | **৪** | **১৩** | **৫** | **৪** | **৩** | **৯** | **৬** | **২** | **৮০** |
| ধর্ষণ | মেয়ে শিশু (১৮ বছরের নিচে) | ৯ | ১৫ | ৩০ | ১০ | ১৫ | ২৪ | ৩৯ | ১০১ | ৫৩ | ২৮ | ৩০ | ৪৪ | ৪১ | ৩৫ | ৭০ | ২৪ | ১৯ | ৫৮৭ |
| | প্রাপ্ত বয়স্ক নারী | ৬ | ১২ | ২২ | ৭ | ১০ | ৬ | ১২ | ৪৫ | ৩১ | ২৬ | ৩৪ | ২৬ | ৩৪ | ২৬ | ৩৭ | ১৭ | ৮ | ৩৫৯ |
| | বয়স জানা যায়নি | ৩ | ২ | ১ | ০ | ০ | ১৮ | ১৪ | ২১ | ৮ | ৭ | ৭ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৮১ |
| | **মোট** | **১৮** | **২৯** | **৫৩** | **১৭** | **২৫** | **৪৮** | **৬৫** | **১৬৭** | **৯২** | **৬১** | **৭১** | **৭০** | **৭৫** | **৬১** | **১০৭** | **৪১** | **২৭** | **১০২৭** |
| স্টকিং | | ১ | ২ | ৩ | ১ | ০ | ০ | ৪ | ১০ | ৭ | ৭ | ২ | ৫ | ১ | ২ | ৩ | ১ | ১ | ৫০ |
| গণপিটুনীতে মৃত্যু | | ১৪ | ১৭ | ১২ | ৩ | ১০ | ৬ | ১৩ | ১৪ | ৭ | ৮ | ৪ | ১১ | ১৫ | ১৯ | ৮ | ১৩ | ৭ | ১৮১ |

* অধিকার ডকুমেন্টেশন

**১১ ডিসেম্বর ২০২৫ এ নির্বাচনী তফসিল ঘোষনার পর থেকেই রাজনৈতিক সহিংসতার ঘটনাগুলো নির্বাচনি সহিংসতা হিসেবে গন্য করা হয়েছে।

# খ. আওয়ামীলীগ সরকারের আমলে মানবাধিকার লংঘনের পরিসংখ্যান

মানবাধিকার লঙ্ঘনের পরিসংখ্যান : ২০০৯ - ৫ আগস্ট ২০২৪*

| মানবাধিকার লঙ্ঘনের ধরন | | ২০০৯ | ২০১০ | ২০১১ | ২০১২ | ২০১৩ | ২০১৪ | ২০১৫ | ২০১৬ | ২০১৭ | ২০১৮ | ২০১৯ | ২০২০ | ২০২১ | ২০২২ | ২০২৩ | ৫ আগস্ট ২০২৪ | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| বিচারবহির্ভূত হত্যাকাণ্ড | ক্রসফায়ার | ১২৯ | ১০১ | ৬৫ | ৫৩ | ৬৫ | ১১৯ | ১৪৮ | ১৫১ | ১৩৯ | ৪৫৮ | ৩৭৬ | ১৯৬ | ৫৩ | ৭ | ৪ | ০ | ২০৬৪ |
| | গুলিতে নিহত | ৪ | ২ | ১ | ৮ | ২৪৫ | ৩৮ | ২২ | ১৩ | ১ | ২ | ৮ | ৮ | ৪৫ | ১২ | ১১ | ১ | ৪২১ |
| | নির্যাতনে মৃত্যু | ২১ | ২২ | ১৭ | ৭ | ১১ | ১১ | ৮ | ১১ | ১৩ | ৬ | ৬ | ১৯ | ৮ | ১০ | ৮ | ৪ | ১৮২ |
| | পিটিয়ে হত্যা | ০ | ২ | ১ | ২ | ৭ | ৪ | ৩ | ৩ | ২ | ০ | ১ | ২ | ১ | ১ | ১ | ১ | ৩১ |
| | অন্যান্য | ০ | ০ | ০ | ০ | ১ | ০ | ৫ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ১ | ০ | ০ | ৭ |
| | মোট | ১৫৪ | ১২৭ | ৮৪ | ৭০ | ৩২৯ | ১৭২ | ১৮৬ | ১৭৮ | ১৫৫ | ৪৬৬ | ৩৯১ | ২২৫ | ১০৭ | ৩১ | ২৪ | ৬ | ২৭০৫ |
| নির্বিচারে হত্যা** | | | | | | | | | | | | | | | | ১৪০০ | | |
| কারাগারে মৃত্যু | কারাগারে মৃত্যু | ৫০ | ৬০ | ১০৫ | ৬৩ | ৫৯ | ৫৪ | ৫১ | ৬৩ | ৫৮ | ৮১ | ৬০ | ৭৬ | ৭২ | ৬৮ | ১২৮ | ৬৩ | ১১১১ |
| মৃত্যুদণ্ড | মৃত্যুদণ্ডাদেশ | থ | ৭৬ | ৯৭ | ৭৭ | ২৯১ | ১৭৬ | ১৭৩ | ২৪১ | ৩০৩ | ৩১৯ | ৩২৭ | ২১৮ | ৩২০ | ৩৩৮ | ৩৯০ | ২৩৩ | ৩৫৭৯ |
| | মৃত্যুদণ্ড কার্যকর | থ | ৯ | ৪ | ১ | ২ | ০ | ৩ | ৭ | ৩ | ০ | ২ | ২ | ৫ | ৪ | ৫ | ০ | ৪৭ |
| বিএসএফ কর্তৃক মানবাধিকার লঙ্ঘন | বাংলাদেশী নিহত | ৯৮ | ৭৪ | ৩১ | ৩৮ | ২৯ | ৩৫ | ৪৪ | ২৯ | ২৫ | ১১ | ৪১ | ৫১ | ১৭ | ১৮ | ২৮ | ১৫ | ৫৮৪ |
| | বাংলাদেশী আহত | ৭৭ | ৭২ | ৬২ | ১০০ | ৭৯ | ৬৮ | ৬০ | ৩৬ | ৩৯ | ২৪ | ৪০ | ২৭ | ১২ | ২১ | ২৮ | ২৩ | ৭৬৮ |
| | মোট | ১৭৫ | ১৪৬ | ৯৩ | ১৩৮ | ১০৮ | ১০৩ | ১০৪ | ৬৫ | ৬৪ | ৩৫ | ৮১ | ৭৮ | ২৯ | ৩৯ | ৫৬ | ৩৮ | ১৩৫২ |
| সাংবাদিকদের ওপর আক্রমণ | আহত | ৮৪ | ১১৮ | ১৩৯ | ১৬১ | ১৪৬ | ৯২ | ৯০ | ৫৩ | ২৪ | ৭১ | ৪৫ | ৭৪ | ৪৩ | ১০৩ | ১৮৩ | ১৩৫ | ১৫৬১ |
| | নিহত | ৩ | ৪ | ০ | ৫ | ০ | ১ | ১ | ০ | ১ | ০ | ০ | ০ | ১ | ২ | ৩ | ৫ | ২৬ |
| | লাঞ্ছিত | ৪৫ | ৪৩ | ৪৩ | ৫০ | ৩৭ | ২৪ | ১০ | ১৬ | ৯ | ২২ | ৫ | ৩১ | ২৬ | ৩৭ | ৬১ | ২৭ | ৪৮৬ |
| | মোট | ১৩২ | ১৬৫ | ১৮২ | ২১৬ | ১৮৩ | ১১৭ | ১০১ | ৬৯ | ৩৪ | ৯৩ | ৫০ | ১০৫ | ৭০ | ১৪২ | ২৪৭ | ১৬৭ | ২০৭৩ |
| রাজনৈতিক সহিংসতা | নিহত | ২৫১ | ২২০ | ১৩৫ | ১৬৯ | ৫০৪ | ১৯০ | ১৯৭ | ২১৫ | ৭৭ | ১২০ | ৭০ | ৭৩ | ১৮২ | ১২১ | ১০৬ | ১৯৯ | ২৮২৯ |
| | আহত | ১৫৫৫৯ | ১৩৯৯৯ | ১১৫৩২ | ১৭১৬১ | ২৪১৭৬ | ৯৪২৯ | ৮৩১২ | ৯০৫৩ | ৪৬৩৫ | ৭০৫১ | ৩৪৬৭ | ২৮৮৩ | ৮৫৫৮ | ৭৪৬৭ | ৮৭৩১ | ৬৯৭৯ | ১৫৮৯৯২ |
| | মোট | ১৫৮১০ | ১৪২১৯ | ১১৬৬৭ | ১৭৩৩০ | ২৪৬৮০ | ৯৬১৯ | ৮৫০৯ | ৯২৬৮ | ৪৭১২ | ৭১৭১ | ৩৫৩৭ | ২৯৫৬ | ৮৭৪০ | ৭৫৮৮ | ৮৮৩৭ | ৭১৭৮ | ১৬১৮২১ |
| নারীর ওপর যৌতুক সহিংসতা | নিহত | ২২৭ | ২৩৫ | ৩০৫ | ২৭৩ | ১৫৮ | ১২৩ | ১১৯ | ১০৭ | ১১৮ | ৭১ | ৪৮ | ৮৯ | ৭২ | ১১১ | ৬৬ | ২২ | ২১৪৪ |
| | শারিরীক সহিংসতা | ৮১ | ১২২ | ১৯২ | ৫৩৫ | ২৬১ | ১০৩ | ৭৭ | ৯৪ | ১২৭ | ৬৯ | ৫৫ | ১০৬ | ১১৮ | ১০০ | ৬৬ | ২৩ | ২১২৯ |
| | আত্মহত্যা | ১১ | ২২ | ১৯ | ১৪ | ১৭ | ১১ | ৬ | ৫ | ১১ | ২ | ০ | ৪ | ৭ | ১৩ | ৯ | ৩ | ১৫৪ |
| | মোট | ৩১৯ | ৩৭৯ | ৫১৬ | ৮২২ | ৪৩৬ | ২৩৭ | ২০২ | ২০৬ | ২৫৬ | ১৪২ | ১০৩ | ১৯৯ | ১৯৭ | ২২৪ | ১৪১ | ৪৮ | ৪৪২৭ |
| ধর্ষণ | মেয়ে শিশু (১৮ বছরের নিচে) | ২৪৩ | ৩১১ | ৪৫০ | ৪৭৩ | ৪৫২ | ৩৯৩ | ৪৭৯ | ৫১১ | ৫৫৩ | ৪৫৭ | ৭৩৭ | ৯১৯ | ৮০৯ | ৬৫৬ | ৪৫২ | ২০১ | ৮০৯৬ |
| | প্রাপ্ত বয়স্ক নারী | ২১৩ | ২৪৮ | ২৪৬ | ২৯৯ | ৩৩৬ | ২৪৪ | ২৯৩ | ২৩২ | ২২৫ | ১৭৬ | ৩৩০ | ৫৭৭ | ৫৫৬ | ৪২০ | ৩২৪ | ১১৯ | ৪৮৩৮ |
| | বয়স জানা যায়নি | ০ | ০ | ১৫ | ৩৩ | ২৬ | ২৯ | ১৭ | ১৪ | ৫ | ২ | ১৩ | ৪২ | ৪৬ | ১ | ৬ | ৭০ | ৩১৯ |
| | মোট | ৪৫৬ | ৫৫৯ | ৭১১ | ৮০৫ | ৮১৪ | ৬৬৬ | ৭৮৯ | ৭৫৭ | ৭৮৩ | ৬৩৫ | ১০৮০ | ১৫৩৮ | ১৪১১ | ১০৭৭ | ৭৮২ | ৩৯০ | ১৩২৫৩ |
| স্টকিং | | থ | থ | ৬৭২ | ৪৭৯ | ৩৫৭ | ২৭২ | ১৯১ | ২৭১ | ২৪২ | ১৫৭ | ১৮৯ | ১৫৭ | ১১৩ | ১৯৯ | ৮০ | ৩৩ | ৩৪১২ |
| গণপিটুনীতে মৃত্যু | | ১২৭ | ১৭৪ | ১৬১ | ১৩২ | ১২৫ | ১১৬ | ১৩২ | ৫৩ | ৪৭ | ৪৮ | ৫৬ | ৪০ | ২৯ | ৩৭ | ৬০ | ৬৫ | ১৪০২ |

* অধিকার ডকুমেন্টেশন

** OHCHR এর ফ্যাক্ট-ফাইন্ডিং প্রতিবেদনে প্রকাশ পেয়েছে যে ২০২৪ সালের জুলাইয়ে বাংলাদেশে সংঘটিত অভ্যুত্থানের সময় বিভিন্ন আইনশৃঙ্খলা বাহিনী, নিরাপত্তা বাহিনী এবং আওয়ামী লীগের হাতে প্রায় ১,৪০০ মানুষ নিহত হয়েছেন।

**Website:** www.Odhikar.org
**Email:** Odhikar.bd@gmail.com,Odhikar.documentation@gmail.com
**Facebook:** https://www.facebook.com/Odhikar.HumanRights
**Twitter:** @odhikar_bd
**Cell Number: +880 1335 084 080**